আরও
চাকরির খবর
ভেতরের পাতায়

SKILL BANGLA
www.skillbangla.in

ISSN 0971-7765

# কর্মক্ষেত্র

পি এস সি-র মাধ্যমে
মিসলেনিয়াস
প্রিলিমিনারি
পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর
...পৃঃ ৮

বর্ষ ৪৭ সংখ্যা ৮ কলকাতা বুধবার, ৯ সেপ্টেম্বর ২০২৬/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ২৩ ভাদ্র ১৪৩৩ দাম ৭.০০ টাকা ১২ পাতা R. N. 37120/80

# গ্রামীণ ব্যাঙ্কে ১৩৭০৬ অফিসার ও অফিস অ্যাসিস্ট্যান্ট

**অনলাইন প্রিলিমিনারি পরীক্ষা নভেম্বর-ডিসেম্বর মাসে**
**অনলাইন দরখাস্ত করা যাবে ২১ সেপ্টেম্বর পর্যন্ত**

দেশের গ্রামীণ ব্যাঙ্কগুলিতে ১৩,৭০৬ জন অফিসার ও অফিস অ্যাসিস্ট্যান্ট (মাল্টি-পারপাস) নিয়োগের যোগ্যতা নির্ণায়ক অনলাইন পরীক্ষা নেবে ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন (আইবিপিএস)। অফিস অ্যাসিস্ট্যান্ট (মাল্টি-পারপাস) ও অফিসার স্কেল-ওয়ান পদের ক্ষেত্রে প্রিলিমিনারি পরীক্ষা নভেম্বর-ডিসেম্বর মাসে। মেন/সিঙ্গল (স্কেল-টু ও থ্রি) পরীক্ষা হবে ডিসেম্বর থেকে পরের বছরের ফেব্রুয়ারি মাসের মধ্যে। এই পরীক্ষায় সফল হলে ভারতের বিভিন্ন রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের গ্রামীণ ব্যাঙ্কগুলিতে গ্রুপ-'এ' অফিসার (স্কেল ওয়ান, স্কেল টু এবং স্কেল থ্রি) এবং গ্রুপ-'বি' অফিস অ্যাসিস্ট্যান্ট (মাল্টি-পারপাস) পদে নিয়োগ পাওয়ার প্রাথমিক যোগ্যতা অর্জন করা যাবে। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে। দেশের ২৮টি গ্রামীণ ব্যাঙ্কে অফিসার ও অফিস অ্যাসিস্ট্যান্ট পদে চাকরি পেতে আগ্রহীদের আইবিপিএস-এর এই অনলাইন পরীক্ষায় সফল হতে হবে। পরীক্ষায় সফলরা স্কোরকার্ড পাবেন। এই স্কোরকার্ড বৈধ থাকবে ইস্যু হওয়ার তারিখ থেকে ১ বছর।

মনে রাখবেন, গ্রামীণ ব্যাঙ্কে অফিস অ্যাসিস্ট্যান্ট ও অফিসার স্কেল-ওয়ান পদের ক্ষেত্রে যে-রাজ্য বা কেন্দ্রশাসিত অঞ্চলের শূন্যপদে দরখাস্ত করবেন, প্রার্থীকে সেই এলাকার স্থানীয় ভাষা জানতে হবে এবং অষ্টম শ্রেণিতে সেই ভাষা পড়ে থাকতে হবে। অবশ্য যাঁরা স্থানীয় ভাষা জানেন না, তাঁরাও আবেদন করতে পারবেন। সেক্ষেত্রে কাজে নিয়োগের ৬ মাসের মধ্যে তাঁদের সংশ্লিষ্ট ভাষায় দক্ষ হয়ে উঠতে হবে। আরআরবি বোর্ডের অনুমতিক্রমে এই মেয়াদ বাড়তে পারে।

আইবিপিএসের ২৮টি গ্রামীণ ব্যাঙ্কের মধ্যে পশ্চিমবঙ্গের একটি মাত্র গ্রামীণ ব্যাঙ্ক রয়েছে— পশ্চিমবঙ্গ গ্রামীণ ব্যাঙ্ক। পশ্চিমবঙ্গের প্রার্থীরা এ রাজ্যের জন্য নির্ধারিত অফিসার স্কেল-ওয়ান এবং অফিস অ্যাসিস্ট্যান্ট পদে ছাড়াও অসম গ্রামীণ ব্যাঙ্কে আবেদন করতে পারবেন, সেখানকার অন্যতম স্থানীয় ভাষা বাংলা। এ ছাড়া স্থানীয় ভাষা হিসেবে ইংরেজি গ্রাহ্য অরুণাচল প্রদেশ রুরাল ব্যাঙ্ক ও নাগাল্যান্ড রুরাল ব্যাঙ্কে। হিন্দি স্থানীয় ভাষা হিসেবে গ্রাহ্য এই সব গ্রামীণ ব্যাঙ্কে— বিহার গ্রামীণ ব্যাঙ্ক, ছত্তিসগড় রাজ্য গ্রামীণ ব্যাঙ্ক, সর্ব হরিয়ানা গ্রামীণ ব্যাঙ্ক, হিমাচল প্রদেশ গ্রামীণ ব্যাঙ্ক, ঝাড়খণ্ড রাজ্য গ্রামীণ ব্যাঙ্ক, মধ্যপ্রদেশ গ্রামীণ ব্যাঙ্ক, রাজস্থান গ্রামীণ ব্যাঙ্ক, উত্তরপ্রদেশ গ্রামীণ ব্যাঙ্ক, উত্তরাখণ্ড গ্রামীণ ব্যাঙ্ক। ইংরেজি বা হিন্দি অষ্টম বা উচ্চতর শ্রেণিতে অন্যতম বিষয় হিসেবে পড়ে থাকলে এই সব ব্যাঙ্কের শূন্যপদেও আবেদন করা যায়। দরখাস্তের সময় সংশ্লিষ্ট ভাষাটি না জানলে, চাকরি পাওয়ার পর নির্দিষ্ট সময়সীমার মধ্যে আত্মস্থ করার সুযোগ মিলবে।

এখানে স্থানীয় ভাষা হিসেবে বাংলা, যে-গ্রামীণ ব্যাঙ্কগুলিতে স্বীকৃত, সেগুলির জন্য নির্ধারিত শূন্যপদের বিস্তারিত বিবরণ দেওয়া হল।

**পদ ও ব্যাঙ্ক অনুসারে শূন্যপদের বিন্যাস: অফিস অ্যাসিস্ট্যান্ট:**

এরপর চারের পাতায়

স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে

# কেন্দ্রীয় সরকারে ১৭৪৮ ইঞ্জিনিয়ার

বিভিন্ন ইঞ্জিনিয়ারিং শাখায় ১,৭৪৮ জন জুনিয়র ইঞ্জিনিয়ার নেবে কেন্দ্রীয় সরকার। নিয়োগ করা হবে ভারত সরকারের বর্ডার রোডস অর্গানাইজেশন, ব্রহ্মপুত্র বোর্ড, সেন্ট্রাল ওয়াটার কমিশন, ডিরেক্টোরেট জেনারেল অব কোয়ালিটি অ্যাশিওরেন্স-ন্যাভাল, সেন্ট্রাল পাবলিক ওয়ার্কস ডিপার্টমেন্ট, সেন্ট্রাল ওয়াটার অ্যান্ড পাওয়ার রিসার্চ স্টেশন, মিলিটারি ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস, ফরাক্কা ব্যারেজ প্রোজেক্ট, ন্যাশনাল টেকনিক্যাল রিসার্চ অর্গানাইজেশন, ডিরেক্টোরেট জেনারেল অব লাইটহাউসেস অ্যান্ড লাইটশিপস, ডিপার্টমেন্ট অব টেলিকমিউনিকেশন, ইন্ডিয়া মেটিরিয়োলজিক্যাল ডিপার্টমেন্ট এবং মিনিস্ট্রি অব ফিশারিজ, অ্যানিম্যাল হাজবেন্ড্রি অ্যান্ড ডেয়ারিংয়ে। 'জুনিয়র ইঞ্জিনিয়ার এক্সামিনেশন, ২০২৬'-এর মাধ্যমে প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে।

**সংস্থা অনুসারে শিক্ষাগত যোগ্যতা: বর্ডার রোডস অর্গানাইজেশন: জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল):** সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি অথবা ৩ বছরের ডিপ্লোমা। ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে সিভিল ইঞ্জিনিয়ারিং-সংক্রান্ত প্ল্যানিং, এক্সিকিউশন ও মেইন্টেন্যান্সের কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল ও মেকানিক্যাল):** ইলেক্ট্রিক্যাল বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি। অথবা

এরপর দুয়ের পাতায়

## বরোদা গ্লোবালে ১৯৪১

বিভিন্ন পদে ১,৯৪১ জন কর্মী নেবে বরোদা গ্লোবাল শেয়ার্ড সার্ভিসেস। এটি ব্যাঙ্ক অব বরোদার অধীনস্থ একটি সংস্থা। প্রার্থীদের গান্ধীনগর, ব্যাঙ্গালোর, ভদোদরা, মুম্বই-সহ দেশের বিভিন্ন শহরে নিয়োগ করা হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: ২৩/১৩।

**শূন্যপদের বিন্যাস: অ্যাপ্রেন্টিস (টেলি কলিং):** ১৫০টি। **টেলি-কালেকশন এজেন্ট (ডেট রিকভারি এজেন্টস):** ১০০টি। **এক্সিকিউটিভ-**

এরপর চারের পাতায়

# ব্যাঙ্ক অব বরোদায় ১১০০

## ওয়েল্‌থ এক্সিকিউটিভ, ক্রেডিট অ্যানালিস্ট

ওয়েল্‌থ এক্সিকিউটিভ ও ক্রেডিট অ্যানালিস্ট পদে ১,১০০ জনকে নেবে ব্যাঙ্ক অব বরোদা। নিয়োগ করা হবে জুনিয়র ম্যানেজমেন্ট গ্রেড স্কেল-ওয়ান এবং মিডল ম্যানেজমেন্ট গ্রেড স্কেল-টুয়ে। প্রথমে ১ বছরের প্রবেশন। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: BOB/HRM/REC/ADVT/2026/17.

**শূন্যপদের বিবরণ: ওয়েল্‌থ এক্সিকিউটিভ (জেএমজি/এস-ওয়ান):** ১,০০০টি (সাধারণ ৪০৫, তফসিলি জাতি ১৫০, তফসিলি উপজাতি ৭৫, ওবিসি ২৭০, আর্থিক ভাবে অনগ্রসর ১০০)। এর মধ্যে ৪০টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে নিম্নলিখিত যে-কোনও একটি সার্টিফিকেট থাকতে হবে— আইসি ৩৮ (ইনশিওরেন্স ইনস্টিটিউট অব ইন্ডিয়া), এনআইএসএম সিরিজ ৫-এ, এনআইএসএম সিরিজ ২১-এ, এনআইএসএম সিরিজ ৫-ডি। ম্যানেজমেন্টে ২ বছরের পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমা অথবা ফিনান্স বা মার্কেটিং বা ব্যাঙ্কিংয়ে স্পেশ্যালাইজেশন-সহ এমবিএ থাকলে অগ্রাধিকার।

এরপর চারের পাতায়

## রাষ্ট্রায়ত্ত সংস্থায় ১১০

বিভিন্ন পদে ১১০ জনকে নেবে মিনারেল এক্সপ্লোরেশন অ্যান্ড কনসাল্টেন্সি। এটি কেন্দ্রের খনি মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। প্রথমে ১ বছরের প্রবেশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 03/Rectt./2026.

**শূন্যপদের বিবরণ: অ্যাকাউন্ট্যান্ট:** ৬টি (তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ওবিসি ২)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ৪টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক।

এরপর এগারোর পাতায়

ইউপিএসসি-র মাধ্যমে

# কেন্দ্রীয় সরকারে ১২৩

জিওলজিস্ট ও অ্যাসিস্ট্যান্ট জিওলজিস্ট, কেমিস্ট ও অ্যাসিস্ট্যান্ট কেমিস্ট, সায়েন্টিস্ট 'বি' (হাইড্রোজিওলজি) ও অ্যাসিস্ট্যান্ট হাইড্রোজিওলজিস্ট এবং অ্যাসিস্ট্যান্ট জিওফিজিসিস্ট পদে ১২৩ জনকে নিয়োগ করবে কেন্দ্রীয় সরকারের খনি মন্ত্রকের অধীনস্থ জিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়া এবং জলশক্তি মন্ত্রকের অধীনস্থ সেন্ট্রাল গ্রাউন্ড ওয়াটার বোর্ড। প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন, 'কম্বাইন্ড জিও-সায়েন্টিস্ট এক্সামিনেশন, ২০২৭'-এর মাধ্যমে। পশ্চিমবঙ্গে পরীক্ষাকেন্দ্র আছে। এই পরীক্ষার নোটিশ নম্বর: 01/2027-GEOL.

**শূন্যপদের বিবরণ: ক্যাটেগরি ১: জিওলজিস্ট (গ্রুপ এ):** ২৯টি। এর মধ্যে ১টি শূন্যপদ প্রতিবন্ধী প্রার্থীর জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: নিম্নলিখিত যে-কোনও একটি বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি— জিওলজিক্যাল সায়েন্স, জিওলজি, অ্যাপ্লায়েড জিওলজি, জিও-এক্সপ্লোরেশন, মিনারেল এক্সপ্লোরেশন, ইঞ্জিনিয়ারিং জিওলজি, মেরিন জিওলজি, আর্থ সায়েন্স অ্যান্ড রিসোর্স ম্যানেজমেন্ট, ওশানোগ্রাফি অ্যান্ড কোস্টাল এরিয়াজ স্টাডিজ, পেট্রোলিয়াম জিওসায়েন্সেস, জিওকেমিস্ট্রি।


এরপর চারের পাতায়

## বিমা সংস্থায় ২২৫ অফিসার

জেনারেলিস্ট ও হিন্দি অফিসার ক্যাটেগরিতে ২২৫ জন অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার (স্কেল-ওয়ান) নেবে ইউনাইটেড ইন্ডিয়া ইনশিওরেন্স কোম্পানি। প্রথমে ১ বছরের প্রবেশন। পশ্চিমবঙ্গে পরীক্ষাকেন্দ্র আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: HO:HRM:REC:AO:1:2026.

**শূন্যপদের বিন্যাস: জেনারেলিস্ট:**

এরপর এগারোর পাতায়




## কেন্দ্রীয় সংস্থায় ৩২৬ অ্যাপ্রেন্টিস

বিভিন্ন বিভাগে ৩২৬ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে রাষ্ট্রীয় কেমিক্যালস অ্যান্ড ফার্টিলাইজার্স। এটি কেন্দ্রের কেমিক্যালস অ্যান্ড ফার্টিলাইজার্স মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে ট্রেনিং দেওয়া হবে গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস, টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস ও ট্রেড অ্যাপ্রেন্টিস ক্যাটেগরিতে। ট্রেনিংয়ের মেয়াদ ১

এরপর এগারোর পাতায়

# পিএসসি-র চার চাকরিতে ওবিসি সংরক্ষণ

# অনলাইন তথ্য সংশোধন করা যাচ্ছে

**পরীক্ষা অনুসারে তথ্য সংশোধনের সময়সূচি**

**নিজস্ব প্রতিনিধি:** পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন (ডব্লুবিপিএসসি)পরিচালিত চারটি নিয়োগের প্রক্রিয়ায় অংশগ্রহণকারী চাকরিপ্রার্থীদের ওবিসি ক্যাটেগরি-সংক্রান্ত তথ্য সংশোধনের জন্য এডিট উইন্ডো চালু করা হল। ৩ সেপ্টেম্বর একটি বিজ্ঞপ্তিতে পিএসসি এই ব্যবস্থার কথা জানিয়েছে। এ বছর মে মাসে পশ্চিমবঙ্গে সরকারি চাকরির ক্ষেত্রে ওবিসি সংরক্ষণ ১৭ শতাংশ থেকে কমিয়ে ৭ শতাংশ করা হয়েছে। যদিও আবেদন গ্রহণের প্রক্রিয়া তার আগেই সম্পন্ন হওয়ায়, ১৭ শতাংশ ওবিসি সংরক্ষণের ভিত্তিতে আবেদন করেছেন বহু চাকরিপ্রার্থী। তাঁদের মধ্যে অনেকেই এখন ওবিসি কোটায় সংরক্ষণের সুবিধা পাবেন না এবং সাধারণ ক্যাটেগরির প্রার্থী হিসেবে বিবেচিত হবেন।

**নিয়োগের পরীক্ষা অনুসারে ক্যাটেগরি সংশোধনের সময়সূচি:**

১) ওয়েস্ট বেঙ্গল সিভিল সার্ভিস (এক্সিকিউটিভ) এটসেটেরা এক্সামিনেশন, ২০২৪-এর জন্য

এরপর এগারোর পাতায়

# কর্মক্ষেত্র

## শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

### কর্মখালি

**MNC needs Retd/VRS/গৃহবধূ for** Manager. 26-73, HS+. Salary + PF + TA + Bonus + Tour. No Sales. No Target. 3hr/3day অফিসিয়াল জব। 98361-62116.

☐

**Reputed Co. needs Sr. Manager.** Retd/ VRS/ গৃহবধূ/ ব্যবসায়ী 25-65, HS+. Salary + ESI + Bonus. No Target. 2 day/week. Admin Job. 91237-81966.

☐

**অবসরের পরেও আয় স্নাতক 40-70** হলে Mngr পদে রোজগারের জন্য আমার দায়িত্বে বিশ্বাস ও ভরসা নিয়ে আসুন, আপনার অভিজ্ঞতাই আপনার শক্তি। মিঃ চন্দ- 90075-10903.

☐

**অবসরোত্তর জীবনে 60-75 Top MNC** তে উচ্চ আয় Retd Govt/ Bank Rly, Army শিক্ষক Mngrl work Part Time বিদেশ ভ্রমন দ্রুত পদোন্নতি Bonus P.S Bose 62912-11862.

☐

**সেলিমপুরে ডিস্ট্রিবিউটর কোম্পানীর** জন্য Junior Accountant, বাইকসহ সেলসম্যান এবং ডেলিভারি বয় শীঘ্রই দরকার। Whatsapp: 98315-08024.

☐

**নিজের ভবিষ্যৎ গড়ে তুলুন দেশের সর্ব** বৃহৎ এবং বিশ্বস্ত সংস্থার সাথে। যোগ্যতা: উচ্চমাধ্যমিক+, Fixed + Bonus. যোগাযোগ: 70035-34060.

☐

**মুম্বাইতে সর্বক্ষণের ঘরের কাজের জন্য** মহিলা চাই। পোষ্য কুকুর পছন্দ করা অগ্রগণ্য। ফ্ল্যাটে থাকা, খাওয়া ছাড়া মাসে ১৫ হাজার টাকা মাসিক বেতন দেওয়া হইবে। যোগাযোগ: 94251-29879.

☐

### কর্মখালি

**বাড়ির 24 ঘণ্টার কাজের জন্য সৎ,** পরিশ্রমী, পরিষ্কার-পরিচ্ছন্ন 20-32 বছরের মহিলা কাজের লোক প্রয়োজন। ঘরের যাবতীয় কাজ, রান্নায় সাহায্য ও রাতে রুটি করতে হবে। পরিবারের সদস্যারা বাইরে থাকলে বাড়ি ও পোষা কুকুরের যত্ন নিতে হবে। কুকুরটি শান্ত ও ভদ্র, চাইলে আগে দেখে যেতে পারেন। প্রতি 4 মাসে 2 দিন ছুটি। ন্যূনতম 3 বছর কাজ করতে হবে। কাজের সময় অযথা ফোন নয়। সমস্ত বিবরণ পড়ে তবেই ফোন করবেন, দুপুর 2 টা - সন্ধ্যা 7 টার মধ্যে। M: 62898-29427.

☐

**Required B.Com Pass Caretaker** cum Accountant for multistoried residential building. email to: rtfoa2025@gmail.com/ Mob: 98310-35572.

☐

**হুগলি জেলার গুপ্তিপাড়াতে একটি** আপার প্রাইমারি স্কুলে সত্ত্বর ইংরেজি ও অঙ্কের শিক্ষক প্রয়োজন। বেতন যোগ্যতানুসারে। যোগাযোগ: 82935-11688/ 70031-92635.

☐

**দক্ষিন কলিকাতায় সুপ্রতিষ্ঠিত মিষ্টির** দোকানে অভিজ্ঞ বয়লার এবং কারখানার মেশিন অপারেটারের প্রয়োজন। বেতন: ১৮০০০ থেকে ৩০০০০। থাকা খাওয়ার সুব্যবস্থা আছে। যোগাযোগ: 62920-09666.

☐

**Reqd. Civil Dip. Engg., Fresh./** Expd., Comp. & Qty. Measurement. Kolkata. Whats App: 98309-34171/ Email : hr.basabinfra@gmail.com

☐

**মেডিকেল অফিসার (MO) কলকাতার** একটি বেসরকারি ব্লাড সেন্টারের জন্য অবিলম্বে মেডিকেল অফিসার প্রয়োজন। যোগ্যতা: MBBS (WBMC নিবন্ধিত), অভিজ্ঞদের অগ্রাধিকার। যোগাযোগ: adreply91@gmail.com

☐

### কর্মখালি

**অফিসের জন্য পিওন আবশ্যক। ২৪ ঘন্টা** থেকে কাজ। ফোন: 94335-72087/ 033-2283-0663.

☐

**কলকাতাতে 'ইথিস' রেস্তোরাঁয়** ইন্ডিয়ান/মগলাই/ চাইনিস জানা দক্ষ ও অভিজ্ঞ রাঁধুনি প্রয়োজন। থাকা খাওয়ার ব্যবস্থা আছে। আকর্ষণীয় বেতন। যোগাযোগ: 91471-04964.

☐

**দমদম নাগেরবাজার সংলগ্ন 'ট্যুর ও** ট্রাভেল' অফিসের জন্য অভিজ্ঞ ও কম্পিউটার জানা প্রার্থী চাই। স্থানীয় প্রার্থী পছন্দ। 98309-68883; 98310-48165.

☐

**Reputed Corporate Group** require Retd/ House Wife/ Businessman/ Fresher Min HS+ for Part/ Full Time. Attractive Pay, PF, ESI. 62893-03389.

☐

**Reqd. 2 yrs. above experienced in** Gold Jewellery smart & presentable sales person (male/female) for Pvt. Ltd. Jewellery shop at Gariahat. Cont. No: +91 81001-26625.

☐

**Need Hospital Marketing, GNM** Nurse, NICU Nurse, MD Doctor, TPA Staff, Night Supervisor, ICU MBBS RMO, Dialysis Technician, Receptionist, Pharmacy Incharge (B.Pharma, D.Pharma), House-keeping, min 3 YRS for Royd Nursing Home, 5B, Royd St. Kolkata, Send CV: navin222in15@gmail.com

☐

**এক ফোনে ভাগ্য পরিবর্তন। High** Profile Job আপনার জন্য। High Grade officer . Age 25-65 Exp Person 30-65K, অন্যান্য 10-35K. 62919-38565/ 76027-60560.,

☐

**মধ্যমগ্রাম বাদুতে মেয়েদের দেখাশোনার** জন্য খেলাঘর হোমে একজন আবাসিকা চাই। যোগাযোগ: 98306-02860.

☐

### কর্মখালি

**গৃহস্থলীর কাজে দক্ষ সুস্থ সবল 45** বছরের মধ্যে কাজের মহিলা চাই। সত্ত্বর যোগাযোগ করুন 98302-72771.

☐

**Diploma Trainee Engg. Reqd at** Pulsar Rubber Plant@ Madhyamgram, near Airport, Kolkata. Sal: 13.5k. Contact. 91471-76211/ hr@pulsarrubber.com

☐

**গড়িয়া এলাকায় ক্লাচ ছাড়া SUV গাড়ি** চালানোর জন্য নিকটবর্তী অভিজ্ঞ স্থায়ী ড্রাইভার (বয়স 40-র নিচে) (হালকা ডিউটি) চাই। বেতন-14000/- থেকে 15000/- 98300-06746.

☐

**Banking Sector-এ ম্যানেজার/** টিমলিডার পোষ্টে Retd/ VRS/ Bank/ Rail/ Army/ শিক্ষক/ House wife নিয়োগ। Salary + Bonus + Other Benefits চন্দন-99036-94267.

☐

**Smart Thinking, Instant Earning.** নামী কর্পোরেট গ্রুপে Interview দিয়ে চাকরি। গ্র্যাজুয়েট, ট্রেনিং 2 মাস স্টাইপেন্ড 10K/m, স্কেল 15K-60K. 97755-07263.

☐

**জরুরি নিয়োগ বিজ্ঞপ্তি: আশা ভবন** সেন্টার (CCI Children Home for CWSN Girls)-এর কেওড়াডাঙ্গা (দক্ষিণ ২৪ পরগণা) ও কাঠিলা (হাওড়া) ক্যাম্পাসের জন্য কেবল মহিলা প্রার্থী প্রয়োজন। 1. নার্স: ANM/GNM স্বীকৃত নার্সিং কোর্স, 2. ফিজিওথেরাপিস্ট ও OT BPT/BOT (বা সমতুল্য কোর্স), 3. স্পেশাল এডুকেটর (V.I./ H.I. / I.D.D.): D.Ed. বা B.Ed.Special Education) । ওয়াক ইন ইন্টারভিউ: তারিখ ও সময়: ১২ই সেপ্টেম্বর, ২০২৬ (শনিবার), সকাল ১১: ৩০। স্থান: আশা ভবন সেন্টার, কাঠিলা, উলুবেড়িয়া, হাওড়া ৭১১ ৩১৬। যোগাযোগ: 62917-32385.

☐

### কর্মখালি

**অবসরের পর সম্মানের সাথে Reputed** Co.তে পার্টটাইম কাজ। Fixed আয় + বোনাস + পদোন্নতি। Retd/VRS Bank/রেল/Army/টিচার/গৃহবধূ 40-70, HS+. 62915-03399.

☐

**কলকাতা বেলঘরিয়ায় রিটায়ার্ড** অফিসারের একার সংসারে রান্না গৃহস্থলি কাজে সর্বক্ষণের সুশ্রী বুদ্ধিমতী নির্ঝঞ্ঝাট 20-45 বছরের মহিলা চাই। থাকা খাওয়াসহ বেতন 15 হাজার। আলাদা ঘরে বাড়ীর সদস্যের মত থাকিবে। M: 98308-37870.

☐

**Required Principal, Vice** principal, H.M, PGT all subjects for CBSE affiliated & WBBSE affiliated Bengali Medium School at Malda, W.B. srjbclass@gmail.com WA-89107-37829, 89187-92500.

☐

**(1) উকিল (35L) (2) ব্যবসা/প্রকাশনা/** mktg./PRO অভিজ্ঞ (3) Ac/Comp./ Law + Outdoor Asst. (Hazra -Podra বাসী)। 85858-92443/91230-78306.

☐

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১২ সেপ্টেম্বর দুপুর ২টো পর্যন্ত।

☐☐☐

বিজ্ঞাপন দিতে আগ্রহীরা
যোগাযোগ করুন:
৮৯৬১২-৪২৬২৯

### কর্মখালি

**PART TIME বাড়ি বসে EBooks দেখে** হাতে লিখে/ফর্ম ফিলাপ করে/Comp, ল্যাপটপ, ডেটা এন্ট্রি বা নিজ স্মার্ট ফোনে টাইপ করে প্রতি সপ্তাহে সন্মানীয় আয় 82748-74519.

☐

**Pranab Kanya Sangha,** Hridaypur, N.24 Pgs. requires a smart, dedicated, skilled, and devoted Lady School Teacher, M.A../ M.Sc., D.El.Ed., for English and Science Group, age 35-45 yrs, fluent in English and capable of handling all situations. Contact : 62899-95439 / 91236-03031.

☐

**কলকাতার কলেজ স্ট্রীট এলাকায় এক** পুস্তক প্রকাশনীর Godown এবং Showroom-এ দক্ষ কর্মী চাই। Call : 94364-60339.

☐

**Kolkata Office Reqd. Lady** Computer knowledge (Multi-media) Accountant, Manager, (Hotel) Waiter. 22310909/ 98302-13935. www.debrajresort.com

**DISCLAIMER**
**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD.**
**assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**

পাঠকের প্রতি

**কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।**

# স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে কেন্দ্রীয় সরকারে ১৭৪৮ ইঞ্জিনিয়ার

*প্রথম পাতার পর*

ইলেক্ট্রিক্যাল বা অটোমোবাইল বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা, সঙ্গে ইলেক্ট্রিক্যাল বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং-সংক্রান্ত প্ল্যানিং, এক্সিকিউশন ও মেইন্টেন্যান্সের কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বর্ডার রোডস অর্গানাইজেশনে শুধু ছেলেরাই আবেদন করবেন।

দৈহিক মাপজোক: পশ্চিমবঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে উচ্চতা অন্তত ১৫৭ সেমি (গোর্খা এবং দার্জিলিং ও কালিম্পং জেলার প্রার্থীদের ক্ষেত্রে ১৫২ সেমি)। বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে অন্তত ৭৫ সেমি ও ৮০ সেমি। ওজন অন্তত ৫০ কেজি (গোর্খা এবং দার্জিলিং ও কালিম্পং জেলার প্রার্থীদের ক্ষেত্রে অন্তত ৪৭.৫ কেজি) হতে হবে।

**ব্রহ্মপুত্র বোর্ড: জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল):** সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা।

**সেন্ট্রাল ওয়াটার কমিশন: জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল ও মেকানিক্যাল):** সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিগ্রি বা ডিপ্লোমা।

**সেন্ট্রাল পাবলিক ওয়ার্কস ডিপার্টমেন্ট: জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল ও ইলেক্ট্রিক্যাল):** সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা। ইলেক্ট্রিক্যাল শাখার ক্ষেত্রে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমাও গ্রাহ্য হবে।

**সেন্ট্রাল ওয়াটার অ্যান্ড পাওয়ার রিসার্চ স্টেশন: জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল ও ইলেক্ট্রিক্যাল):** সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা।

**ডিরেক্টোরেট জেনারেল অব কোয়ালিটি অ্যাশিওরেন্স-ন্যাভাল, প্রতিরক্ষা মন্ত্রক: জুনিয়র ইঞ্জিনিয়ার (মেকানিক্যাল ও ইলেক্ট্রিক্যাল):** সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিগ্রি। অথবা সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ৩ বছরের ডিপ্লোমা, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**ফরাক্কা ব্যারেজ প্রোজেক্ট: জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল ও ইলেক্ট্রিক্যাল):** সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা।

**মিলিটারি ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস: জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল):** সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি। অথবা সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা, সঙ্গে সিভিল ইঞ্জিনিয়ারিং-সংক্রান্ত প্ল্যানিং, এক্সিকিউশন ও মেইন্টেন্যান্সের কাজে ২ বছরের অভিজ্ঞতা। **জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল ও মেকানিক্যাল):** ইলেক্ট্রিক্যাল বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি। অথবা ইলেক্ট্রিক্যাল বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা, সঙ্গে ইলেক্ট্রিক্যাল বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং-সংক্রান্ত প্ল্যানিং, এক্সিকিউশন ও মেইন্টেন্যান্সের কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**ন্যাশনাল টেকনিক্যাল রিসার্চ অর্গানাইজেশন: জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল):** সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা।

**ডিরেক্টোরেট জেনারেল অব লাইটহাউসেস অ্যান্ড লাইটশিপস: জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল):** সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি। অথবা সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা, সঙ্গে ৩ বছরের অভিজ্ঞতা। **জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল):** ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি। অথবা ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা, সঙ্গে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**ডিপার্টমেন্ট অব টেলিকমিউনিকেশন: জুনিয়র ইঞ্জিনিয়ার (টেলিকম):** ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রিক্যাল কমিউনিকেশনস বা কম্পিউটার সায়েন্স বা টেলিকমিউনিকেশনস বা ইনফর্মেশন টেকনোলজি বা ইনস্ট্রুমেন্টেশনে বি ই বা বি টেক।

**ইন্ডিয়া মেটিয়োরোলজিক্যাল ডিপার্টমেন্ট: সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট:** বি এসসি। স্নাতক স্তরে অন্যতম বিষয় হিসেবে ফিজিক্স পড়ে থাকতে হবে। অথবা কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার অ্যাপ্লিকেশনস বা ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা ইলেক্ট্রনিক্স টেলিকমিউনিকেশন বা ইনস্ট্রুমেন্টেশন বা ইনফর্মেশন টেকনোলজি বা টেলিকমিউনিকেশন বা কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি।

**মিনিস্ট্রি অব ফিশারিজ, অ্যানিম্যাল হাজবেন্ড্রি অ্যান্ড ডেয়ারিং: জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল):** সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি বা ৩ বছরের ডিপ্লোমা।

**বয়স:** সেন্ট্রাল পাবলিক ওয়ার্কস ডিপার্টমেন্ট এবং ডিরেক্টোরেট জেনারেল অব লাইটহাউসেস অ্যান্ড লাইটশিপসে জুনিয়র ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে ৩২ বছরের মধ্যে। বাকি সব ক'টি পদের ক্ষেত্রে ৩০ বছরের মধ্যে।

সব ক্ষেত্রেই ১-৮-২০২৬ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স হতে হবে। বয়সসীমায় তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ (তফসিলি হলে ১৫, ওবিসি হলে ১৩) বছরের ছাড় পাবেন। যুদ্ধক্ষেত্রে আঘাতপ্রাপ্ত সমরকর্মী ও প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** সব ক্ষেত্রেই ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা। নিয়োগ করা হবে গ্রুপ-বি নন-গেজেটেড পদে।

প্রার্থী বাছাই করা হবে মোট ৫০০ নম্বরের অনলাইন পরীক্ষার (পেপার ওয়ান ও পেপার টু) মাধ্যমে। পশ্চিমবঙ্গে লিখিত পরীক্ষার কেন্দ্র কলকাতা (৪৪১০), মালদা (৪৪১২), কল্যাণী (৪৪১৯), বর্ধমান (৪৪২২), দুর্গাপুর (৪৪২৬), সিউড়ি (৪৪১৬) ও শিলিগুড়ি (৪৪১৫)।

পেপার-ওয়ান পরীক্ষা হবে অক্টোবর-নভেম্বর মাসে। পরীক্ষায় থাকবে ৫০ নম্বরের জেনারেল ইন্টেলিজেন্স ও রিজনিং, ৫০ নম্বরের জেনারেল অ্যাওয়্যারনেস এবং ১০০ নম্বরের বিষয় ভিত্তিক প্রশ্ন। মোট সময় ২ ঘণ্টা।

পেপার-টু পরীক্ষা হবে ডিসেম্বর মাসে। পরীক্ষায় সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং বিষয়ে ৩০০ নম্বরের প্রশ্ন হবে। মোট সময় ২ ঘণ্টা। দুই পেপারের সব প্রশ্নই হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েস ধরনের। উভয় পেপারেই নেগেটিভ মার্কিং আছে। পেপার ওয়ান পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই পেপার-টু-এর পরীক্ষা দিতে পারবেন।

বর্ডার রোডস অর্গানাইজেশনের ক্ষেত্রে প্রার্থী বাছাই প্রক্রিয়ায় অতিরিক্ত থাকবে দৈহিক সক্ষমতার পরীক্ষা। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ১০ মিনিটে ১ মাইল দৌড়।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://ssc.gov.in অথবা গুগল প্লে স্টোর থেকে 'mySSC' অ্যাপ ব্যবহার করেও দরখাস্ত করা যাবে। প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২২ সেপ্টেম্বর। অনলাইন দরখাস্ত করার আগে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশন ব্যবস্থাটি এককালীন। রেজিস্ট্রেশন সম্পূর্ণ হলে রেজিস্ট্রেশন আইডি ও পাসওয়ার্ড পাবেন। এগুলি ব্যবহার করে দরখাস্ত করতে হবে।

মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় মোবাইল বা কম্পিউটারে সরাসরি ফটো তুলতে হবে এবং আপলোড করতে হবে। এর পাশাপাশি প্রার্থীর জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা সই (১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ অনলাইন দিতে হবে ১০০ টাকা। ফি জমা দেওয়া যাবে ভীম ইউপিআই বা নেট ব্যাঙ্কিং বা ভিসা/মাস্টারকার্ড/ মায়েস্ট্রো/রুপে ডেবিট কার্ডের মাধ্যমে। ফি জমা দেওয়ার শেষ তারিখ ২৩ সেপ্টেম্বর। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিটের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে। মহিলা প্রার্থী, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের ফি লাগবে না।

দরখাস্ত করার সময় কোনও ভুল হয়ে থাকলে তা সংশোধন করা যাবে ২৮ থেকে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত।

অনলাইন দরখাস্ত যথাযথ ভাবে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন স্টাফ সিলেকশন কমিশনের এই ওয়েবসাইট: http://ssc.gov.in

## কী পড়বেন, কোথায় পড়বেন

# কল্যাণী বিশ্ববিদ্যালয়ে আইনের স্নাতকোত্তর ডিগ্রি কোর্স

আইনের স্নাতকোত্তর ডিগ্রি কোর্স (এল এল এম)-এ ভর্তি নিচ্ছে কল্যাণী বিশ্ববিদ্যালয়। স্পেশ্যালাইজেশন করা যাবে কর্পোরেট ল এবং কনস্টিটিউশনাল ল বিষয়ে। কোর্সের মেয়াদ ২ বছর। কোর্স শুরু হবে অক্টোবরে।

আসনসংখ্যা: ১৮টি। **শিক্ষাগত যোগ্যতা:** আইনের স্নাতক কোর্স পাশ।

কোর্স ফি: সেমেস্টার প্রতি ৩০,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে মেধার ভিত্তিতে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://klyunivadmission.in আবেদনের শেষ তারিখ ১৭ সেপ্টেম্বর। আবেদের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো, সই, বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্র, প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট, ওবিসি এবং দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট স্ক্যান করে আপলোড করতে হবে।

আবেদনের ফি বাবদ দিতে হবে ৪০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ২০০ টাকা এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১৬০ টাকা)।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর ডিগ্রি কোর্স

এগ্রিকালচার, হর্টিকালচার ও ফরেস্ট্রির বিভিন্ন শাখায় এম এসসি কোর্সে ভর্তি নিচ্ছে উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়। কোর্সের মেয়াদ ২ বছর। প্রার্থীকে অবশ্যই রাজ্যের স্থায়ী বাসিন্দা হতে হবে। এই কোর্সগুলিতে ভর্তির বিজ্ঞপ্তি নম্বর UBKV/PG/01/2026.

কোর্সের বিবরণ: **এম এসসি ইন এগ্রিকালচার:** পড়ানো হবে এই সব বিষয়ে: এগ্রিকালচারাল ইকনমিক্স, এন্টোমোলজি, এগ্রিকালচারাল এক্সটেনশন এডুকেশন, এগ্রিকালচারাল স্ট্যাটিস্টিক্স, অ্যাগ্রোনমি, বায়োকেমিস্ট্রি, জেনেটিক্স অ্যান্ড প্লান্ট ব্রিডিং, প্লান্ট প্যাথোলজি, সিড সায়েন্স অ্যান্ড টেকনোলজি এবং সয়েল সায়েন্স। **এম এসসি ইন হর্টিকালচার:** পড়ানো হবে এই সব বিষয়ে: ফ্লোরিকালচার অ্যান্ড ল্যান্ডস্কেপিং, সিলভিকালচার অ্যান্ড অ্যাগ্রোফরেস্ট্রি, ফ্রুট সায়েন্স, প্ল্যান্টেশন স্পাইসেস মেডিসিনাল অ্যান্ড অ্যারোম্যাটিক ক্রপস, পোস্ট-হার্ভেস্ট ম্যানেজমেন্ট, ভেজিটেবল সায়েন্স।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর বা সমতুল ওজিপিএ-সহ ফরেস্ট্রি বা এগ্রিকালচার বা হর্টিকালচারে ৪ বছরের স্নাতক কোর্স পাশ। সেই সঙ্গে উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

**বয়স:** ৩১-১২-২০২৬ তারিখে ২১ বছরের মধ্যে হতে হবে।

প্রার্থী বাছাই করা হবে প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ২৮ ও ২৯ সেপ্টেম্বর।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.ubkv.ac.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। আবেদনের শেষ তারিখ ১৪ সেপ্টেম্বর। আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে।

### অনলাইনে আবেদনের সময় আপলোড করবেন

- ✓প্রার্থীর জেপেগ বা জে পি জি বা পি এন জি ফর্ম্যাটে স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (২০ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে) এবং সই (২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে)।
- ✓পি ডি এফ ফর্ম্যাটে স্ক্যান করা বয়সের প্রমাণপত্র হিসেবে জন্ম শংসাপত্র বা মাধ্যমিকের সার্টিফিকেট (২০০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে)।
- ✓পি ডি এফ ফর্ম্যাটে স্ক্যান করা ডিগ্রি কোর্স ও উচ্চমাধ্যমিকের মার্কশিট (প্রতিটি ২০০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে)।
- ✓প্রযোজ্য ক্ষেত্রে পি ডি এফ ফর্ম্যাটে স্ক্যান করা কাস্ট বা ও বি সি বা দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট (২০০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে)।
- ✓আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট (২০০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে)।
- ✓ ডোমিসাইল সার্টিফিকেট (২০০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে)।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ১,৫০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ৭৫০ টাকা)। ফি জমা দেওয়ার পর ই-রিসিপ্ট বা রসিদ নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। প্রতিবন্ধী প্রার্থীদের কোনও ফি লাগবে না।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

আগ্রহীরা খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ভেটেরিনারি সায়েন্স অ্যান্ড অ্যানিম্যাল হাজবেন্ড্রি কোর্স

**নিজস্ব প্রতিনিধি:** বেনারস হিন্দু বিশ্ববিদ্যালয়ে (বিএইচইউ) ২০২৬-২৭ শিক্ষাবর্ষের জন্য ব্যাচেলর অব ভেটেরিনারি সায়েন্স অ্যান্ড অ্যানিম্যাল হাজবেন্ড্রি কোর্সে ভর্তির আবেদন গ্রহণের প্রক্রিয়া শুরু হয়েছে।

নিট-ইউজি ২০২৬-এর স্কোরের ভিত্তিতে এই কোর্সে ভর্তি নেওয়া হবে। আবেদনের শেষ তারিখ ২০ সেপ্টেম্বর।

অনলাইন আবেদন করতে হবে বিশ্ববিদ্যালয়ের এই ওয়েবসাইটের মাধ্যমে: www.admission.bhu.ac.in আবেদনের সময় নিট-ইউজি ২০২৬-এর রোল নম্বর ও স্কোরের তথ্য দিতে হবে।

# পারফর্মিং আর্ট থেরাপি নিয়ে ডিপ্লোমা ও অ্যাডভান্সড ডিপ্লোমা

**নিজস্ব প্রতিনিধি:** পারফর্মিং আর্ট থেরাপির সাহায্যে রোগ নিরাময়ের পথের সন্ধান পেয়েছে চিকিৎসা-বিজ্ঞান। গবেষণায় দেখা গিয়েছে, ওষুধের পাশাপাশি সংগীত, নৃত্য, নাটক বা অন্য বেশ কিছু শিল্পমাধ্যম বহু অসুখ থেকে আরোগ্য দিতে পারছে। তাই গোটা বিশ্বেই পারফর্মিং আর্ট থেরাপি নিয়ে পড়াশোনা করার আগ্রহ বেড়েছে ছাত্র-ছাত্রীদের মধ্যে। আমাদের রাজ্যে পারফর্মিং আর্ট থেরাপি বিষয়ে পোস্ট গ্র্যাজুয়েশন ডিপ্লোমা এবং পোস্ট গ্র্যাজুয়েশন অ্যাডভান্সড ডিপ্লোমা করার সুযোগ আছে রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ে। আগ্রহীরা আবেদন করতে পারেন এখনই।

**শিক্ষাগত যোগ্যতা:** পোস্ট গ্র্যাজুয়েশন ডিপ্লোমার জন্য যে-কোনও বিষয়ে স্নাতক। পোস্ট গ্র্যাজুয়েশন অ্যাডভান্সড ডিপ্লোমার জন্য পারফর্মিং আর্ট থেরাপিতে পোস্ট গ্র্যাজুয়েশন ডিপ্লোমা বা সাইকোলজিতে স্নাতক।

**কোর্স ফি:** উভয় কোর্সের ক্ষেত্রেই ২০,০০০ টাকা।

**আবেদনের শেষ তারিখ:** ৭ অক্টোবর।

**কোর্সের মেয়াদ:** উভয় কোর্সের ক্ষেত্রেই ১ বছর।

**ক্লাসের সময়:** সোম, বুধ ও শুক্রবার দুপুর ৩টে থেকে সন্ধে ৬টা।

**আবেদন করার পদ্ধতি:** আবেদন পত্র এবং অ্যান্টি র‌্যাগিং ডিক্লারেশন ফর্ম ডাউনলোড করতে হবে রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের এই ওয়েবসাইট থেকে: https://www.rbu.ac.in/ পূরণ করতে হবে যথাযথ ভাবে। প্রয়োজনীয় নথিপত্রের নকল সহ আবেদন পত্র ও ডিক্লারেশন ফর্ম জমা দিতে হবে বিশ্ববিদ্যালয়ের পারফর্মিং আর্ট থেরাপি বিভাগে, ছুটির দিন ছাড়া সপ্তাহের যে-কোনও কাজের দিন। খুঁটিনাটি জানতে দেখুন এই ওয়েবসাইট: https://www.rbu.ac.in/

# ভিসুয়াল আর্টসে স্নাতকোত্তর

**নিজস্ব প্রতিনিধি:** ভিসুয়াল আর্টসের নানা বিষয় নিয়ে স্নাতকোত্তর স্তরে পড়াশোনার সুযোগ আছে রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ে। ২০২৬-২৭ শিক্ষাবর্ষের জন্য স্নাতকোত্তর স্তরে ভর্তির আবেদনের প্রক্রিয়া শুরু হয়ে গিয়েছে। ২০২৪ থেকে ২০২৬-এর মধ্যে যাঁরা স্নাতক হয়েছেন, কেবল তাঁরাই আবেদন করতে পারবেন। চারটি সেমেস্টারে বিভক্ত দু' বছরের কোর্সটি। ভর্তি নেওয়া হবে প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। আগ্রহীরা আবেদন করতে পারেন এখনই।

**কী পড়ানো হবে:** চিত্রকলা, ভাস্কর্য, শিল্পকলার ইতিহাসের পাশাপাশি গ্রাফিক্স-প্রিন্টমেকিং অ্যান্ড অ্যাপ্লায়েড আর্ট বিষয়ে মাস্টার অব ফাইন আর্টস ডিগ্রি কোর্সে পড়ার সুযোগ রয়েছে। **শিক্ষাগত যোগ্যতা:** ব্যাচেলর অব ফাইন আর্টস বা চারুকলার ডিগ্রি থাকতে হবে। উচ্চ মাধ্যমিক বা সমতুল এবং স্নাতক স্তরে অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। **আবেদনের শেষ তারিখ:** ১০ সেপ্টেম্বর। অনলাইন আবেদনের পদ্ধতি ও অন্যান্য খুঁটিনাটি বিষয় জানতে দেখুন রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের এই ওয়েবসাইট: https://www.rbu.ac.in/

## কী শিখবেন, কোথায় শিখবেন

# উইমেনস পলিটেকনিকে অফিস ম্যানেজমেন্ট কোর্স

**নিজস্ব প্রতিনিধি:** ডিপ্লোমা ইন মডার্ন অফিস প্র্যাক্টিস অ্যান্ড ম্যানেজমেন্ট পড়ানো হয় কলকাতার যোধপুর পার্কে উইমেনস পলিটেকনিক কলেজে। এআইসিটিই কর্তৃক অনুমোদিত এই ডিপ্লোমা কোর্সটি পড়তে পারেন শুধু মেয়েরা। ভর্তির প্রক্রিয়া চলছে।

### কী পড়বেন

ডিপ্লোমা ইন মডার্ন অফিস প্র্যাক্টিস অ্যান্ড ম্যানেজমেন্ট কোর্সে অফিসের কাজ পরিচালনা সংক্রান্ত যাবতীয় খুঁটিনাটি বিষয় শেখানো হয়। কোর্সটি ৬টি সেমিস্টারে বিভক্ত। পঠনপাঠনের অন্তর্ভুক্ত বিষয়গুলি হল: ফিনান্স, অঙ্ক, স্ট্যাটিস্টিক্স, অ্যাডমিনিস্ট্রেশন, কম্পিউটার এবং স্টেনোগ্রাফি ও টাইপিং। ম্যানেজমেন্ট কোর্সে যা পড়ানো হয়, এই কোর্সটিতে তার প্রায় সবই রয়েছে। ফাইনাল ইয়ারে ছাত্রীদের ছ' সপ্তাহের জন্য বিভিন্ন সংস্থায় ট্রেনিং বা ইন্টার্নশিপ করতে পাঠানো হয়।

### কারা পড়বেন

উচ্চ মাধ্যমিক বা সমতুল পরীক্ষায় উত্তীর্ণরা ভর্তির জন্য আবেদন করতে পারেন। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকে বিষয় হিসেবে ইংরেজি পড়ে থাকতে হবে। ভর্তি হওয়ার জন্য বয়সের কোনও ঊর্ধ্বসীমা নেই।

### কাজের সুযোগ

ডিপ্লোমা ইন মডার্ন অফিস প্র্যাক্টিস অ্যান্ড ম্যানেজমেন্ট কোর্সের পঠনপাঠনের পরিধিটি বহুমুখী বলেই চাকরি পাওয়ার সুযোগও বেশি। কোর্স শেষে ক্যাম্পাসিংয়ের ব্যবস্থা করা হয়। তা ছাড়া, কোর্সের শেষ ছ' সপ্তাহ হাসপাতাল, অফিস, এনজিও-সহ নানা সংস্থায় প্রশিক্ষার্থীদের ট্রেনিং বা ইন্টার্নশিপের জন্য পাঠানো হয়। ইন্টার্নশিপ শেষ হলে অনেকে সেই সংস্থাতেই চাকরি পেয়ে যান। প্রতিষ্ঠানের অধিকাংশ ছাত্রীই কোর্স শেষ করে চাকরি পেয়ে যান, কলকাতায় কিংবা অন্যান্য রাজ্যে। সরকারি দপ্তরে ডেটা এন্ট্রির জন্য কর্মীর চাহিদা থাকে। প্রতিষ্ঠানের ছাত্রীরা অনেকেই সে কাজ পেয়েছেন।

### আবেদনের পদ্ধতি

উইমেনস পলিটেকনিক কলেজে ভর্তির প্রক্রিয়া চলছে। আগ্রহীরা সরাসরি কলেজে গিয়ে যোগাযোগ করতে পারেন। অ্যাপ্লিকেশন ফি বাবদ দিতে হবে ৪৫০ টাকা। কন্যাশ্রীতে নাম নথিভুক্ত থাকলে ২২৫ টাকা।

**যোগাযোগ:** ভর্তির প্রক্রিয়া ও কোর্স সম্পর্কে বিস্তারিত জানতে সরাসরি যোগাযোগ করতে পারেন উইমেনস পলিটেকনিক কলেজে, এই ঠিকানায়: ১/১/২ গড়িয়াহাট রোড (সাউথ), যোধপুর পার্ক, কলকাতা-৭০০ ০৬৮। ফোন: ৯৯০৩০-৬০৭৪১/৬২৯০২-৪৪৭৫১/৮৯১০৫-২৩৭০৬।

# কৃষি ও উদ্যান বিষয়ক কয়েকটি অনলাইন প্রশিক্ষণ

**নিজস্ব প্রতিনিধি:** বাগান পরিচর্যা, ল্যান্ডস্কেপ তৈরি, কৃত্রিম পরিবেশে কেশর চাষ, মাইক্রোগ্রিন উৎপাদন ইত্যাদি একাধিক বিষয়ে চলতি মাসেই অনলাইন প্রশিক্ষণ দেবে উত্তর প্রদেশের নয়ডার ইনস্টিটিউট অব হর্টিকালচার টেকনোলজি। বয়সের কোনও বাধানিষেধ নেই। মহিলা ও পুরুষ উভয়ই আবেদন করতে পারেন।

## বাগান তৈরি ও পরিচর্যা

ফুলগাছ ও বাহারি গাছ দিয়ে সৌন্দর্যায়ন করা হয় রাস্তার দু' পাশে, পার্কে, সরকারি-বেসরকারি অফিস, কলেজ, স্কুল, আবাসন, পেট্রোল পাম্প, হাসপাতাল ইত্যাদি জায়গায়। এর ফলে চারপাশ হয়ে ওঠে সুন্দর। তবে শুধু গাছ রোপণ ও তার পরিচর্যাই নয়, কোন গাছের পাশে কোন গাছ পুঁততে হবে, লন তৈরি করতে হবে কীভাবে, সবুজ গাছ ছাঁটাই করে কীভাবে বিভিন্ন দৃষ্টিনন্দন অবয়ব গড়ে তোলা যাবে ইত্যাদি জানতে হয় সৌন্দর্যায়নের জন্য। এই ধরনের কাজ করতে গেলে যেমন গাছ সম্পর্কে ধারণা থাকা দরকার, তেমনই শৈল্পিক মননও প্রয়োজন। জানা প্রয়োজন কীভাবে এই ধরনের ল্যান্ডস্কেপ গার্ডেন রক্ষণাবেক্ষণ করতে হয়।



### ল্যান্ডস্কেপ অ্যান্ড গার্ডেন মেইনটেন্যান্স

**কী পড়ানো হবে:** মাটির স্বাস্থ্য, কী ভাবে ঘাসের লন তৈরি করতে হয় এবং তার রক্ষণাবেক্ষণ, মাইক্রো ইরিগেশন টেকনিক, প্রুনিং বা গাছ ছাঁটাই, বাগান পরিচর্যা ইত্যাদি।

**সময়সীমা:** ২৮-৩০ সেপ্টেম্বর।

**ক্লাস:** সকাল ১০টা থেকে দুপুর দেড়টা।

**কোর্স ফি:** ৫,৮৮০ টাকা।

### মডার্ন হোম গার্ডেনিং অ্যান্ড কেয়ার

**কী পড়ানো হবে:** টবের মাটি তৈরি, জল নিষ্কাশন পদ্ধতি, সূর্যালোক, সারের ব্যবহার, প্রাকৃতিক কীটনাশক ব্যবহার, প্রুনিং ইত্যাদি।

**ক্লাস হবে:** ১১ সেপ্টেম্বর।

**কোর্স ফি:** ৯০০ টাকা।

## কৃত্রিম পরিবেশে কেশর চাষ

পৃথিবীর অন্যতম দামী মশলা কেশর বা জাফরান বা স্যাফরন। ভারতের কাশ্মীর কেশর চাষের জন্য বিশ্ববিখ্যাত। তবে এখন কৃত্রিম পরিবেশেও কেশর চাষ সম্ভব। গত কয়েক বছর ধরে ভারতে কৃত্রিম পরিবেশে কেশর চাষ করে সফল হয়েছেন কেশর চাষিরা।

### স্যাফরন ফার্মিং

**কী পড়ানো হবে:** জাফরান চাষের পরিবেশ, মাটি, কৃত্রিম পরিবেশ তৈরির উপায় ইত্যাদি।

**ক্লাস হবে:** ১৪-১৫ সেপ্টেম্বর।

**সময়সীমা:** দুপুর আড়াইটে থেকে বিকেল সাড়ে ৫টা।

**কোর্স ফি:** ৫,৪০০ টাকা।

## মাইক্রোগ্রিন উৎপাদন

মাইক্রোগ্রিন হল বীজ থেকে সদ্য জন্মানো ছোট ছোট গাছ। এগুলি সাধারণত ১ থেকে ৩ ইঞ্চি লম্বা হয়। সদ্য অঙ্কুরিত মাইক্রোগ্রিন নানা ধরনের ভিটামিনে সমৃদ্ধ। পরিণত গাছের ফল ও বীজে যে-পরিমাণ পুষ্টি থাকে, মাইক্রোগ্রিনে থাকে তার চেয়ে প্রায় চল্লিশ গুণ পর্যন্ত বেশি পুষ্টি। মাইক্রোগ্রিনের চাহিদা বাড়ছে। তাই বাণিজ্যিক ভাবে মাইক্রোগ্রিন চাষ করার কথা বেকার তরুণ-তরুণীরা ভাবতে পারেন।

### মাইক্রোগ্রিন ফার্মিং

**কী পড়ানো হবে:** মাইক্রোগ্রিনের বীজ রোপণ থেকে পরিচর্যা, সংরক্ষণ এবং চাষে আধুনিক প্রযুক্তির ব্যবহার।

**সময়সীমা:** ১৫-১৬ সেপ্টেম্বর।

**ক্লাস হবে:** দুপুর আড়াইটে থেকে বিকেল সাড়ে ৫টা।

**কোর্স ফি:** ৬,০০০ টাকা।

আবেদনের পদ্ধতি ও অন্যান্য খুঁটিনাটি বিষয় জানতে দেখুন এই ওয়েবসাইট: https://iht.edu.in



# গ্রামীণ ব্যাঙ্কে ১৩৭০৬ অফিসার ও অফিস অ্যাসিস্ট্যান্ট

*প্রথম পাতার পর*

**পশ্চিমবঙ্গ গ্রামীণ ব্যাঙ্ক:** মোট শূন্যপদ ২০৪টি (সাধারণ ৮২, তফসিলি জাতি ৩১, তফসিলি উপজাতি ১৫, ওবিসি ৫৫, আর্থিক ভাবে অনগ্রসর ২১)। এর মধ্যে ৮টি শূন্যপদ প্রতিবন্ধী, ২০টি প্রাক্তন সমরকর্মী এবং ৯টি প্রাক্তন সমরকর্মীদের উপর নির্ভরশীল প্রার্থীদের জন্য সংরক্ষিত। **অসম গ্রামীণ ব্যাঙ্ক:** মোট শূন্যপদ ১৮১টি (সাধারণ ৭৩, তফসিলি জাতি ২৭, তফসিলি উপজাতি ১৪, ওবিসি ৪৯, আর্থিক ভাবে অনগ্রসর ১৮)। এর মধ্যে ৭টি শূন্যপদ প্রতিবন্ধী, ১৮টি প্রাক্তন সমরকর্মী এবং ৮টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের উপর নির্ভরশীল প্রার্থীদের জন্য সংরক্ষিত।

**অফিসার স্কেল-ওয়ান: পশ্চিমবঙ্গ গ্রামীণ ব্যাঙ্ক:** মোট শূন্যপদ ৭৪টি (সাধারণ ৩০, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ৬, ওবিসি ২০, আর্থিক ভাবে অনগ্রসর ৭)। এর মধ্যে ৩টি শূন্যপদ প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **অসম গ্রামীণ ব্যাঙ্ক:** মোট শূন্যপদ ১৬৯টি (সাধারণ ৬৮, তফসিলি জাতি ২৫, তফসিলি উপজাতি ১৩, ওবিসি ৪৬, আর্থিক ভাবে অনগ্রসর ১৭)। এর মধ্যে ৭টি শূন্যপদ প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত।

**অফিসার স্কেল-টু (জেনারেল ব্যাঙ্কিং অফিসার): পশ্চিমবঙ্গ গ্রামীণ ব্যাঙ্ক:** মোট শূন্যপদ ১৫১টি (সাধারণ ৬১, তফসিলি জাতি ২৩, তফসিলি উপজাতি ১১, ওবিসি ৪১, আর্থিক ভাবে অনগ্রসর ১৫)। এর মধ্যে ৬টি শূন্যপদ প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত।

**আইটি: পশ্চিমবঙ্গ গ্রামীণ ব্যাঙ্ক:** মোট শূন্যপদ ১৯টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ওবিসি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত।

**সি এ: পশ্চিমবঙ্গ গ্রামীণ ব্যাঙ্ক:** ১টি (সাধারণ)।

**ল: পশ্চিমবঙ্গ গ্রামীণ ব্যাঙ্ক:** ২টি (সাধারণ ১, ওবিসি ১)।

**ট্রেজারি ম্যানেজার: পশ্চিমবঙ্গ গ্রামীণ ব্যাঙ্ক:** ১টি (সাধারণ)।

**অফিসার স্কেল-থ্রি (সিনিয়র ম্যানেজার): পশ্চিমবঙ্গ গ্রামীণ ব্যাঙ্ক:** মোট শূন্যপদ ১৯টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ওবিসি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত।

**শিক্ষাগত যোগ্যতা:** অফিস অ্যাসিস্ট্যান্ট (মাল্টিপারপাস) পদের ক্ষেত্রে: যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। সঙ্গে যে-এলাকার ব্যাঙ্কে নিয়োগ পেতে চান সেখানকার স্থানীয় ভাষা জানতে হবে এবং অষ্টম বা উচ্চতর শ্রেণিতে অন্যতম বিষয় হিসেবে সেই ভাষাটি পড়ে থাকতে হবে। কম্পিউটার-জ্ঞান থাকলে অগ্রাধিকার।

অফিসার স্কেল-ওয়ান (অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার) পদের ক্ষেত্রে: যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট বা সমতুল। এগ্রিকালচার, হর্টিকালচার, ফরেস্ট্রি, অ্যানিম্যাল হাজবেন্ড্রি, ভেটেরিনারি সায়েন্স, এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং, পিসিকালচার, এগ্রিকালচারাল মার্কেটিং অ্যান্ড কো-অপারেশন, ইনফর্মেশন টেকনোলজি, ম্যানেজমেন্ট, ল, ইকনমিক্স, অ্যাকাউন্ট্যান্সি— এই বিষয়গুলির যে-কোনও একটিতে স্নাতক হলে অগ্রাধিকার। সঙ্গে যে-এলাকার ব্যাঙ্কে নিয়োগ পেতে চান সেখানকার স্থানীয় ভাষা জানতে হবে এবং অষ্টম বা উচ্চতর শ্রেণিতে অন্যতম বিষয় হিসেবে সেই ভাষাটি পড়ে থাকতে হবে। কম্পিউটার-জ্ঞান থাকলে অগ্রাধিকার।

অফিসার স্কেল-টু (জেনারেল ব্যাঙ্কিং অফিসার-ম্যানেজার) পদের ক্ষেত্রে: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। ব্যাঙ্কিং, ফিন্যান্স, মার্কেটিং, এগ্রিকালচার, হর্টিকালচার, ফরেস্ট্রি, অ্যানিম্যাল হাজবেন্ড্রি ভেটেরিনারি সায়েন্স, এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং, পিসিকালচার, এগ্রিকালচারাল মার্কেটিং অ্যান্ড কো-অপারেশন, ইনফর্মেশন টেকনোলজি, ম্যানেজমেন্ট, ল, ইকনমিক্স, অ্যাকাউন্ট্যান্সি— যে-কোনও একটিতে ডিগ্রি থাকলে অগ্রাধিকার। সঙ্গে কোনও ব্যাঙ্ক বা আর্থিক প্রতিষ্ঠানে অফিসার হিসেবে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

আইটি-র ক্ষেত্রে: অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ ইলেক্ট্রনিক্স বা কমিউনিকেশন বা কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজি বা সমতুল বিষয়ে স্নাতক, সঙ্গে সংশ্লিষ্ট কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

সিএ-র ক্ষেত্রে: আইসিএআই থেকে সিএ পাশ, সঙ্গে সংশ্লিষ্ট কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

ল-এর ক্ষেত্রে: ৫০ শতাংশ নম্বর-সহ আইনে স্নাতক, সঙ্গে অ্যাডভোকেট হিসেবে বা কোনও ব্যাঙ্কে ল অফিসার পদে অন্তত ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

ট্রেজারি ম্যানেজারের ক্ষেত্রে: ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ এমবিএ বা সিএ পাশ, সঙ্গে সংশ্লিষ্ট কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

অফিসার স্কেল-থ্রি (সিনিয়র ম্যানেজার) পদের ক্ষেত্রে: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ যে-কোনও বিষয়ে স্নাতক বা সমতুল। ব্যাঙ্কিং, ফিন্যান্স, মার্কেটিং, এগ্রিকালচার, হর্টিকালচার, ফরেস্ট্রি, অ্যানিম্যাল হাজবেন্ড্রি ভেটেরিনারি সায়েন্স, এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং, পিসিকালচার, এগ্রিকালচারাল মার্কেটিং অ্যান্ড কো-অপারেশন, ইনফর্মেশন টেকনোলজি, ম্যানেজমেন্ট, ল, ইকনমিক্স ও অ্যাকাউন্ট্যান্সি— যে-কোনও একটি বিষয়ে ডিগ্রি বা ডিপ্লোমা থাকলে অগ্রাধিকার। সঙ্গে কোনও ব্যাঙ্ক বা আর্থিক প্রতিষ্ঠানে অফিসার হিসেবে ৫ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

**বয়স:** ১-৯-২০২৬ তারিখে অফিস অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে ১৮ থেকে ২৮ বছরের মধ্যে। অফিসার স্কেল-ওয়ান পদের ক্ষেত্রে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। অফিসার স্কেল-টু পদের ক্ষেত্রে ২১ থেকে ৩২ বছরের মধ্যে। অফিসার স্কেল-থ্রি পদের ক্ষেত্রে ২১ থেকে ৪০ বছরের মধ্যে। তফসিলিরা ৫ বছর, ওবিসি-রা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ বছর, বিধবা, ডিভোর্সি এবং আইনত স্বামী-বিচ্ছিন্না মহিলারা পুনর্বার বিবাহ না করে থাকলে শুধুমাত্র অফিস অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে ৭ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুযায়ী বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে অফিস অ্যাসিস্ট্যান্ট ও অফিসার স্কেল-ওয়ান পদের ক্ষেত্রে দু'-পর্যায়ে। অফিসার স্কেল-টু ও থ্রি-র ক্ষেত্রে একটিই পরীক্ষা হবে।

**লিখিত পরীক্ষার ধরনধারণ:** প্রিলিমিনারি অনলাইন পরীক্ষায় অফিস অ্যাসিস্ট্যান্ট (মাল্টিপারপাস) ও অফিসার স্কেল-ওয়ান পদের ক্ষেত্রে থাকবে ৪০ নম্বরের রিজনিং ও ৪০ নম্বরের নিউমেরিক্যাল এবিলিটি বা কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউট। সময় ৪৫ মিনিট।

মেন পরীক্ষায় অফিস অ্যাসিস্ট্যান্ট (মাল্টিপারপাস) ও অফিসার স্কেল-ওয়ান পদের ক্ষেত্রে থাকবে ৫০ নম্বরের রিজনিং, ২০ নম্বরের কম্পিউটার নলেজ, ৪০ নম্বরের জেনারেল অ্যাওয়্যারনেস, ৪০ নম্বরের ইংলিশ বা হিন্দি ল্যাঙ্গুয়েজ, ৫০ নম্বরের নিউমেরিক্যাল এবিলিটি বা কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড বিষয়ে প্রশ্ন। সময় দু' ঘণ্টা।

অফিসার স্কেল-টু (জেনারেল ব্যাঙ্কিং অফিসার) এবং অফিসার স্কেল-থ্রি (সিনিয়র ম্যানেজার) পদের পরীক্ষায় থাকবে ৫০ নম্বরের রিজনিং, ৫০ নম্বরের কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড অ্যান্ড ডেটা ইন্টারপ্রিটেশন, ৪০ নম্বরের ফিনান্সিয়াল অ্যাওয়্যারনেস, ৪০ নম্বরের ইংলিশ বা হিন্দি ল্যাঙ্গুয়েজ এবং ২০ নম্বরের কম্পিউটার নলেজ বিষয়ে প্রশ্ন। সময় দু' ঘণ্টা।

সব ক্ষেত্রেই প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েস ধরনের। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে। একটি প্রশ্নের একাধিক উত্তর লিখলে তাও ভুল উত্তর হিসেবে ধরা হবে। পশ্চিমবঙ্গে প্রিলিমিনারি পরীক্ষার কেন্দ্র বৃহত্তর কলকাতা, শিলিগুড়ি, বর্ধমান, দুর্গাপুর, আসানসোল, হুগলি ও কল্যাণী এবং মেন পরীক্ষার কেন্দ্র বৃহত্তর কলকাতা, আসানসোল ও শিলিগুড়ি।

**কীভাবে আবেদন করবেন:** অনলাইন দরখাস্ত করবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ibps.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকা চাই। অনলাইন দরখাস্ত করা যাবে ২১ সেপ্টেম্বর পর্যন্ত। অফিস অ্যাসিস্ট্যান্ট এবং অফিসার দু'টি পদের জন্যই আলাদা দরখাস্ত পূরণ করে ও ফি দিয়ে আবেদন করতে পারবেন। তবে অফিসার পদে যে-কোনও একটি স্কেলের জন্যই আবেদন করা যাবে। দরখাস্ত করার আগে নিজের ফটো (২০০x২৩০ পিক্সেল ডাইমেনশনে, ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে), সই (১৪০x৬০ পিক্সেল ডাইমেনশনে, ১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে), বাঁ-হাতের বুড়ো আঙুলের ছাপ (২৪০x২৪০ পিক্সেল ডাইমেনশনে, ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) এবং নির্দিষ্ট বয়ানে প্রার্থীর নিজের হাতে ইংরেজিতে লেখা ডিক্লারেশন (৮০০x৪০০ পিক্সেল ডাইমেনশনে, ৫০ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে) স্ক্যান করে কম্পিউটারে রাখতে হবে। এগুলি আপলোড করতে হবে।

স্ক্যান করা ফটো আপলোডের পাশাপাশি কিউআর কোড স্ক্যান করে সরাসরি ছবি তুলেও আপলোড করবেন।

অনলাইন দরখাস্ত সাবমিটের সময় একটি রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাবেন। এগুলি আলাদা করে লিখে রাখবেন। দরখাস্ত সাবমিটের পর পূরণ করা দরখাস্তটির একটি প্রিন্ট আউট নেবেন। এই প্রিন্ট আউট কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হতে পারে।

ফি বাবদ দিতে হবে ৮৫০ টাকা (তফসিলি ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১৭৫ টাকা)। অফিস অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে প্রাক্তন সমরকর্মী এবং প্রাক্তন সমরকর্মীদের উপর নির্ভরশীল প্রার্থীদের ফি বাবদ দিতে হবে ১৭৫ টাকা। অনলাইন ব্যবস্থায় ডেবিট কার্ড (রুপে/ভিসা/মাস্টার কার্ড/মায়েস্ট্রো) বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইমিডিয়েট পেমেন্ট সার্ভিস (আইএমপিএস) বা ক্যাশ কার্ড বা মোবাইল ওয়ালেটের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড ই-রিসিটের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.ibps.in

# বরোদা গ্লোবালে ১৯৪১

*প্রথম পাতার পর*

**এটিএম/রিকনসিলিয়েশন/কমপ্লেন্টস/ডেবিট কার্ডস):** ৪০টি। **এক্সিকিউটিভ-ট্রেড ফিনান্স অপারেশনস:** ২৫টি। **এক্সিকিউটিভ (সিএএসএ/এফসিএনআর/কলিং):** ৪০টি। **এক্সিকিউটিভ/সিনিয়র এক্সিকিউটিভ (মেকার্স):** ২০টি। **এএম/ডিএম/লিডস-টেলি কালেকশন (ডিআরএ সার্টিফায়েড):** ৬টি। **এক্সিকিউটিভ-ডেবিট কার্ড অপারেশনস (ইস্যুয়েন্স/রিকনসিলিয়েশন/ডিসপুটস):** ১০টি। **ফিল্ড কালেকশন অফিসার (ডিআরএ সার্টিফায়েড):** ৪০০টি। **ডিজিটাল অনবোর্ডিং স্পেশ্যালিস্ট (পার্ট টাইম):** ৪০০টি। **সেলস অফিসার/এএসএম/আরএসএম (লোন-হোম/অটো/ট্র্যাক্টর/এডুকেশন):** ৩৫০টি। **আধার অপারেটর (পার্ট টাইম)-এনএসইআইটি সার্টিফায়েড:** ৪০০টি।

প্রার্থীর সম্পূর্ণ জীবনপঞ্জি ই-মেল করতে হবে এই আইডি-তে: recruitment@bgss.in

আবেদনের শেষ তারিখ ৩০ সেপ্টেম্বর। বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। আগ্রহীরা নজর রাখুন এই ওয়েবসাইটে: www.bgss.in

# কেন্দ্রীয় সরকারে ১২৩

*প্রথম পাতার পর*

**কেমিস্ট (গ্রুপ এ):** ৭টি। এর মধ্যে ১টি শূন্যপদ প্রতিবন্ধী প্রার্থীর জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: কেমিস্ট্রি বা অ্যাপ্লায়েড কেমিস্ট্রি বা অ্যানালিটিক্যাল কেমিস্ট্রিতে এম এসসি।

**অ্যাসিস্ট্যান্ট জিওলজিস্ট (গ্রুপ বি):** ৩৪টি। এর মধ্যে ২টি শূন্যপদ প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: জিওলজি বা অ্যাপ্লায়েড জিওলজি বা মিনারেল এক্সপ্লোরেশন বা মেরিন জিওলজি বা আর্থ সায়েন্সে এম এসসি বা ইন্টিগ্রেটেড এম এসসি।

**অ্যাসিস্ট্যান্ট জিওফিজিসিস্ট (গ্রুপ বি):** ৩৫টি। এর মধ্যে ৩টি শূন্যপদ প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: নিম্নলিখিত যে-কোনও একটি বিষয়ে এম এসসি বা ইন্টিগ্রেটেড এম এসসি ডিগ্রি বা এম এসসি (টেক)— জিওফিজিক্স, এক্সপ্লোরেশন জিওফিজিক্স, অ্যাপ্লায়েড জিওফিজিক্স, জিও-এক্সপ্লোরেশন, মেরিন জিওফিজিক্স, ফিজিক্স, অ্যাপ্লায়েড ফিজিক্স, অ্যাপ্লায়েড জিওলজি।

**অ্যাসিস্ট্যান্ট কেমিস্ট (গ্রুপ বি):** ৬টি। এর মধ্যে ১টি শূন্যপদ প্রতিবন্ধী প্রার্থীর জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: নিম্নলিখিত যে-কোনও একটি বিষয়ে এম এসসি বা ইন্টিগ্রেটেড এম এসসি ডিগ্রি—কেমিস্ট্রি, অ্যাপ্লায়েড কেমিস্ট্রি, অ্যানালিটিক্যাল কেমিস্ট্রি, ফিজিক্যাল কেমিস্ট্রি, ইনঅর্গানিক কেমিস্ট্রি, অর্গানিক কেমিস্ট্রি, হাইড্রো-কেমিস্ট্রি, ইন্ডাস্ট্রিয়াল কেমিস্ট্রি।

**ক্যাটেগরি ২: সায়েন্টিস্ট 'বি' (হাইড্রোজিওলজি) (গ্রুপ 'এ'):** ৫টি। এর মধ্যে ১টি শূন্যপদ প্রতিবন্ধী প্রার্থীর জন্য সংরক্ষিত থাকবে। **অ্যাসিস্ট্যান্ট হাইড্রোজিওলজিস্ট (গ্রুপ 'বি'):** ৭টি। এর মধ্যে ১টি শূন্যপদ প্রতিবন্ধী প্রার্থীর জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: জিওলজি বা অ্যাপ্লায়েড জিওলজি বা মেরিন জিওলজি বা হাইড্রোজিওলজিতে স্নাতকোত্তর ডিগ্রি।

বয়স: ১-১-২০২৭ তারিখে ২১ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ের লিখিত পরীক্ষা এবং পার্সোন্যালিটি টেস্টের মাধ্যমে। প্রিলিমিনারি পরীক্ষা ২০২৭-এর ১০ জানুয়ারি এবং মেন পরীক্ষা ১৯ ও ২০ জুন। কম্পিউটার-ভিত্তিক প্রিলিমিনারি পরীক্ষায় (৪০০ নম্বর) প্রশ্ন হবে অবজেক্টিভ ধরনের এবং মেন পরীক্ষায় (৬০০ নম্বর) প্রশ্ন হবে ডেসক্রিপটিভ ধরনের। পার্সোন্যালিটি টেস্ট ২০০ নম্বরের। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা।

প্রিলিমিনারি পরীক্ষা হবে দু'টি পেপারের। প্রতিটি পেপার ২ ঘণ্টা করে। মেন পরীক্ষা তিনটি পেপারের। প্রতিটি পত্র ৩ ঘণ্টা করে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.upsconline.nic.in অনলাইন দরখাস্ত করা যাবে ২২ সেপ্টেম্বর পর্যন্ত। দরখাস্তের সময় ফটো, সই এবং তাৎক্ষণিক ছবি (লাইভ ফটো) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ২০০ টাকা। মহিলা, তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ফি লাগবে না। অনলাইনে ফি দেওয়া যাবে ভিসা বা মাস্টার বা রুপে ক্রেডিট বা ডেবিট কার্ড বা ইউপিআইয়ের মাধ্যমে।

অনলাইনে দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিটের পর দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.upsc.gov.in

# ব্যাঙ্ক অব বরোদায় ১১০০ ওয়েল্‌থ এক্সিকিউটিভ, ক্রেডিট অ্যানালিস্ট

*প্রথম পাতার পর*

পাশাপাশি, সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ২২ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ৪৮,৪৮০-৮৫,৯২০ টাকা।

**ক্রেডিট অ্যানালিস্ট-সি অ্যান্ড আইসি (এমএমজি/এস-টু):** ১০০টি (সাধারণ ৪০, তফসিলি জাতি ১৫, তফসিলি উপজাতি ৮, ওবিসি ২৭, আর্থিক ভাবে অনগ্রসর ১০)। এর মধ্যে ৪টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে চার্টার্ড অ্যাকাউন্ট্যান্সি পাশ করে থাকতে হবে। পাশাপাশি, সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। কর্পোরেট ক্রেডিট বিষয়ে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। **বয়স:** ২১ থেকে ৩৩ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ৬৪,৮২০-৯৩,৯৬০ টাকা।

১-৯-২০২৬ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন টেস্ট, সাইকোমেট্রিক টেস্ট ও গ্রুপ ডিসকাশন বা পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। অনলাইন টেস্টে প্রশ্ন হবে এই সব বিষয়ে (বন্ধনীতে নম্বর): ইংলিশ ল্যাঙ্গুয়েজ (২০), রিজনিং এবিলিটি অ্যান্ড কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (২০), জেনারেল/ইকনমিক অ্যান্ড ব্যাঙ্কিং অ্যাওয়্যারনেস (২০) এবং সংশ্লিষ্ট বিষয় (৬০)। সময় ২ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্রগুলি হল— কলকাতা, হুগলি, কল্যাণী, শিলিগুড়ি, দুর্গাপুর, আসানসোল ও বর্ধমান।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bankofbaroda.bank.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ২৪ সেপ্টেম্বর পর্যন্ত।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ৮৫০ টাকা (মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ১৭৫ টাকা)। ব্যাঙ্ক চার্জ অতিরিক্ত। ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইউপিআইয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

জলে-জমিতে কর্মক্ষেত্র

# কৃষকের বন্ধু-পোকা



বন্ধু-পোকাদের আশ্রয় এবং খাদ্যের ব্যবস্থা করে ঠিকমতো লালন করতে জানলে, ফসলের ক্ষতিকারক পোকাদের ধ্বংস করে তারা চাষিকে বড় আর্থিক ক্ষতির হাত থেকে বাঁচাতে পারে। সব থেকে বড় কথা এর ফলে রাসায়নিক কীটনাশকের উপর নির্ভরতা কমে আসে এবং উপভোক্তা রাসায়নিক বিষমুক্ত খাদ্যশস্য খেতে পারেন। পরিবেশের ক্ষতিও কম হয়। জানাচ্ছেন পশ্চিমবঙ্গ সরকারের অবসরপ্রাপ্ত যুগ্ম কৃষিঅধিকর্তা **সৌমেন্দ্রনাথ দাস**।



নানান পোকামাকড় খাদ্য ও ফসলের মারাত্মক ক্ষতি করে এবং ফসলের উৎপাদন এমনকী গুণমান বহুলাংশে কমিয়ে দেয়। কৃষকেরা পড়েন মহাবিপদে। তবে, আমাদের সবার দৃষ্টির আড়ালে প্রকৃতিতে এমন সব জীব রয়েছে, যারা নিঃশব্দে কৃষকের উপকারী বন্ধু হিসেবে নিরন্তর কাজ করে চলেছে। এরাও পোকা, তবে কৃষকের বন্ধু-পোকা। এরা ফসলের ক্ষতিকারক পোকামাকড়দের শিকার করে এবং এদের খেয়ে বেঁচে থাকে। এভাবেই এরা ফসলকে ক্ষতিকারক পোকাদের আক্রমণ থেকে নিরাপদে রাখে।

ফসলের ক্ষতিকারক পোকামাকড়দের দমনের জন্য, রাসায়নিক কীটনাশক প্রয়োগের উপর কৃষকের নির্ভরশীলতা অনেকাংশে কমিয়ে দেয় এই বন্ধু-পোকারা। এর ফলে উৎপাদিত ফসল অনেকাংশে রাসায়নিক বিষমুক্ত হয়। তাতে মানুষের স্বাস্থ্য-নিরাপত্তাও সুনিশ্চিত হয়। পরিবেশ দূষণের মতো সমস্যাও কমে।

এক কথায় ফসলের ক্ষতিকারক পোকাদের জৈবিক নিয়ন্ত্রণের অত্যন্ত কার্যকরী উপায় এই বন্ধু-পোকাদের উপস্থিতি। রাসায়নিক বিষমুক্ত শস্য এবং দূষণমুক্ত পরিবেশ পেতে এই সব উপকারী বন্ধু-পোকাদের বাঁচিয়ে রাখা দরকার। সেজন্য এই সব উপকারী বন্ধু-পোকাদের আশ্রয়দাতা গাছেদেরও আমাদের রক্ষা করতে হবে। এই আশ্রয়দাতা গাছ মূলত নিশিন্দা, ভেরেন্ডা, দুধকলমি, আকন্দ, লান্টেনা, পটারি, জংলিতুলসী, কাঁকড়াঘাস, মউকুন্ডীলতা এবং পার্থেনিয়াম প্রভৃতি। আশ্রয় দান করা ছাড়াও এরা খাবার হিসেবে ফুলের মধু ও পরাগরেণু সরবরাহ করে। সেগুলো খেয়েই বন্ধু-পোকারা বেঁচে থাকে এবং তাদের জীবনচক্র সম্পূর্ণ করে।

এই সব শিকারি বন্ধু-পোকা ফসলের ক্ষতিকারক শত্রু-পোকাদের শিকার করার জন্য নানান অভিনব কৌশল গ্রহণ করে। বন্ধু-পোকাগুলি লার্ভা বা কীড়া, এমনকী পূর্ণাঙ্গ চেহারার শত্রু-পোকাদেরও শিকার করে খেয়ে ফেলতে পারে। এই ভাবে তারা কৃষককে বড় আর্থিক ক্ষতির হাত থেকেও বাঁচিয়ে দেয়।

কিছু উপকারী বন্ধু-পোকার বিষয়ে আলোচনা করা যাক।

**লেডিবার্ড বিটল**: গ্রামবাংলায় এটি টিপপোকা অথবা হরিণ পোকা নামেও পরিচিত। পূর্ণাঙ্গ পোকাটির দেহ গোল অথবা ডিম্বাকার। পিঠের দিকটা গম্বুজের মতো। দেহের রং লাল-কমলা এবং হলুদ, উপরে গাঢ় কালো রঙের ফুটকি। এরা লার্ভা ও পূর্ণাঙ্গ দশায় ফসলের শত্রু জাব আঁশ, চষি এবং সাদা মাছির মতো পোকামাকড়দের খেয়ে ফেলে ফসলকে রক্ষা করে।

**নেকড়ে মাকড়সা**: এটি ফসলের শত্রু-পোকাদের যম! এরা অত্যন্ত শক্তিশালী ও তীব্র গতিসম্পন্ন। দৃষ্টিশক্তি প্রখর। শিকার ধরার ক্ষমতা অকল্পনীয়! এই মাকড়সাদের বাদামি-ধূসর এবং কালো রঙের দেহটি প্রকৃতির সঙ্গে কার্যত মিশে থাকে এবং ফসলের ক্ষতিকারক পোকামাকড়দের চোখে ধুলো দিয়ে এদের শিকার করে। মূলত রাতেই এই মাকড়সারা অধিক সক্রিয় থাকে। ফসলের বাদামি শোষক, পাতা মোড়া, ঝিঁঝি এবং ঘাসফড়িংদের শিকার করে এরা।

**বোতল পোকা**: এর ইংরেজি নাম গ্রাউন্ড বিটল। পোকাটির দেহের আকার অনেকটা বোতলের মতো এবং গায়ের রং চকচকে কালো। শক্তিশালী চোয়াল থাকার জন্য এদের শিকার ধরতে সুবিধা হয়। রাতের অন্ধকারেই এরা বেশি সক্রিয় থাকে। এরা মাটি খুঁড়ে শিকার ধরতে পারদর্শী। লার্ভা এবং পূর্ণাঙ্গ অবস্থায় ফসলের ক্ষতিকারক কাটুই, জাব, শামুক, ফ্লিয়াবিটল এবং শুঁয়োপোকাদের খেয়ে ফেলে এরা ফসলকে বাঁচায়।

**প্রেয়িংম্যান্টিস**: বাংলায় একে ধ্যানী পোকা নামে সবাই চেনে।




শিকার ধরার জন্য সামনের পা দু'টি জোড়া করে প্রার্থনার ভঙ্গিতে স্থির হয়ে থাকে। গলা নমনীয়, ত্রিকোণাকার। মাথাটি ১৮০ ডিগ্রি ঘোরাতে পারে। এরা ছদ্মবেশ ধারণে করে পটু এবং অত্যন্ত ক্ষিপ্র শিকারি। ফসলের ক্ষতিকারক পোকা নিধনের জন্য এরা প্রকৃতির দারোয়ান নামেও পরিচিত। মূলত প্রজাপতি ও পঙ্গপালদের খেয়ে এরা ফসলকে রক্ষা করে।

**ক্ষুদ্র জলদস্যু বাগ**: পোকাটি ফুলবাগ নামেও পরিচিত। ইংরেজি নাম মাইনুট পাইরেট বাগ। ক্ষুদ্রাকার পূর্ণাঙ্গ পোকাটির দেহ গোলাকার। মাথা সুস্পষ্ট কালো রঙের। পূর্ণাঙ্গ পোকা তার সূচালো মুখ-উপাঙ্গটি আক্রান্ত গাছের দেহে ঢুকিয়ে দিয়ে রস চুষে খায়। একটি পূর্ণাঙ্গ বাগ সারা দিনে প্রায় ৩০টি স্পাইডার মাকড় খেতে পারে। এই বন্ধু-পোকাটির আশ্রয়দাতা গাছ— গাঁদা, ভুট্টা, সয়াবিন, তুলো এবং টম্যাটো। এই বন্ধু-পোকাটি ফসলের শত্রু মাকড়, সাইলিড, চষি, সাদা মাছি এবং ক্ষুদ্রাকার শুঁয়োপোকাদের কীড়া এবং ডিম খেয়ে ফেলে।

**ব্র্যাকোনিড বোলতা**: এই বন্ধু-পোকাটি স্বভাবে পরজীবী। দেখতে অনেকটা বোলতার মতো। দেহের রং কালচে বাদামি। শুঁড় বা অ্যান্টেনা ১৬ ভাগে খণ্ডিত। এরা শত্রু-পোকাদের দেহের উপর অথবা ভিতরে ডিম পাড়ে। ডিম ফুটে বের হওয়া লার্ভা বা কীড়াগুলি ফসলের ক্ষতিকারক শুঁয়োপোকা, জাব, বিটল ও বাঁধাকপির লুপার ও হর্নওয়াম এবং প্রজাপতিদের খেয়ে ফসলকে বাঁচায়।

**লেস উইং**: বাংলায় এই বন্ধু-পোকাটিকে জাল ডানা বিশিষ্ট পোকা বলা হয়। পূর্ণাঙ্গ সবুজ রঙের পোকার ডানাগুলি জালিকাকার। দেহটি নরম এবং পাশাপাশি বড় মাপের পুঞ্জাক্ষি থাকে। করাতের মতো মুখোপাঙ্গের সাহায্যে এরা নরম দেহের পোকামাকড় খায়। আশ্রয়দাতা গাছ থেকে এরা মধু ও পরাগ খেয়ে বেঁচে থাকে। এই বন্ধু-পোকাটি ফসলের ক্ষতিকারক জাব, আঁশ, সাইলিড, দয়ে, চষি এবং মাকড় খেয়ে ফসলকে বাঁচায়।



**গঙ্গাফড়িং বা ড্রাগন ফ্লাই**: গ্রাম-এলাকার লোকেদের কাছে এটি গয়াল পোকা নামেও পরিচিত। জলাভূমি এলাকায় এদের বসবাস। পতঙ্গভুক শিকারি বন্ধু-পোকাটির দেহের সমকোণে দুই জোড়া শক্তিশালী ডানা আছে। মাথাটি বড় মাপের, ইচ্ছেমতো ঘোরাতে পারে। দেহটি লম্বা ও সরু। এরা অতিশয় দ্রুত উড়তে পারে। গঙ্গাফড়িং ফসলের ক্ষতিকারক বাদামি শোষক, শ্যামাপোকা, গলমিজ, মথ ইত্যাদিকে খেয়ে ফেলে। শিকার ধরার জন্য এরা গতি এবং ছদ্মবেশ ব্যবহার করে।

# টিবেটান স্টাডিজে অধ্যাপক

প্রফেসর, অ্যাসোসিয়েট প্রফেসর ও অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদে ৫৯ জনকে নেবে বেনারসের সেন্ট্রাল ইনস্টিটিউট অব হায়ার টিবেটান স্টাডিজ। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: CIHTS/Acad./Rectt./01/2026.

**শূন্যপদের বিন্যাস: প্রফেসর:** ৯টি। **অ্যাসোসিয়েট প্রফেসর:** ৭টি। **অ্যাসিস্ট্যান্ট প্রফেসর:** ৪৩টি।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://cihtsrec.samarth.edu.in অনলাইন দরখাস্ত করা যাবে ৫ অক্টোবর পর্যন্ত।

বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। আগ্রহীরা নজর রাখুন এই ওয়েবসাইটে: https://cihts.ac.in

# গেইল-এ এক্সিকিউটিভ ট্রেনি

বেশ কিছু এক্সিকিউটিভ ট্রেনি নেবে গ্যাস অথরিটি অব ইন্ডিয়া লিমিটেড (গেইল)। নিয়োগ করা হবে কেমিক্যাল, ইনস্ট্রুমেন্টেশন, ইলেক্ট্রিক্যাল ও মেকানিক্যাল শাখায়। প্রার্থীকে অবশ্যই ২০২৭-এর গেট পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। ২৭ সেপ্টেম্বরের মধ্যে গেট পরীক্ষার জন্য অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://gate2027.iitm.ac.in পরীক্ষা হবে আগামী বছরের ফেব্রুয়ারি মাসে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: GAIL/OPEN/ET/1/2026

**ইঞ্জিনিয়ারিং শাখা অনুসারে শিক্ষাগত যোগ্যতা:** কেমিক্যাল: কেমিক্যাল বা পেট্রোকেমিক্যাল বা কেমিক্যাল টেকনোলজি বা পেট্রোকেমিক্যাল টেকনোলজি বা কেমিক্যাল টেকনোলজি অ্যান্ড পলিমার সায়েন্স বা কেমিক্যাল টেকনোলজি অ্যান্ড প্লাস্টিক টেকনোলজিতে ব্যাচেলর্স ডিগ্রি। এর পাশাপাশি, গেট-২০২৭ পরীক্ষায় 'সিএইচ' পত্রে বৈধ স্কোর করে থাকতে হবে।

ইনস্ট্রুমেন্টেশন: ইনস্ট্রুমেন্টেশন বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন বা ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে ব্যাচেলর্স ডিগ্রি। এর পাশাপাশি, গেট-২০২৭ পরীক্ষায় 'আইএন' পত্রে বৈধ স্কোর করে থাকতে হবে।

ইলেক্ট্রিক্যাল: ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড পাওয়ার বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড পাওয়ার ইঞ্জিনিয়ারিংয়ে ব্যাচেলর্স ডিগ্রি। এর পাশাপাশি, গেট-২০২৭ পরীক্ষায় 'ইই' পত্রে বৈধ স্কোর করে থাকতে হবে।

মেকানিক্যাল: মেকানিক্যাল বা প্রোডাকশন বা প্রোডাকশন অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল বা ম্যানুফ্যাকচারিং বা মেকানিক্যাল অ্যান্ড অটোমোবাইল ইঞ্জিনিয়ারিংয়ে ব্যাচেলর্স ডিগ্রি। এর পাশাপাশি, গেট-২০২৭ পরীক্ষায় 'এমই' পত্রে বৈধ স্কোর করে থাকতে হবে।

সব ক্ষেত্রেই অন্তত ৬৫ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৬০ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

২০২৫ সাল বা তার আগে ইঞ্জিনিয়ারিং পাশ করে থাকলে আবেদন করবেন না।

**বয়স:** ১৮-৩-২০২৭ তারিখে ২৬ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে গেট-২০২৭ পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে।

গেট পরীক্ষায় প্রাপ্ত রেজিস্ট্রেশন নম্বরের সাহায্যে গেইল-এর শূন্যপদে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://gailonline.com দরখাস্ত করা যাবে ১৭ ফেব্রুয়ারি থেকে ১৮ মার্চ পর্যন্ত। দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করবেন। রেজিস্ট্রেশন নম্বর-সহ সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: https://careers.gail.co.in

# স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ায় স্পেশ্যালিস্ট অফিসার

ইনভেস্টমেন্ট অফিসার এবং অ্যাসিস্ট্যান্ট ভাইস প্রেসিডেন্ট-ওয়েল্থ পদে ৭৭ জনকে নেবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া। ৫ বছরের চুক্তিতে নিয়োগ করা হবে কলকাতা, বেঙ্গালুরু, ভুবনেশ্বর-সহ একাধিক সার্কেলে। কর্তৃপক্ষ মনে করলে চুক্তির মেয়াদ আরও ৪ বছর বাড়তে পারে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: CRPD/SCO/2026-27/23.

**শূন্যপদের বিবরণ: অ্যাসিস্ট্যান্ট ভাইস প্রেসিডেন্ট-ওয়েল্থ (আর এম):** ৭৩টি (সাধারণ ২৯, তফসিলি জাতি ১৪, তফসিলি উপজাতি ৫, ওবিসি ১৮, আর্থিক ভাবে অনগ্রসর ৭)। এর মধ্যে ১১টি শূন্যপদ প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে।

**সার্কেল অনুসারে শূন্যপদ:** কলকাতা ৬টি, বেঙ্গালুরু ২০টি, ভোপাল ৪টি, চেন্নাই ২টি, জয়পুর ৮টি, লখনউ ৪টি, নিউ দিল্লি ১৬টি, তিরুবনন্তপুরম ১৩টি। **শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক, সঙ্গে ব্যাঙ্ক বা আর্থিক পরিষেবা প্রদানকারী সংস্থায় সেলস অ্যান্ড মার্কেটিং-সংক্রান্ত কাজে ৩ বছরের অভিজ্ঞতা-সহ মোট ৪ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ফিনান্স বা মার্কেটিং বা ব্যাঙ্কিংয়ে পোস্ট-গ্র্যাজুয়েশন করে থাকলে অগ্রাধিকার।

**ইনভেস্টমেন্ট অফিসার:** শূন্যপদ ৪টি (সাধারণ ২, তফসিলি উপজাতি ১, ওবিসি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

**সার্কেল অনুসারে শূন্যপদ:** বেঙ্গালুরু ১টি, ভুবনেশ্বর ১টি, গান্ধীনগর ১টি, হায়দরাবাদ ১টি। **শিক্ষাগত যোগ্যতা:** ফিনান্স বা অ্যাকাউন্ট্যান্সি বা বিজনেস ম্যানেজমেন্ট বা কমার্স বা ইকনমিক্স বা ক্যাপিটাল মার্কেটস বা ব্যাঙ্কিং বা ইনশিওরেন্স বা অ্যাকচুয়ারিয়াল সায়েন্সে পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমা। অথবা সিএ বা সিএফএ। সিএফপি বা এনআইএসএম ইনভেস্টমেন্ট অ্যাডভাইজার বা রিসার্চ অ্যানালিস্ট সার্টিফিকেট থাকলে অগ্রাধিকার। পাশাপাশি, ওয়েল্থ ম্যানেজমেন্ট ফার্ম বা এএমসি-তে ইনভেস্টমেন্ট অ্যাডভাইজার বা কাউন্সেলর বা অফিসার হিসেবে ৪ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**বয়স:** ৩১-৮-২০২৬ তারিখে অ্যাসিস্ট্যান্ট ভাইস প্রেসিডেন্ট পদের ক্ষেত্রে ২৩ থেকে ৩৫ বছর ও ইনভেস্টমেন্ট অফিসার পদের ক্ষেত্রে ২৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতন:** অ্যাসিস্ট্যান্ট ভাইস প্রেসিডেন্ট পদের ক্ষেত্রে বার্ষিক ৩০ লাখ ২০ হাজার টাকা এবং ইনভেস্টমেন্ট অফিসার পদের ক্ষেত্রে বার্ষিক ২৭ লাখ ১০ হাজার টাকা।

মনে রাখবেন প্রার্থী যে-কোনও তিনটি সার্কেলের নির্দিষ্ট শূন্যপদে আবেদন করতে পারবেন। প্রাথমিক ভাবে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://sbi.bank.in প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। দরখাস্তের শেষ তারিখ ২৫ সেপ্টেম্বর। দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে, হালকা রঙের ব্যাকগ্রাউন্ডে তোলা), সই (১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে), সংক্ষিপ্ত জীবনপঞ্জি, সচিত্র পরিচয়পত্র, প্যান কার্ড, শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্র, কাজের অভিজ্ঞতার প্রমাণপত্র, ফর্ম ১৬ বা অফার লেটার বা সাম্প্রতিকতম স্যালারি স্লিপ, প্রযোজ্য ক্ষেত্রে নো-অবজেকশন সার্টিফিকেট এবং দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট আপলোড করতে হবে।

দরখাস্তের ফি (ইন্টিমেশন চার্জ-সহ) বাবদ অনলাইন দিতে হবে ৭৫০ টাকা। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ফি লাগবে না। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিটের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন।

অনলাইন দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।


খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কারেন্ট অ্যাফেয়ার্স ১


২৩ অগাস্ট-৩১ অগাস্ট

**২৩ অগাস্ট** দু'দিনের রাশিয়া সফরে গেলেন বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর। আমেরিকার সঙ্গে শুল্ক নিয়ে উত্তেজনার আবহে এবং সেপ্টেম্বরে আসন্ন ব্রিকস শীর্ষ সম্মেলনে যোগ দিতে রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সম্ভাব্য ভারত সফরের আগে বিদেশমন্ত্রীর এই সফর অত্যন্ত তাৎপর্যপূর্ণ বলে মনে করছেন কূটনীতিকরা। এই সফরের মাধ্যমে মস্কোর সঙ্গে বাণিজ্য, জ্বালানি, প্রতিরক্ষা এবং বৃহত্তর ভূ-রাজনৈতিক বিষয় নিয়ে আলোচনা করার সুযোগ পাবে নয়াদিল্লি। মস্কোয় পৌঁছে ভারত-রাশিয়া 'কমিশন অন ট্রেড, ইকনমিক, সায়েন্টিফিক, টেকনোলজিক্যাল অ্যান্ড কালচারাল কো-অপারেশন'-এর ২৭তম অধিবেশনে অংশ নেন জয়শঙ্কর। বৈঠক করেন রুশ বিদেশমন্ত্রী সের্গেই লাভরভের সঙ্গেও।

## রাশিয়া সফরে গিয়ে পুতিনের সঙ্গে সাক্ষাৎ জয়শঙ্করের



**২৪ অগাস্ট:** রাশিয়া সফরে গিয়ে মস্কোয় রুশ প্রেসিডেন্ট পুতিনের সঙ্গে বৈঠক করলেন বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর। উল্লেখ্য, সপ্তাহ দুয়েক পরেই নয়াদিল্লিতে ব্রিকস বৈঠকে যোগ দেওয়ার কথা ভ্লাদিমির পুতিন এবং চিনা প্রেসিডেন্ট শি জিনপিংয়ের। তার আগেই এই দুই দেশে পৌঁছেছেন ভারতের দুই সরকারি কর্তা। চিনে গিয়েছেন জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত ডোভাল। সীমান্তে শান্তি ও নিরাপত্তা নিয়ে তাঁর বৈঠক হয় সেদেশের বিদেশমন্ত্রী ওয়াং ই-র সঙ্গে। পুতিন-জয়শঙ্কর বৈঠকে পর্যালোচনা কমিশন গঠন, পরমাণু সহযোগিতা বৃদ্ধি এবং দু'টি দেশের বাণিজ্যপথ সহজ করার বিষয়টি গুরুত্ব পেয়েছে বলে বিদেশ মন্ত্রক সূত্রে জানা গিয়েছে।



"আমাদের এ বিষয়ে (সন্ত্রাসদমন) এক সুরে কথা বলতে হবে। দ্বিচারিতার কোনও জায়গা নেই। যেসব দেশ সন্ত্রাসবাদকে তাদের জাতীয় নীতির অংশ করেছে, সন্ত্রাসবাদীদের সাহায্য করছে ও আশ্রয় দিচ্ছে তাদের কড়া বার্তা দিতে হবে। সন্ত্রাসবাদ কখনও কোনও দেশের কৌশলগত সম্পদ হতে পারে না।"

**নরেন্দ্র মোদী**, *ভারতের প্রধানমন্ত্রী*
কিরগিজস্তানের রাজধানী বিশকেক-এ সাংহাই কো-অপারেশন অর্গানাইজেশনের (এসসিও) শীর্ষ সম্মেলনে অংশ নিয়ে

**ইরানের 'সরকারি সপ্তাহ' (গভর্নমেন্ট উইক)** উদযাপনের অনুষ্ঠানে অংশ নিয়ে দেশবাসীকে কঠিন সময়ে সরকারের পাশে দাঁড়ানোর জন্য ধন্যবাদ জানালেন সেদেশের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। তিনি বলেন, 'ওরা (আমেরিকা) ইরানের অবস্থা ভেনেজুয়েলার মতো করতে চেয়েছিল। কিন্তু ইরানের প্রতিরোধ, সংহতি ও ঐক্য সারা বিশ্বকে চমকে দিয়েছে।' বিশ্বের সবচেয়ে শক্তিশালী দেশের টানা আক্রমণের জবাবও যে ইরান দৃঢ়তার সঙ্গে দিতে পেরেছে আজ বিশ্বের আঙ্গিনায় তা দৃষ্টান্তস্বরূপ বলেও জানান পেজেশকিয়ান। তবে দু-পক্ষের মধ্যে উত্তেজনা থাকলেও শান্তি আলোচনায় গতি আনতে পাক সেনাপ্রধান তেহরান পৌঁছেছেন বলে জানিয়েছে ইরানের বিদেশ মন্ত্রক।

**জাহাজ নির্মাণ সংস্থা গার্ডেনরিচ** শিপ বিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্স এবং বিভিন্ন অস্ত্রশস্ত্র ও সামরিক সরঞ্জাম নির্মাতা সংস্থা যন্ত্র বিকাশ লিমিটেড মিলে এরাজ্যে তাদের পাঁচটি, সম্প্রসারণ প্রকল্পে ৩,৪০০ কোটি টাকা বিনিয়োগ করবে বলে জানাল। এর মধ্যে ২,৫০০ কোটি টাকা বিনিয়োগে কলকাতা বন্দরের ৩২ একর জমিতে রায়চকে বাণিজ্যিক এবং যুদ্ধজাহাজ নির্মাণ ও মেরামতির কারখানা হবে। ওই কারখানায় সর্বোচ্চ ২০০ মিটার দীর্ঘ এবং ৬০ হাজার টন পর্যন্ত ভার বহনের উপযোগী জাহাজ নির্মাণের পরিকাঠামো থাকবে। এই পাঁচটি নতুন উদ্যোগের সূচনা করতে পশ্চিমবঙ্গে আসেন প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিংহ।

**ইস্টবেঙ্গলের ডুরান্ড জয়ের দিনই** লাল-হলুদের মেয়েরাও নজির গড়লেন। মালয়শিয়ার সাবাহ এফ এ-কে ২-০ হারিয়ে এএফসি চ্যাম্পিয়ন্স লিগের মূলপর্বে টানা দ্বিতীয়বার উঠল ইস্টবেঙ্গলের মেয়েদের টিম। মেয়েদের এএফসি চ্যাম্পিয়ন্স লিগের প্রাথমিক পর্বে শুরু থেকেই দুরন্ত ছন্দে রয়েছে ইস্টবেঙ্গল। এবারের মরসুমে লিগের মূল পর্বে ইস্টবেঙ্গলের প্রতিপক্ষ কারা সেটা ৩ সেপ্টেম্বরের ড্রয়ের পরেই স্পষ্ট হবে। খেলা শুরু হবে ১ নভেম্বর থেকে। চলবে ৭ নভেম্বর পর্যন্ত।

## ২২ বছর পর ১৭তম ডুরান্ড জয় ইস্টবেঙ্গলের



**২৩ অগাস্ট:** ২২ বছরের অপেক্ষার অবসান ঘটিয়ে মোহনবাগানকে ৪-১ গোলে হারিয়ে ১৭তম ডুরান্ড কাপ জিতল ইস্টবেঙ্গল। ডুরান্ড কাপের ইতিহাসে মোহনবাগানের বিরুদ্ধে সবচেয়ে বড় ব্যবধানে ইস্টবেঙ্গল জিতেছিল ১৯৭৯ সালে (৩-০)। এদিন মোহনবাগানকে ৪-১-এ হারিয়ে নতুন নজির সৃষ্টি হল। বিপিন সিংহের গোলে ইস্টবেঙ্গল ১-০ এগিয়ে যাওয়ার পরে এডমুন্ড লালরিনডিকা হ্যাটট্রিক করেন। মোহনবাগানের মনবীর সিংহ একমাত্র গোলটি করেন।

**২৪ অগাস্ট** আমেরিকার হেরিটেজ অকশনে ৩২ কোটিতে বিক্রি হল দিয়েগো মারাদোনার স্মৃতি বিজড়িত 'হ্যান্ড অব গড'-এর বল। ১৯৮৬-র বিশ্বকাপে ইংল্যান্ডের বিরুদ্ধে সেই গোল যে বলে হয়েছিল সেটির দাম উঠেছিল ২.৫ মিলিয়ন পাউন্ড বা ভারতীয় মুদ্রায় ৩২ কোটি ৬৩ লক্ষ টাকা। কোয়ার্টার ফাইনালের সেই ম্যাচে ইংল্যান্ডকে ২-১ গোলে হারিয়েছিল আর্জেন্টিনা। গোলরক্ষক পিটার শিলটনের মাথার উপর দিয়ে বলটি জালে পাঠাবার সময় মারাদোনার হাত ছুঁয়ে যায় বলে। মারাদোনা পরে বলেছিলেন ওটা ছিল 'ঈশ্বরের হাত'।

**রাজ্যে 'আইনশৃঙ্খলা রক্ষার'** আইনকে কার্যকর করল রাজ্য সরকার। নবান্নে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেন, 'এবার থেকে সরকারি সম্পত্তি ভাঙচুর, পুলিশকে আক্রমণ, থানা জ্বালানো, বিডিও অফিস জ্বালানো হলে গ্রেফতার করার পাশাপাশি ক্ষতিপূরণও আদায় করা হবে।' উল্লেখ্য, বিধানসভায় দি ওয়েস্ট বেঙ্গল মেনটেন্যান্স অব পাবলিক অর্ডার আইনের সংশোধনী পাশ করেছিল রাজ্য সরকার। মুখ্যমন্ত্রী এদিন জানান, সরকারি সম্পত্তি নষ্ট করা রোখার সংশ্লিষ্ট আইনে রাজ্যপাল সই করে দেওয়ার পরে রাজ্য সরকার তা বিধি হিসেবে কার্যকর করল। এ নিয়ে স্বরাষ্ট্র ও পার্বত্য বিষয়ক দফতর বিজ্ঞপ্তিও প্রকাশ করেছে।

**২৫ অগাস্ট** ভারতের জাতিগত বৈষম্য দূরীকরণ সংক্রান্ত রাষ্ট্রপুঞ্জের কমিটির রিপোর্ট প্রকাশ্যে এল। তাতে ভারতের দলিত, জনজাতি এবং অন্যান্য প্রান্তিক জনগোষ্ঠীর উপরে মানবাধিকার লঙ্ঘন ও বৈষম্যের বিষয়ে গভীর উদ্বেগ প্রকাশ করা হয়েছে। বলা হয়েছে, তফসিলি জাতি, উপজাতি এবং জনজাতির বিরুদ্ধে আইনপ্রয়োগকারী আধিকারিকদের অতিরিক্ত বলপ্রয়োগ, নির্বিচারে আটক রাখা, নির্যাতন, লিঙ্গভিত্তিক ও যৌন সহিংসতার মতো গুরুতর ঘটনা ঘটছে যা নিয়ে কমিটি উদ্বিগ্ন। এই ধরনের প্রতিটি ঘটনার দ্রুত, নিরপেক্ষ ও পুঙ্খানুপুঙ্খ তদন্ত নিশ্চিত করতে এবং দোষী ব্যক্তিদের শাস্তির আওতায় আনতে ভারতকে বলেছে ওই কমিটি।

**ভারত ও রাশিয়ার মধ্যে বাণিজ্য** এবং অর্থনীতি সংক্রান্ত বৈঠকে ভারতের বাণিজ্য ঘাটতির কথা তুলে ধরলেন বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর। রাশিয়ার সঙ্গে ভবিষ্যতে বাণিজ্য বাড়িয়ে এই ঘাটতি কমানোর প্রস্তাব দিয়েছেন তিনি। জয়শঙ্কর বলেন, 'গত কয়েকবছরে দু-দেশের বাণিজ্য কয়েক গুণ বেড়েছে। ২০২১-২২ অর্থবর্ষে দ্বিপাক্ষিক বাণিজ্য ছিল প্রায় ১৩ বিলিয়ন ডলার, ২০২৫-২৬ সালে তা প্রায় ৬০ বিলিয়ন ডলারে পৌঁছেছে। তবে এর সঙ্গে ভারতের বাণিজ্য ঘাটতিও ব্যাপক বেড়েছে। ৬.৬ বিলিয়ন ডলার থেকে ঘাটতি এখন ৫০ বিলিয়ন ডলারেরও বেশি। জয়শঙ্কর জানিয়েছেন, নয়াদিল্লি চাইছে, রাশিয়ার বাজারে আরও বেশি ভারতীয় পণ্য প্রবেশ করুক। এর জন্য দুই দেশের ব্যবসায়ী মহলের মধ্যে যোগাযোগ বাড়ানোর উপর জোর দিয়েছেন তিনি।

## প্রলয় বানে নেপালে মৃত সহস্রাধিক



**২৪ অগাস্ট:** নেপাল-তিব্বত সীমান্তে তিব্বত থেকে আসা ভোটকোশী নদীতে ভয়াবহ হড়পা বানে প্লাবন গ্রাসে আক্রান্ত হল নেপালের বিরাট অঞ্চল। তিব্বত ঘেঁষা রাসুয়া, চিতওয়ান, ধাপিং, নুয়াকোট-সহ নেপালের অন্তত ৬টি জেলা প্রবল ক্ষতিগ্রস্ত। হিমবাহের ধসের ফলে রুদ্ধ নদীর জমে ওঠা জলধারা পাহাড় বেয়ে নেমে এই বিপর্যয় ঘটায় বলে জানিয়েছেন বিশেষজ্ঞরা। বিপর্যয়ের সপ্তাহ পার করে ২ সেপ্টেম্বর নেপাল সরকার জানিয়েছেন, বান-বিপর্যয়ে তারা ১,২০০ জনের দেহ উদ্ধার করেছে। ৬,৫৪১ জনকে জীবিত উদ্ধার করা সম্ভব হলেও নিখোঁজের সংখ্যাটা প্রায় ৪,২০০। ভয়াবহ এই দুর্যোগে ক্ষয়ক্ষতির পরিমাণ অন্তত কয়েক লক্ষ কোটি টাকা বলে মনে করা হচ্ছে। নিখোঁজের মধ্যে তিন শতাধিক ভারতীয় পর্যটকও রয়েছেন বলে জানা গিয়েছে।

**২৬ অগাস্ট** বাংলাদেশের সঙ্গে ফারাক্কা জলচুক্তি নিয়ে আবারও আপত্তি জানাল এনডিএ-র অন্যতম শরিক জেডিইউ। দলের কার্যকরী সভাপতি সঞ্জয় ঝা বলেন, ওই চুক্তি বিহারের স্বার্থ বিরোধী। দল চায় না ওই চুক্তির পুনর্নবীকরণ হোক। ভারত ও বাংলাদেশের মধ্যে ১৯৯৬ সালের ১২ ডিসেম্বর ফারাক্কা জলচুক্তি হয়েছিল। মেয়াদ ছিল ৩০ বছর। চলতি বছরের ডিসেম্বরে ওই মেয়াদ শেষ হচ্ছে। কয়েকদিন আগেই সংসদের বাদল অধিবেশনে বিষয়টি নিয়ে সরব হয়েছিলেন সঞ্জয়। নীতীশ ঘনিষ্ঠ ওই নেতার এদিন দাবি, নীতীশ কুমার শুরু থেকেই এই চুক্তির বিরুদ্ধে। কেন্দ্রের কাছে তারা আর্জি জানিয়েছে ওই চুক্তির পুনর্নবীকরণ যেন না করা হয়। যদি কূটনৈতিক বাধ্যবাধকতা থাকে, তাহলে যেন বিহারের জলের দাবি মেনে নিয়েই ওই চুক্তির নবীকরণ করা হয়।

**বিশ্বজুড়ে ভিসা ইন্টারভিউ প্রক্রিয়া** আপাতত বন্ধ রাখার সিদ্ধান্ত নিল আমেরিকা। মার্কিন বিদেশ দফতরের পক্ষ থেকে একটি নির্দেশিকা জারি করে বলা হয়েছে সারা বিশ্বে আমেরিকার যেসব দূতাবাস এবং উপদূতাবাস (কনসুলেট) রয়েছে, সব ক'টিতেই অনির্দিষ্টকালের জন্য ভিসার ইন্টারভিউ বন্ধ রাখা হচ্ছে। বিদেশ দফতরের মতে দূতাবাস এবং উপদূতাবাসগুলিতে যাঁরা ইন্টারভিউ নিয়ে থাকেন, তাঁদের এক ধরনের প্রশিক্ষণ দেওয়া হবে। ওই প্রশিক্ষণ কর্মসূচি যতদিন চলবে ভিসার ইন্টারভিউ ততদিনই বন্ধ থাকবে। উল্লেখ্য, ভিসাপ্রার্থীরা ঠিক কী কারণে আমেরিকা যেতে চাইছেন তা ভালো করে খতিয়ে দেখা দরকার বলে মন করছে ওয়াশিংটন। দ্বিতীয় দফায় ক্ষমতায় আসার পর থেকেই কঠোর অভিবাসন নীতির পক্ষে সওয়াল করে এসেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। আধিকারিকদের প্রশিক্ষণও ট্রাম্প প্রশাসনের সেই কঠোর নীতির আওতাতেই পড়ছে বলে মনে করা হচ্ছে।

## মহিলা হকি বিশ্বকাপে জার্মানিকে হারিয়ে পঞ্চম ভারত



**২৭ অগাস্ট:** হকি বিশ্বকাপে ৫২ বছর পর সেরা ফল করল ভারতীয় মহিলা হকি দল। বিশ্ব র‍্যাঙ্কিংয়ে পাঁচ নম্বরে থাকা জার্মানিকে ৩-১ গোলে হারিয়ে বিশ্বকাপে পঞ্চম স্থানে শেষ করল ভারত। জোড়া গোল করে নজর কাড়লেন নবনীত কাউর। র‍্যাঙ্কিংয়ে ভারত ৯ নম্বরে থাকলেও যোগ্য দল হিসেবেই জার্মানিকে হারাল তারা। ১৯৭৪ সালে অজিন্দর কউরের নেতৃত্বে হকি বিশ্বকাপে চতুর্থ স্থানে শেষ করেছিল ভারত। এবারে দলের ১১ জন সদস্যই প্রথমবার বিশ্বকাপে খেললেন। ফলে সালিমা টেটেদের লড়াই প্রশংসা পেয়েছে ক্রীড়া বিশেষজ্ঞদের।

# কারেন্ট অ্যাফেয়ার্স ২

**২৭ অগস্ট** মোদী সরকারের অন্যতম জনপ্রিয় প্রকল্প 'প্রধানমন্ত্রী জন ধন যোজনা' ১২ বছর পূর্ণ করল। ২০১৪ সালের ২৮ অগস্ট শুরু হওয়া এই প্রকল্পের মাধ্যমে নাগরিকদের ব্যাঙ্কিং পরিষেবার সঙ্গে সংযুক্ত করার কাজ শুরু হয়। শূন্য ব্যালেন্সে অ্যাকাউন্ট খোলার পাশাপাশি কেন্দ্রীয় প্রকল্পের ভর্তুকির টাকাও এই অ্যাকাউন্টে আসে। যোজনার দ্বাদশ বর্ষপূর্তিতে সরকারি সূত্রের দাবি, বর্তমানে দেশের ৫৯ কোটি ৯ লক্ষ নাগরিক এই প্রকল্পের সুবিধাভোগী। এর মধ্যে ৩২ কোটি ৯২ লক্ষ মহিলা। ভবিষ্যতে এই অ্যাকাউন্টের সংখ্যা আরও বাড়বে বলে জানিয়েছে সরকারি সূত্র।

## উজবেকিস্তান সফরে মোদী



**৩০ অগস্ট:** উজবেকিস্তান সফরে গিয়ে ইউরেনিয়াম বাণিজ্যে জোর দিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সেদেশের প্রেসিডেন্ট শাভকাত মিরজিয়োয়েভের সঙ্গে বৈঠকের পর মোদীর দাবি, ভারতের পরমাণু শক্তি কর্মসূচির জন্য আগামী কয়েক বছরের মধ্যে অন্যতম গুরুত্বপূর্ণ উৎস হয়ে উঠবে এই দেশ। তিনি জানান, ভারত ও উজবেকিস্তান দীর্ঘমেয়াদি ইউরেনিয়াম সরবরাহ ব্যবস্থা গড়ে তুলতে চাইছে। দীর্ঘমেয়াদে ভারতের পরমাণু বিদ্যুৎ উৎপাদনের পরিকল্পনাকে স্থিতিশীল রাখতে এই চুক্তি গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে। এদিনের দ্বিপাক্ষিক বৈঠকের পরে দু'দেশের দ্বিপাক্ষিক বাণিজ্যের লক্ষ্যমাত্রা নির্ধারিত হয়েছে ৫০০ কোটি ডলার। মোদীকে এদিন সেদেশের সর্বোচ্চ নাগরিক সম্মান 'ওলিয় দারাজালি দোস্তলিক' প্রদান করেন উজবেক প্রেসিডেন্ট মিরজিয়োয়েভ।

**হিমালয়ের যা ভঙ্গুর অবস্থা তাতে** শুধু নেপাল নয়, ভারতও সমান ঝুঁকির মুখে। সাম্প্রতিক বিপর্যয়ের মধ্যে এমনই মন্তব্য করলেন নেপালের বিদেশমন্ত্রী শিশির খানাল। তাঁর বক্তব্য, সংস্কৃতি ও ধর্মীয় মেলবন্ধনের পাশাপাশি এবার ইকোলজিক্যাল ক্ষেত্রেও মজবুত করে তুলতে হবে ভারত-নেপাল সম্পর্ক। সাম্প্রতিক বিধ্বংসী বিপর্যয়ের মধ্যেই কাঠমান্ডুতে আয়োজিত একটি ওয়ার্ল্ড সামিটে খানাল একথা বলেন। নেপালের শাসকদল রাষ্ট্রীয় স্বতন্ত্র পার্টির সভাপতি রবি লামিছানে বলেন, 'নেপাল, চিন, ভারত— তিনটি দেশই একটি পর্বতমালার বাস্তুতন্ত্রের সঙ্গে জড়িয়ে। তাই জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জ মোকাবিলায় আমাদের একসঙ্গে কাজ করতে হবে।'

**২৮ অগস্ট** জুলাই মাসে দেশে শিল্পোৎপাদন গত বছরের একই সময়ের তুলনায় বাড়লেও চলতি বছরের জুন মাসের তুলনায় তা কমল। কেন্দ্রীয় পরিসংখ্যান দফতরের প্রকাশিত তথ্য অনুযায়ী, গত বছরের জুলাই মাসের তুলনায় চলতি বছরের জুলাইয়ে শিল্পোৎপাদনের হার ৬.৭ শতাংশ বৃদ্ধি পেয়েছে। কিন্তু জুন মাসের ৮.৮ শতাংশের তুলনায় তা অনেকটাই কম। অর্থাৎ এক মাসের মধ্যে শিল্পোৎপাদন বৃদ্ধির হার ২.১ শতাংশ হ্রাস পেয়েছে।

**২৯ অগস্ট** ভেনেজুয়েলার সঙ্গে 'বৃহত্তম' তেল চুক্তি করার ঘোষণা করলেন ডোনাল্ড ট্রাম্প। সেদেশে সাড়ে ৬ হাজার কোটি ব্যারেলেরও বেশি মজুত তেলের নিয়ন্ত্রণের জন্য একটি চুক্তির কথা জানিয়ে ট্রাম্পের দাবি, এটাই 'বিশ্বের বৃহত্তম তেল চুক্তি'। এর ফলে আমেরিকায় মজুত তেলের পরিমাণ বাড়বে এবং পেট্রলের দাম দীর্ঘমেয়াদে কমবে বলে আশা প্রকাশ করেন ট্রাম্প। অন্যদিকে, ভেনেজুয়েলার অন্তর্বর্তী প্রেসিডেন্ট ডেলসি রদ্রিগেজ আশা প্রকাশ করেছেন, এবার নিশ্চিত তাঁর দেশের অর্থনীতিও আগের জায়গা ফিরে পাবে।

**৩০ অগস্ট** রাশিয়ায় পেট্রল রফতানিকারী হিসেবে উল্লেখযোগ্য স্থান দখল করে নিল ভারত। জ্বালানি উপদেষ্টা ভোর্টেক্সার তথ্য বলছে, গত দু-মাসে রাশিয়ায় প্রায় ১০ লক্ষ ব্যারেল পেট্রল পাঠিয়েছে ভারতীয় তেল শোধনকারী সংস্থাগুলি। সূত্রের খবর, এর মধ্যে গুজরাটের ভাদিনারের নায়রা এনার্জির শোধনাগার থেকে তেল গিয়েছে সবচেয়ে বেশি। উল্লেখ্য, জুন এবং জুলাইয়ে রাশিয়া থেকে বিপুল তেল কিনেছে ভারত (দিনে প্রায় ২৬ লক্ষ ব্যারেল)। যা দেশের চাহিদার অর্ধেকেরও বেশি। সেই আমদানি করা অশোধিত তেল থেকেই পেট্রল তৈরি করে তা মস্কোয় পাঠানো হয়েছে বলে মনে করা হচ্ছে।

**ইরানের সর্বোচ্চ ধর্মীয় নেতা** মোজতবা খামেনেই আমেরিকা ও ইজরায়েলের বিরুদ্ধে 'মুসলিম ঐক্য'-এর ডাক দিলেন। উপসাগরীয় এলাকার দেশগুলির প্রধানদের উদ্দেশে মোজতবা বলেছেন, তাঁরা যেন নিজেদের 'আসল শত্রু'কে চিহ্নিত করেন এবং বোঝার চেষ্টা করেন, মুসলিম দেশগুলির মধ্যে কারা আদতে বিভাজন সৃষ্টি করতে চাইছে।

**হকি বিশ্বকাপের ফাইনালে স্পেনকে** ১-০ গোলে হারিয়ে চতুর্থবার বিশ্বকাপ জিতে নিল জার্মানি। এর আগে ২০০২, ২০০৬ এবং ২০২৩ সালে বিশ্বকাপ জিতেছিল তারা। অন্যদিকে, ১৯৯৮ সালের পরে আবার ফাইনালে উঠেছিল স্পেন। কিন্তু তাদের ট্রফি জেতা হল না। অপরদিকে মহিলাদের হকিতে নেদারল্যান্ডসকে হারিয়ে চ্যাম্পিয়ন হয়েছে আর্জেন্টিনা। নির্ধারিত সময় পর্যন্ত ১-১ থাকায় ম্যাচ গড়ায় টাইব্রেকারে। ৩-১ ফলে জয় পায় আর্জেন্টিনা।

## ছ'মাসেও নেই হরমুজের রফাসূত্র




**২৮ অগস্ট:** ফেব্রুয়ারির শেষে শুরু হওয়া মার্কিন-ইরান সংঘাতের রফাসূত্র পাওয়া গেল না ছ'মাস পরেও। উত্তেজনার আবহে এখনও প্রায় 'বন্ধ' বিশ্বের জ্বালানি সাপ্লাই চেনের প্রধান পথ হরমুজ প্রণালী। যার ফলে যুদ্ধ শুরুর সময়ে বিশ্ববাজারে থাকা অপরিশোধিত তেলের দাম (ব্যারেলপ্রতি ৬৭-৬৮ ডলার) গত ছ'মাসে লাফিয়ে বেড়েছে। একসময় ব্যারেলপ্রতি ১০০ ডলারের গণ্ডি পেরিয়ে গেলেও আপাতত তা ঘোরাফেরা করছে ব্যারেলপ্রতি ৯২-৯৩ ডলারে। ভারত-সহ যেসব দেশকে জীবাশ্ম জ্বালানি আমদানি করে দেশের দৈনন্দিন জীবনযাত্রা চালাতে হয়, সার্বিকভাবে গত ছ'মাসে তাদের খরচ করতে হয়েছে ৩৩০ বিলিয়ন ডলার বা ৩১.৫৩ লক্ষ কোটি টাকা। সেন্টার ফর রিসার্চ অন এনার্জি অ্যান্ড ক্লিন এয়ার (সিআরইএ) এক সমীক্ষায় এই দাবি করেছে। তাদের দাবি ১৯৯০ সালের উপসাগরীয় যুদ্ধের পরে জ্বালানি কেনায় এরকম খরচের মুখে পড়তে হয়নি বিশ্বের দেশগুলিকে।

## গ্র্যান্ড চেস ট্যুর জিতে নজির প্রজ্ঞানন্দের



**২৮ অগস্ট:** প্রথম ভারতীয় হিসেবে গ্র্যান্ড চেস ট্যুর জিতে নজির গড়লেন ভারতের আর প্রজ্ঞানন্দ। গতবারের চ্যাম্পিয়ন ফাবিয়ানো কারুয়ানাকে পিছিয়ে পড়েও দুরন্তভাবে হারান প্রজ্ঞা। ক্ল্যাসিকাল গেমের পরে কারুয়ানার কাছে ছ'পয়েন্টে পিছিয়ে থেকেও সেখান থেকে ঘুরে দাঁড়ান ভারতীয় গ্র্যান্ড মাস্টার। এই জয়ে দু'লক্ষ ডলারের (প্রায় ১ কোটি ৯১ লক্ষ টাকা) আর্থিক পুরস্কারের পাশাপাশি আগামী বছর গ্র্যান্ড চেস টুরে অংশগ্রহণও নিশ্চিত হয়ে গেল তাঁর।

## অবসর নিলেন মেসি



**৩১ অগস্ট:** আন্তর্জাতিক ফুটবল থেকে অবসর ঘোষণা করলেন লিয়োনেল মেসি। মাত্র একদিন আগেই মায়ামির হয়ে মেজর লিগ সকারে করলেন চার গোল। মায়ামির জার্সিতে এর পরেও দেখা যাবে তাঁকে কিন্তু দেশের নীল-সাদা জার্সিতে আর নয়। গত ১৯ জুলাই বিশ্বকাপের ফাইনালের পরই অবশ্য অবসরের ইঙ্গিত দিয়েছিলেন মেসি। কয়েকদিন আগে বাবার মৃত্যু অবসরের সিদ্ধান্তে সিলমোহর দিতে আরও সাহায্য করেছে চল্লিশ ছুঁই ছুঁই মেসিকে। আন্তর্জাতিক জার্সিতে তাঁর অবদানের তালিকা দীর্ঘ। ২০৭ ম্যাচে ১২৫ গোল। হ্যাটট্রিক ১১ বার। বিশ্বকাপে মোট গোল ২১। বিশ্বকাপে সোনার বল ২ বার (২০১৪ এবং ২০২২)। ট্রফি জয়ের তালিকায় রয়েছে বিশ্বকাপ (২০২২), কোপা আমেরিকা (২০২১ এবং ২০২৪), ফাইনালিসিমা (২০২২), অলিম্পিক্স সোনা (২০০৮), অনূর্ধ্ব ২০ বিশ্বকাপ (২০০৫)। ক্যাপ্টেন হিসেবে আর্জেন্টিনাকে তিনবার বিশ্বকাপ ফাইনালে তুলেছেন।

## আমেরিকা থেকে জ্যাভলিন ক্ষেপণাস্ত্র কিনছে ভারত



**২৯ অগস্ট:** ভারতে মার্কিন রাষ্ট্রদূত সের্জিয়ো গোর তাঁর সরকারি এক্স হ্যান্ডলে জানালেন, খুব শীঘ্রই আমেরিকা থেকে ৬০টি জ্যাভলিন অ্যান্টি ট্যাঙ্ক গাইডেড মিসাইল কিনতে চলেছে নয়াদিল্লি। ভারতীয় সেনাবাহিনীকে আরও মজবুত করে তুলতে ইতিমধ্যেই আমেরিকার সঙ্গে ২৯২ কোটি টাকার এই সংক্রান্ত চুক্তি স্বাক্ষর করেছে কেন্দ্রীয় সরকার। চলতি অর্থবর্ষের শেষের দিকে ওই ক্ষেপণাস্ত্রগুলি ভারতে সরবরাহ করা শুরু হবে বলে জানা গিয়েছে। জানা যচ্ছে 'জ্যাভলিন' লক্ষ্য স্থির করতে পারে স্বয়ংক্রিয়ভাবে, মানুষই বইতে পারে ও কাঁধে নিয়েই করা যায় অপারেশন।

**দিল্লির ন্যাশনাল ল ইউনিভার্সিটির** স্নাতকোত্তর পড়ুয়াদের ১৩তম সমাবর্তনে যোগ দিয়ে সুপ্রিম কোর্টের বিচারপতি উজ্জ্বল ভুঁইয়া বললেন পড়ুয়াদের প্রশ্নের পাল্টা হুমকি অসাংবিধানিক। যন্তর মন্তর থেকে যাদবপুর বিশ্ববিদ্যালয়— বিক্ষোভের অগ্রভাগে ছিলেন পড়ুয়ারা। অভিযোগ ওঠে, এর ফলে দেশের শাসক শিবিরের ক্ষোভের মুখে পড়তে হচ্ছে তাঁদের। এই আবহেই বক্তব্য রাখতে গিয়ে, বিচারপতি ভুঁইয়ার মতে, বিশ্ববিদ্যালয় এমন একটি জায়গা হওয়া উচিত, যেখানে স্বাধীনভাবে চিন্তা করার অভ্যাসের সূচনা হয় এবং কঠিন প্রশ্ন করতে পড়ুয়া যেন দ্বিধা না করেন। তিনি বলেন, 'পড়ুয়ারা যখন ভিন্ন মত প্রকাশ করেন, প্রশ্ন করেন, তখন তাঁদের শাস্তির হুমকি দেওয়া যায় না। এটা অসাংবিধানিক, ক্ষমতা ও পদমর্যাদার অপব্যবহার।'

**৩১ অগস্ট** আন্তর্জাতিক উদ্বেগ দেখা গেল গ্রেট নিকোবর দ্বীপের উন্নয়ন নিয়ে কেন্দ্রের বিপুল পরিকল্পনাকে ঘিরে। প্রায় ৯২ হাজার কোটি টাকার পরিকাঠামো প্রকল্পের কাজ আপাতত স্থগিত রাখার সুপারিশ করল রাষ্ট্রপুঞ্জের বর্ণবৈষম্য নির্মূল কমিটি (সিইআরডি)। প্রকল্পের পূর্ণাঙ্গ ও স্বাধীন সমীক্ষা শেষ না হওয়া পর্যন্ত গ্রেট নিকোবর ও আন্দামান দ্বীপপুঞ্জে প্রস্তাবিত প্রকল্পগুলি কার্যকর না করার কথা জানানো হয়েছে ভারতকে। বিশেষ করে স্বেচ্ছায় বিচ্ছিন্ন অবস্থায় থাকা আদিবাসী জনগোষ্ঠীর অস্তিত্বের উপরে প্রকল্পের সম্ভাব্য প্রভাব নিয়ে গভীর উদ্বেগ জানিয়েছে কমিটি। বর্ণবৈষম্য বিলোপ সংক্রান্ত আন্তর্জাতিক কনভেনশন মেনে দেশগুলির পদক্ষেপ পর্যালোচনা করে এই কমিটি। ভারত ১৯৬৮ সালে এই কনভেনশনকে স্বীকৃতি দিয়েছিল।

## দিনুশার ব্যাটিংয়ে হার এড়াল শ্রীলঙ্কা, সিরিজ ভারতের



**২৭ অগস্ট:** কলম্বোয় ভারতের বিরুদ্ধে দ্বিতীয় টেস্ট ড্র করল শ্রীলঙ্কা। প্রথম টেস্টে জয়ের সুবাদে শেষ পর্যন্ত সিরিজ জিতলেও বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপে পাঁচ নম্বরেই থেকে গেল ভারত। ফলে পরের সাতটি টেস্টের মধ্যে অন্তত পাঁচটি টেস্ট জিততে হবে ভারতকে। তারপরেও অন্য দলগুলোর ফলাফলের দিকে তাকিয়ে থাকতে হবে। কলম্বো টেস্ট ড্র-য়ে বড় ভূমিকা নিলেন এই টেস্টে ম্যাচের সেরা শ্রীলঙ্কার সোনাল দিনুশা। গলে প্রথম টেস্টে করেছিলেন ১০০ ও ৮৪। কলম্বোয় দুই ইনিংসেই সেঞ্চুরি। প্রথম ইনিংসে ১০৩ করার পরে দ্বিতীয় ইনিংসে ম্যাচ বাঁচানো ১৩৩ অপরাজিত।

## চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# পি এস সি মিসলেনিয়াস

### প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. মাদ্রাজের স্বদেশী আন্দোলনের নেতা কে ছিলেন?
(a) শ্রীনিবাস শাস্ত্রী (b) রাজা গোপালাচারী (c) চিদাম্বরম পিল্লাই (d) চিন্তামণি
2. কোন জাতীয় নেতা পরপর ছয় বছর জাতীয় কংগ্রেসের সভাপতি হয়েছিলেন?
(a) আবুল কালাম আজাদ (b) জওহরলাল নেহরু (c) গোপালকৃষ্ণ গোখলে (d) মহাত্মা গান্ধী
3. ফিরোজ শাহ মেহতা কোন পত্রিকার প্রতিষ্ঠা করেন?
(a) বোম্বে ক্রনিকল (b) বেঙ্গল গেজেট (c) দি পায়োনিয়ার (d) ভ্যানগার্ড
4. সতীশ ধাওয়ান স্পেস সেন্টারটি কোথায় অবস্থিত?
(a) তিরুবনন্তপুরম (b) ব্যাঙ্গালোর (c) চেন্নাই (d) শ্রীহরিকোটা
5. 'ইয়ং ইন্ডিয়া' ও 'হরিজন' পত্রিকা দু'টি কে প্রতিষ্ঠা করেন?
(a) সুরেন্দ্রনাথ ব্যানার্জি (b) মহাত্মা গান্ধী (c) বি আর আম্বেদকর (d) সুভাষচন্দ্র বসু
6. প্রথম বিশ্বযুদ্ধের সময় ভারতে কোন আন্দোলন জনপ্রিয় হয়ে উঠেছিল?
(a) স্বদেশি ও বয়কট আন্দোলন (b) হোমরুল আন্দোলন (c) খিলাফৎ আন্দোলন (d) স্বরাজ আন্দোলন
7. কোন গভর্নর জেনারেলের সময় ব্রিটিশ ভারতের রাজধানী কলকাতা থেকে দিল্লিতে স্থানান্তরিত হয়?
(a) লর্ড মিন্টো (b) লর্ড হার্ডিঞ্জ II (c) লর্ড চেমসফোর্ড (d) লর্ড রিডিং
8. কোন মেঘকে ঘোড়ার লেজের মতো দেখতে?
(a) সিরাস মেঘ (b) অল্টো কিউমুলাস (c) সিরোকিউমুলাস (d) স্ট্র্যাটাস
9. গাছের কোন অংশ থেকে লবঙ্গ পাওয়া যায়?
(a) শুকনো পাতা (b) শুকনো কাণ্ড (c) শুকনো বীজ (d) শুকনো ফুলের কুঁড়ি
10. প্রাইমারি সোনার বিশুদ্ধতা হল:
(a) 24 ক্যারেট (b) 32 ক্যারেট (c) 22 ক্যারেট (d) 18 ক্যারেট
11. 'বিশ্ব পরিবেশ দিবস' প্রতি বছর কোন তারিখে পালন করা হয়?
(a) 8 জুন (b) 6 জুন (c) 5 জুন (d) 2 জুন
12. ভারতের বৃহত্তম হ্রদ কোনটি?
(a) চিলিকা হ্রদ (b) ডাল হ্রদ (c) উলার হ্রদ (d) ভেম্বনাদ হ্রদ
13. 'শান্তি স্বরূপ ভাদনগর পুরস্কার' কোন বিষয়ের ওপর দেওয়া হয়?
(a) সিনেমা (b) বিজ্ঞান (c) নৃত্যকলা (d) সাহিত্য
14. দাঁতের শক্ত এনামেল আসলে কী?
(a) ক্যালসিয়াম হাইড্রক্সাইড (b) ক্যালসিয়াম অক্সাইড (c) ক্যালসিয়াম ফসফেট (d) ক্যালসিয়াম সিলিকেট
15. স্বাধীন ভারতের প্রথম উপ-প্রধানমন্ত্রী কে ছিলেন?
(a) সর্দার বল্লভভাই প্যাটেল (b) জওহরলাল নেহরু (c) মৌলানা আবুল কালাম আজাদ (d) কেউই নন
16. হাইকোর্টের বিচারপতি, গভর্নর প্রমুখের বেতন দেওয়া হয় কোথা থেকে?
(a) ভারতের কনসলিডেটেড ফান্ড থেকে (b) রাজ্যের কনসলিডেটেড ফান্ড থেকে (c) রাজ্যের কন্টিনজেন্সি ফান্ড থেকে (d) ভারতের কন্টিনজেন্সি ফান্ড থেকে
17. ভারতীয় সংবিধানের 'প্রস্তাবনা' গঠন কোন দেশ থেকে নেওয়া হয়েছে?
(a) আয়ারল্যান্ড (b) রাশিয়া (c) আমেরিকা যুক্তরাষ্ট্র (d) অস্ট্রেলিয়া
18. তরাইনের যুদ্ধ মহম্মদ ঘুরি এবং কার মধ্যে হয়েছিল?
(a) রাণা সঙ্গ (b) পৃথ্বীরাজ চৌহান (c) রাণা প্রতাপ (d) শেরশাহ
19. স্বত্ববিলোপ নীতি প্রবর্তন করেন কোন গভর্নর জেনারেল?
(a) রবার্ট ক্লাইভ (b) লর্ড কর্নওয়ালিস (c) লর্ড ডালহৌসি (d) লর্ড ওয়েলেসলি
20. 'মাতৃভাষায় সংবাদপত্র আইন' কে জারি করেন?
(a) লর্ড লিটন (b) লর্ড ডালহৌসি (c) লর্ড ওয়েলেসলি (d) লর্ড কার্জন
21. 'দশেরা উৎসব' অন্য কী নামে পরিচিত?
(a) দুর্গাষ্টমী (b) বিজয়া দশমী (c) নবরাত্রি (d) ধনতেরাস
22. কোন পঞ্চবার্ষিকী পরিকল্পনা 'মহলানবিশ মডেল' নামে পরিচিত?
(a) প্রথম (b) দ্বিতীয় (c) চতুর্থ (d) পঞ্চম
23. রাজ্যসভার চেয়ারম্যান কে?
(a) রাষ্ট্রপতি (b) প্রধানমন্ত্রী (c) উপরাষ্ট্রপতি (d) মুখ্যমন্ত্রী
24. গণতান্ত্রিক নেপালের প্রথম রাষ্ট্রপতি কে ছিলেন?
(a) গিরিজা প্রসাদ কৈরালা (b) রাম রাজা প্রসাদ সিং (c) রামবরণ যাদব (d) কেউই নন
25. কর্কটক্রান্তি রেখা নিম্নলিখিত কোন রাজ্যের মধ্য দিয়ে গিয়েছে?
(a) অন্ধ্রপ্রদেশ (b) উত্তরপ্রদেশ (c) মহারাষ্ট্র (d) মধ্যপ্রদেশ
26. কত সালে ব্রিটিশ পার্লামেন্টে ভারতীয় স্বাধীনতা আইন পাশ হয়?
(a) 1947 সালে (b) 1946 সালে (c) 1945 সালে (d) 1943 সালে
27. অমৃতসর শহরটি কোন নদীর তীরে অবস্থিত?
(a) বিয়াস (b) শতদ্রু (c) ইরাবতী (d) ঝিলাম
28. বৈশাখী উৎসব কোথায় দেখা যায়?
(a) মধ্যপ্রদেশ (b) গুজরাট (c) পাঞ্জাব (d) উত্তরপ্রদেশ
29. সুলতানি আমলে কোন বাঙালি কবিকে 'গুনরাজ খাঁ' উপাধিতে ভূষিত করা হয়েছিল?
(a) চন্ডীদাস (b) গোবিন্দ দাস (c) মালাধর বসু (d) জ্ঞানদাস
30. কবে মুসলিম লিগ প্রতিষ্ঠা লাভ করেছিল?
(a) 1903 সালে (b) 1904 সালে (c) 1905 সালে (d) 1006
31. 'হুমায়ুননামা' কার রচনা?
(a) গুলবদন বেগম (b) আবুল ফজল (c) বদাউনি (d) এদের মধ্যে কেউই নন
32. শেষ জৈন তীর্থঙ্কর কে ছিলেন?
(a) ঋষভ দেব (b) পরেশনাথ (c) মহাবীর (d) ভদ্রবাহু
33. দার্জিলিং-এ অবস্থিত জলপ্রপাতটির নাম কী?
(a) হুড্রু (b) পাগলাঝোরা (c) পাগলাবাবা (d) জারসোপ্পা
34. ভারতের প্রাচীনতম ফুটবল টুর্নামেন্ট কোনটি?
(a) ডুরান্ড কাপ (b) রোভার্স কাপ (c) ডেভিস কাপ (d) আই এফ এ শিল্ড
35. 'Something Beautiful for God' এই বিখ্যাত উক্তিটি কার?
(a) স্বামী বিবেকানন্দ (b) রবীন্দ্রনাথ ঠাকুর (c) ঋষি অরবিন্দ (d) মাদার টেরিজা
36. আলেকজান্ডারের সেনাপতির নাম কী ছিল?
(a) সেলুকাস (b) পুরু (c) অম্ভি (d) পেরিপ্লাস
37. 'অন্তরা' কোন দেশের সংবাদ সংস্থা?
(a) কেনিয়া (b) ইন্দোনেশিয়া (c) হল্যান্ড (d) ইতালি
38. পৃথিবীর দু'দিকে যে গ্রহগুলি অবস্থান করে সেগুলির নাম কী?
(a) মঙ্গল ও শুক্র (b) মঙ্গল ও বৃহস্পতি (c) বুধ ও শুক্র (d) শুক্র ও শনি
39. 'ম্যাডোনা' ছবিটি কে এঁকেছিলেন?
(a) রাফায়েল (b) পিকাসো (c) রেমব্রান্ট (d) তিশান
40. মোনাজাইট হল ——— আকরিক।
(a) জিঙ্কোনিয়াম (b) আয়রন (c) থোরিয়াম (d) টাইটানিয়াম
41. 'অশ্লীলতার দায়ে' গ্রন্থটির লেখক কে?
(a) শ্যামল গঙ্গোপাধ্যায় (b) নারায়ণ সান্যাল (c) নারায়ণ গঙ্গোপাধ্যায় (d) শ্যাম চৌধুরী
42. পশ্চিমবঙ্গের প্রধান খনিজ পদার্থ কোনটি?
(a) কপার (b) ম্যাঙ্গানিজ (c) কয়লা (d) জিঙ্ক
43. পাকিস্তানের বালুচিস্তানের রাজধানী কোনটি?
(a) ওয়াগা (b) সিন্ধ (c) বোলেগা (d) কোয়েটা
44. নীচের কোন রাজ্যের আইনসভা সর্ববৃহৎ?
(a) অন্ধ্রপ্রদেশ (b) বিহার (c) মহারাষ্ট্র (d) উত্তরপ্রদেশ
45. কোন বছর ভারত ও পাকিস্তানের মধ্যে 'সিমলা চুক্তি' স্বাক্ষরিত হয়েছিল?
(a) 1970 (b) 1976 (c) 1972 (d) 1962
46. 'ইয়াগো' চরিত্রটি শেক্সপিয়ারের কোন রচনায় পাওয়া যায়?
(a) ওথেলো (b) হ্যামলেট (c) রোমিও-জুলিয়েট (d) দ্য মার্চেন্ট অব ভেনিস
47. 'শারদা আইন' কীসের সঙ্গে যুক্ত?
(a) বাক স্বাধীনতা (b) বাল্যবিবাহ (c) বহুবিবাহ (d) নারী স্বাধীনতা
48. বিখ্যাত 'পালকির গান'-এ কে সুর দিয়েছিলেন?
(a) সলিল চৌধুরী (b) নচিকেতা ঘোষ (c) সুধীন দাশগুপ্ত (d) গুলাম আলি
49. 'দুধওয়া জাতীয় উদ্যান' কোথায় অবস্থিত?
(a) উত্তরাখণ্ড (b) উত্তরপ্রদেশ (c) মধ্যপ্রদেশ (d) হরিয়ানা
50. 'বাঘারু' চরিত্রটি কোন লেখকের সৃষ্টি?
(a) সত্যজিৎ রায় (b) শিবরাম ঘোষ (c) দেবেশ রায় (d) নীলাদ্রি সরকার
51. 'সৎনামী বিদ্রোহ' কার আমলে হয়েছিল?
(a) আকবর (b) জাহাঙ্গির (c) শাহজাহান (d) ঔরঙ্গজেব
52. 'ককবরক ভাষা' ভারতের কোন রাজ্যে প্রচলিত?
(a) অসম (b) ত্রিপুরা (c) মহারাষ্ট্র (d) ঝাড়খণ্ড
53. শিবপুর ইঞ্জিনিয়ারিং কলেজের নতুন নাম কী?
(a) বেঙ্গল ইঞ্জিনিয়ারিং কলেজ (b) বিবেকানন্দ কলেজ (c) ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ারিং সায়েন্স অ্যান্ড টেকনোলজি (d) কোনওটিই নয়
54. ত্রয়োদশ অর্থ কমিশনের চেয়ারম্যান কে ছিলেন?
(a) এ এন খসরু (b) বিজয় কেলকার (c) সি রঙ্গরাজন (d) জি ভি রামকৃষ্ণ
55. কোন গ্রহের অপর নাম 'The Comet Disturber'?
(a) বুধ (b) পৃথিবী (c) শনি (d) বৃহস্পতি
56. অর্মত্য সেন কত সালে নোবেল পুরস্কার পেয়েছিলেন?
(a) 1995 (b) 1997 (c) 1998 (d) 1999
57. শ্বেত বিপ্লব কোন পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ঘটেছিল?
(a) প্রথম (b) দ্বিতীয় (c) তৃতীয় (d) চতুর্থ
58. ভোটারদের নাম নথিবদ্ধকরণ কে করে থাকে?
(a) কেন্দ্র সরকার (b) রাজ্য সরকার (c) ভোটার নিজেই (d) নির্বাচন কমিশন
59. জুনাগড় লিপির সঙ্গে কোন ভারতীয় রাজার নাম যুক্ত?
(a) খারবেল (b) প্রথম রুদ্রদমন (c) স্কন্দগুপ্ত (d) সাতকর্নী
60. ভারতীয় সংবিধান কার্যকর হয়েছিল কবে থেকে?
(a) 26 জানুয়ারি, 1950 (b) 15 অগস্ট, 1950 (c) 15 অগস্ট, 1947 (d) 7 ডিসেম্বর, 1952
61. 'ঋতুসংহার' গ্রন্থের রচয়িতা কে?
(a) কালিদাস (b) কুমার গুপ্ত (c) অমোঘবর্ষ (d) ক্ষপনক
62. কেন্দ্র সরকারের ক্ষমতার কথা কোন তালিকায় রয়েছে?
(a) স্টেট লিস্ট (b) ইউনিয়ন লিস্ট (c) যুগ্ম তালিকা (d) কোনওটিই নয়
63. কেন্দ্রশাসিত অঞ্চল শাসন করেন কে?
(a) ভারতের প্রধানমন্ত্রী (b) রাষ্ট্রপতির মনোনীত প্রশাসক (c) কেন্দ্র সরকার (d) উপরাষ্ট্রপতি
64. বিখ্যাত ব্যাকরণবিদ পতঞ্জলী কার সমসাময়িক ছিলেন?
(a) শ্রীগুপ্ত (b) সমুদ্রগুপ্ত (c) গৌতমীপুত্র সাতকর্নী (d) পুষ্যমিত্র শুঙ্গ

*এরপর নয়ের পাতায়*

# ভারতীয় রেলে ১১১২৭ অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট

### নিয়োগের সি বি টি-১ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

**নির্দেশ (1 থেকে 3):** *প্রশ্নগুলির উত্তর দেওয়ার জন্য নীচের সংখ্যাসমষ্টি ব্যবহার করুন:*

7, 8, 9, 7, 6, 5 3, 4, 2, 8, 9, 7, 2, 4, 5, 9 2, 9, 7, 6, 4, 7

1. কতগুলি 7 আছে যার ঠিক আগের এবং ঠিক পরে 6 আছে?
(a) 3 (b) 2 (c) 4 (d) ওপরের কোনওটিই নয়
2. কোন সংখ্যাগুলির পরিসংখ্যা সমান?
(a) 2, 5, 3 (b) 3, 7, 5 (c) 2, 4, 5 (d) 8, 6, 5
3. কোন সংখ্যাটি সবচেয়ে বেশি বার এসেছে?
(a) 7 (b) 3 (c) 2 (d) ওপরের কোনওটিই নয়


**নির্দেশ (4 এবং 5):** *নিম্নলিখিত বিকল্পগুলির মধ্যে বিসদৃশ শব্দটি নির্ণয় করুন।*

4. (a) কলা (b) আপেল (c) মূলো (d) পেয়ারা
5. (a) বাধা দান (b) নিয়ন্ত্রণ (c) মুক্ত করা (d) নিষেধ করা
6. প্রদত্ত সংখ্যা শ্রেণীর পরবর্তী স্থান দু'টিতে কী কী সংখ্যা বসবে?
1, 3, 5, 8, 9, 13, 13, 18, 17, ____.
(a) 22, 21 (b) 21, 22 (c) 23, 21 (d) 21, 23
7. প্রশ্নচিহ্নের জায়গায় কী বসবে?
425 = 22, 648 = 52, 741 = 11, 538 = ?
(a) 42 (b) 40 (c) 43 (d) 18
8. যদি একটি সংখ্যার বর্গকে তার ঘনফল থেকে বিয়োগ করা হয় তবে যে সংখ্যাটি পাওয়া যায় তার মান 100 হলে সংখ্যাটি কত হবে?
(a) 25 (b) 16 (c) 6 (d) 5
9. যদি INORDINATE শব্দটির প্রথম ও দ্বিতীয় অক্ষরগুলি নিজেদের মধ্যে স্থান পরিবর্তন করে এবং তৃতীয় ও চতুর্থ অক্ষরগুলির স্থান পরিবর্তন করে এবং এইভাবে পঞ্চম ও ষষ্ঠ এবং তারপর এই স্থান পরিবর্তন চলতে থাকে তাহলে ডানদিক থেকে অষ্টম অক্ষর কোনটি হবে?
(a) A (b) D (c) N (d) R
10. কোনটি আলাদা?
(a) গ্রাফাইট (b) মুক্তা (c) হীরক (d) কয়লা
11. নীচের কোন সেটটি প্রদত্ত সেটের সঙ্গে সম-সম্পর্কযুক্ত?
(23, 29, 37)
(a) (17, 21, 29) (b) (31, 37, 39) (c) (13, 15, 23) (d) (41, 47, 53)
12. যদি TODAY শব্দটির সংকেত UQGED হয়, তবে ABOVE শব্দটির সংকেত কী হবে?
(a) BDSIJ (b) BDRZI (c) BDRYJ (d) BDRZJ
13. ? চিহ্নিত স্থানে কী বসবে?
10, 100, 200, 310, ?
(a) 400 (b) 410 (c) 420 (d) 430
14. শূন্যস্থান পূরণ করুন:
ZX ___ TR ___ NLJ ___ FD ___
(a) VPHB (b) VRHB (c) UPJB (d) VPJB
15. নীচের কোন শব্দটি PHOTOSYNTHETIC শব্দটির অক্ষরগুলো দ্বারা গঠন করা যায় না?
(a) THOSE (b) SCENT (c) PRONE (d) COTTON
16. যদি TALE = LATE হয়, তবে CAFE কী হবে?
(a) FACE (b) CAFE (c) EAFC (d) AEFC
17. যদি A = 1 ও PAT = 37 হয়, তবে CAFE কী হবে?
(a) 37 (b) 73 (c) 47 (d) 57
18. বাবুর বোন ইলা, সঞ্জয়ের বাবা অমিত, সঞ্জয়ের ছেলে বাবু, তাহলে ইলার সঙ্গে অমিতের সম্পর্ক কী?
(a) পিতামহ (b) নাতনি (c) পিতা (d) প্রপিতামহ
19. A = 2, M = 26 ও Z = 52 হলে তবে BET = ?
(a) 44 (b) 54 (c) 64 (d) 72
20. প্রদত্ত সেটটিতে যে নিয়ম মানা হয়েছে, সেই নিয়ম কোন বিকল্পটিতে মানা হয়েছে?
সেট (3, 18, 36)
(a) (2, 10, 16) (b) (12, 72, 96) (c) (4, 24, 48) (d) (6, 42, 48)
21. কোনও সাংকেতিক ভাষায় BLOOD-কে EIRLG লেখা হলে ওই ভাষায় PERIOD কে কী লেখা হবে?
(a) SBURAF (b) SBUFRA (c) SUFBAR (d) RBUFSA

**নির্দেশ (22 and 23):** *প্রথমটির সঙ্গে দ্বিতীয়টির যে সম্পর্ক, তৃতীয়টির সঙ্গে নীচের উত্তরটির কোনটির সেই সম্পর্ক তা বের করুন।*

22. Flood : Fire : : Cyclone : ?
(a) Damage (b) Earthquake (c) Rain (d) Accident
23. Kerosene : Petrol : : Diesel : ?
(a) Firewood (b) Engine (c) Fuel (d) Coal

**নির্দেশ (24 এবং 25):** *নীচে চারটি ছবি দেওয়া হল ও কিছু সম্পর্ক দেওয়া হল, কোন প্রশ্নের সঙ্গে কোন ছবি মিলবে তা বের করুন।*



(a) (b) (c) (d)

*এরপর নয়ের পাতায়*

Skill Bangla

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## পি এস সি মিসলেনিয়াস

### প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*আটের পাতার পর*

65. পাবলিক অ্যাকাউন্টস কমিটির চেয়ারম্যানকে কে নিযুক্ত করেন?
(a) স্পিকার (b) রাজ্যপাল (c) রাষ্ট্রপতি (d) উপরাষ্ট্রপতি
66. আইহোল প্রশস্তিতে কার কীর্তির কথা বলা হয়েছে?
(a) চালুক্যরাজ দ্বিতীয় পুলকেশী (b) অমোঘবর্ষ (c) নহপান (d) সমুদ্রগুপ্ত
67. গুপ্তযুগের অন্যতম মহিলা শাসকের নাম কী?
(a) রাজশ্রী (b) ভাগ্যশ্রী (c) কুমারদেবী (d) প্রভাবতী গুপ্ত
68. সংবিধানের প্রস্তাবনাকে কত তম ধারায় সংশোধন করবার কথা উল্লেখ আছে?
(a) ধারা 368 (b) ধারা 268 (c) ধারা 168 (d) ধারা 468
69. প্ল্যান হলিডে দ্বারা কোন সময়কে নির্দেশ করা হয়?
(a) 1965-68 (b) 1966-69 (c) 1978-80 (d) 1967-70
70. সুপ্রিম কোর্টের প্রথম মহিলা বিচারপতি কে?
(a) লীলা শেঠ (b) সুচেতা কৃপালিনী (c) ফতিমা বিবি (d) সরোজিনী নাইডু
71. বিলায়েৎ খান কোন বাদ্যযন্ত্রের সঙ্গে যুক্ত?
(a) সরোদ (b) সন্তুর (c) সেতার (d) সানাই
72. পূর্বতন জম্মু ও কাশ্মীর কত নম্বর ধারা অনুসারে শাসিত হয়?
(a) 368 (b) 370 (c) 371 (d) 372
73. ‘A Nation in Making’ কার আত্মজীবনী?
(a) মহাত্মা গান্ধী (b) লালা লাজপত রাই (c) সুরেন্দ্রনাথ ব্যানার্জি (d) সুভাষচন্দ্র বসু
74. ইয়ংবেঙ্গল-এর প্রতিষ্ঠাতা কে?
(a) ডিরোজিও (b) দেবেন্দ্রনাথ ঠাকুর (c) অক্টোভিয়ান হিউম (d) আলেকজান্ডার ডাফ
75. নিম্নলিখিত কোন স্থান নিউজপ্রিন্ট-এর জন্য বিখ্যাত?
(a) নেপানগর (মধ্যপ্রদেশ) (b) রাঁচি (ঝাড়খণ্ড) (c) আগ্রা (উত্তর প্রদেশ) (d) গোপালনগর (ওড়িশা)
76. ক্রয়মূল্য ও বিক্রয়মূল্যের অনুপাত 10 : 11 হলে লাভের শতকরা হার কত?
(a) 10% (b) 11% (c) 12% (d) 13%
77. একটি ট্রেনের গতিবেগ 180 কিমি/ঘণ্টা, মিটার/সেকেন্ডে ওই ট্রেনের গতিবেগ কত?
(a) 50 মিটার/সেকেন্ড (b) 20 মিটার/সেকেন্ড (c) 10 মিটার/সেকেন্ড (d) 25 মিটার/সেকেন্ড
78. একজন ব্যক্তি অর্ধেক পথ 30 কিমি/ঘণ্টা গতিতে যায়। বাকি অর্ধেক পথ 20 কিমি/ঘণ্টা গতিতে যায়। সমগ্র যাত্রাপথে ব্যক্তিটির গড় গতিবেগ নির্ণয় করুন:
(a) 20 কিমি/ঘণ্টা (b) 22 কিমি/ঘণ্টা (c) 24 কিমি/ঘণ্টা (d) 26 কিমি/ঘণ্টা
79. যদি A : B = 7 : 15, B : C = 3 : 4 তাহলে A : B : C = ?
(a) 20 : 15 : 7 (b) 7 : 15 : 20 (c) 8 : 20 : 22 (d) 7 : 16 : 21
80. বৃত্তের পরিধি 1.1 মিটার হলে বৃত্তের ব্যাসার্ধ নির্ণয় করুন:
(a) 35 সেমি (b) 17.5 সেমি (c) 18.5 সেমি (d) 18 সেমি
81. 170% এর 1140 হয়:
(a) 1938 (b) 1824 (c) 1918 (d) 1789
82. যে লঘিষ্ঠ সংখ্যাটি দ্বারা 2592 কে ভাগ করলে ভাগফল একটি পূর্ণবর্গ সংখ্যা হবে তা হল:
(a) 2 (b) 4 (c) 5 (d) 7
83. পরপর দু’টি সংখ্যার গুণফল 4032। দু’টি সংখ্যার মধ্যে বড় সংখ্যাটি নির্ণয় করুন:
(a) 63 (b) 64 (c) 65 (d) 66
84. (1 + 0.1 + 0.01 + 0.001)-এর মান নির্ণয় করুন:
(a) 1.001 (b) 1.011 (c) 1.003 (d) 1.111
85. 1056, 1584, 2178-এর গ.সা.গু নির্ণয় করুন:
(a) 66 (b) 56 (c) 62 (d) 64
86. $\sqrt{289}+\sqrt{361}=\sqrt{?}$
(a) 1089 (b) 1369 (c) 1296 (d) 1156
87. 10 মিটার/সেকেন্ডকে, কিলোমিটার/ঘণ্টায় রূপান্তরিত করুন:
(a) 30 (b) 25 (c) 20 (d) 36
88. একটি পরীক্ষায় 40% ছাত্র অঙ্কে ফেল করে এবং 30% ছাত্র ইংরেজিতে ফেল করে এবং 20% ছাত্র উভয় বিষয়ে ফেল করে, পাশ করা ছাত্রসংখ্যা (শতকরা হিসাবে) কত?
(a) 30% (b) 40% (c) 50% (d) 60%
89. 60 এবং 75-এর মধ্যে মৌলিক সংখ্যাগুলির যোগফল কত?
(a) 272 (b) 273 (c) 274 (d) 275
90. একটি শ্রেণীর ছাত্রীসংখ্যা 20% বৃদ্ধি পেয়ে 66 হল, পূর্বতন ছাত্রীসংখ্যা কত?
(a) 45 জন (b) 50 জন (c) 55 জন (d) 60 জন
91. 30 জন লোক দিনে 8 ঘণ্টা কাজ করে 720 টাকা উপার্জন করে। 45 জন লোক দিনে 6 ঘণ্টা কাজ করে উপার্জন করবে:
(a) 810 টাকা (b) 812 টাকা (c) 814 টাকা (d) 816 টাকা
92. 220-এর 45% = x এর 55%, x = ?
(a) 180 (b) 181 (c) 182 (d) 183
93. 6টি সংখ্যার গড় 30 এবং অপর 30টি সংখ্যার গড় 6। সংখ্যাসমূহের গড় নির্ণয় করুন:
(a) 7 (b) 8 (c) 9 (d) 10
94. দু’টি ধনাত্মক সংখ্যার অনুপাত 3 : 5 এবং তাদের গুণফল 2160 হলে ক্ষুদ্রতম সংখ্যাটি কত?
(a) 30 (b) 32 (c) 34 (d) 36
95. তিন অঙ্কবিশিষ্ট যে ক্ষুদ্রতম সংখ্যাকে 10, 12, 15 দ্বারা ভাগ করলে প্রতি ক্ষেত্রেই 3 অবশিষ্ট থাকে তা হল:
(a) 113 (b) 123 (c) 143 (d) 163
96. দু’টি ক্রমিক ধনাত্মক পূর্ণসংখ্যার বর্গের বিয়োগফল 83। বৃহত্তম সংখ্যাটি কত?
(a) 42 (b) 43 (c) 44 (d) 45
97. একটি ট্রেন 20 মিটার/সেকেন্ড বেগে চললে ওই বেগ কত হবে?
(a) 70 কিমি/ঘণ্টা (b) 72 কিমি/ঘণ্টা (c) 74 কিমি/ঘণ্টা (d) 76 কিমি/ঘণ্টা
98. একটি আয়তাকার মাঠের দৈর্ঘ্য 10% বাড়ানো হল এবং প্রস্থ 10% মিটার কমানো হল, এর ফলে ক্ষেত্রফলের পরিবর্তন হল:
(a) 1 বৃদ্ধি (b) 1% হ্রাস (c) 2% বৃদ্ধি (d) 2% হ্রাস
99. একটি গাড়ি প্রতি t সেকেন্ডে 5 মিটার যায়। কিলোমিটার/ঘণ্টা এককে গাড়িটির বেগ হবে:
(a) $\frac{18}{t}$ (b) $\frac{24}{t}$ (c) $\frac{30}{t}$ (d) $\frac{35}{t}$
100. একটি সংখ্যাকে 56 দিয়ে ভাগ করলে 29 ভাগশেষ থাকলে ওই সংখ্যাকে 8 দিয়ে ভাগ করলে ভাগশেষ থাকবে:
(a) 2 (b) 3 (c) 4 (d) 5

**উত্তর**

1(c), 2(a), 3(a), 4(d), 5(b), 6(b), 7(b), 8(a), 9(d), 10(a), 11(c), 12(a), 13(b), 14(c), 15(a), 16(b), 17(c), 18(b), 19(c), 20(a), 21(b), 22(b), 23(c), 24(c), 25(d), 26(a), 27(a), 28(c), 29(c), 30(d), 31(a), 32(c), 33(b), 34(a), 35(d), 36(a), 37(b), 38(a), 39(a), 40(c), 41(b), 42(c), 43(d), 44(d), 45(c), 46(a), 47(b), 48(a), 49(b), 50(c), 51(d), 52(b), 53(c), 54(b), 55(d), 56(c), 57(d), 58(d), 59(b), 60(a), 61(a), 62(b), 63(b), 64(d), 65(a), 66(a), 67(d), 68(a), 69(b), 70(c), 71(c), 72(b), 73(c), 74(a), 75(a), 76(a), 77(a), 78(c), 79(b), 80(b), 81(a), 82(a), 83(b), 84(d), 85(a), 86(c), 87(d), 88(c), 89(a), 90(c), 91(a), 92(a), 93(d), 94(d), 95(b), 96(a), 97(b), 98(b), 99(a), 100(d).

**সমাধান**

76(a): ক্রয়মূল্য : বিক্রয়মূল্য = 10 : 11
ক্রয়মূল্য = 10x এবং বিক্রয়মূল্য = 11x
% লাভ $=\frac{11x-10x}{10x}\times 100=10\%$.
77(a): মিটার/সেকেন্ড এককে ওই ট্রেনের গতিবেগ
$\Rightarrow 180\times\frac{5}{18}=50$ মিটার/সেকেন্ড।
78(c): সমগ্র যাত্রাপথে ব্যক্তিটির গতিবেগ $=\frac{2\times 30\times 20}{30+20}$
= 24 কিমি/ঘণ্টা।
79(b): A : B = 7 : 15, B : C = 3 : 4
$A:B:C=(7\times 3):(15\times 3):(15\times 4)\Rightarrow A:B:C$
= 21 : 45 : 60 = 7 : 15 : 20.
80(b): প্রশ্নানুযায়ী, $2\pi r=1.1\Rightarrow 2\times\frac{22}{7}\times r=1.1$
$\Rightarrow r=\frac{11\times 7}{2\times 220}=\frac{7}{40}$ মিটার $=\frac{7}{40}\times 100=\frac{70}{4}=17.5$ সেমি।
81(a): $\frac{170}{100}\times 1140=1938$.
82(a):

| | |
|---|---|
| 2 | 2592 |
| 2 | 1296 |
| 2 | 648 |
| 2 | 324 |
| 2 | 162 |
| 9 | 81 |
| | 9 |

$2592=2^2\times 2^2\times 2\times 9^2$
83(b): ধরা যাক, সংখ্যাগুলি হল যথাক্রমে x, x + 1
$\therefore x(x+1)=4032\Rightarrow x^2+x-4032=0$
সমাধান করে পাই, x = 63 ∴ বৃহত্তম সংখ্যাটি হল = 63 + 1 = 64.
84(d): 1 + 0.1 + 0.01 + 0.001 = 1.111.
85(a): $1056=2^5\times 3\times 11$, $1584=2^4\times 3^2\times 11$, $2178=2\times 3^2\times 11^2$
∴ 1056, 1584, 2178-এর গ.সা.গু = 2 × 3 × 11 = 66.
86(c): $\sqrt{289}+\sqrt{361}=17+9=36=\sqrt{1296}$.
87(d): 10 মিটার/সেকেন্ড $=\frac{10\times 18}{5}$ কিমি/ঘণ্টা = 36 কিমি/ঘণ্টা।
88(c): শুধু অঙ্কে ফেল করে = (40 – 20)% = 20%
শুধু ইংরেজিতে ফেল করে = (30 – 20)% = 10%
এক বিষয় ও উভয় বিষয়ে ফেল করে = (20 + 10 + 20)% = 50%
∴ পাস করে = (100 – 50)% = 50%.
89(a): 61 + 67 + 71 + 73 = 272.
90(c): $x+\frac{20x}{100}=66\Rightarrow\frac{6x}{5}=66\Rightarrow x=\frac{5\times 66}{6}=55$ জন।
91(a) $\frac{720\times 45\times 6}{30\times 8}=810$ টাকা।
92(a): 45% এর 220 = 55% এর x
বা, $\frac{45}{100}\times 220=\frac{x\times 55}{100}$ বা, $x=\frac{45\times 220}{55}=180$.
93(d): $\frac{6\times 30+30\times 6}{6+36}=\frac{360}{36}=10$.
94(d): $3x\times 5x=2160\Rightarrow 15x^2=2160\Rightarrow x^2=144\Rightarrow x=12$
∴ 3x = 3 × 13 = 36.
95(b): 10, 12, 15 এর ল.সা.গু = 60
সংখ্যাটি হল 60 × 2 + 3 = 123.
96(a): $(x+1)^2-x^2=83$ বা, $x^2+2x+1-x^2=83$
⇒ 2x = 83 – 1 = 82 ⇒ x = 41, বড় সংখ্যাটি হল 41 + 1 = 42.
97(b): $\left(20\times\frac{18}{5}\right)$ কিমি/ঘণ্টা = 72 কিমি/ঘণ্টা।
98(b): কমে $=\frac{x^2}{100}\%=\frac{(10)^2}{100}\%=\frac{100}{100}=1\%$.
99(a): ঘণ্টায় যায় $=\frac{5\times 3600}{t\times 1000}$ কিলোমিটার $=\frac{18}{t}$ কিলোমিটার।
100(d): 29-কে 8 দ্বারা ভাগ করলে 5 ভাগশেষ থাকে।

প্রস্তুত করেছেন: সাগর রায়

## ভারতীয় রেলে ১১১২৭ অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট

### নিয়োগের সি বি টি-১ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*আটের পাতার পর*

24. আল্পস, আফ্রিকা, বঙ্গোপসাগর
25. স্কুল, শিক্ষা, কলেজ
26. P-এর 30% = Q এর 40% হলে Q-এর মান হবে:
(a) P-এর 75% (b) P-এর 80% (c) P-এর 65% (d) P-এর 55%
27. 45% of 165 is 55% of x তাহলে x = ?
(a) 135 (b) 136 (c) 137 (d) 138
28. $3\times 16\frac{3}{4}=?$
(a) 20 (b) 22 (c) 24 (d) 25
29. যদি $\frac{5x-3}{2x}=\frac{8}{9}$ হলে x-এর মান নির্ণয় করুন।
(a) 3 (b) $\frac{27}{29}$ (c) 4 (d) 8
30. $\frac{9.5\times 0.085}{0.0017\times 0.19}=?$
(a) 2500 (b) 250 (c) 25 (d) 15
31. জলকে বরফে পরিণত করলে 10% আয়তনে বাড়ে। বরফ গলে জলে পরিণত হলে আয়তন কমে:
(a) $9\frac{1}{11}\%$ (b) $9\frac{2}{11}\%$ (c) $9\frac{3}{11}\%$ (d) $9\frac{4}{11}\%$
32. দুই অঙ্কের বৃহত্তম যে সংখ্যাটির বর্গমূল একটি অখন্ড সংখ্যা সেটি কোনটি?
(a) 81 (b) 89 (c) 99 (d) 10
33. দু’টি সংখ্যার অনুপাত 2 : 3 এবং তাদের ল.সা.গু 54 হলে সংখ্যা দু’টির যোগফল হবে:
(a) 42 (b) 43 (c) 44 (d) 45
34. যদি x – 4 = 5 হয় তবে x-এর মান নির্ণয় করুন:
(a) 6 (b) 7 (c) 8 (d) 9
35. $\sqrt{(133-89)+(25\times 4)}=?$
(a) 10 (b) 11 (c) 12 (d) 13
36. 512-এর সঙ্গে ন্যূনতম কোন সংখ্যা যোগ করলে তা একটি পূর্ণবর্গসংখ্যা হবে?
(a) 17 (b) 18 (c) 19 (d) 20
37. $(3^2+4^2)^{1/2}=?$
(a) 2 (b) 3 (c) 4 (d) 5
38. বার্ষিক 5% হারে সরল সুদে 12000 টাকার 2 বছরের সুদ কত টাকা হবে?
(a) 1100 টাকা (b) 1200 টাকা (c) 1300 টাকা (d) 1400 টাকা
39. 40 জন লোক একটি কাজ 36 দিনে করতে পারে, 30 দিনে কাজটি করতে পারবে কত জন লোক?
(a) 45 (b) 46 (c) 47 (d) 48
40. 4 মাস ও 1 বছর 6 মাসের অনুপাত কত?
(a) 1 : 9 (b) 2 : 9 (c) 4 : 9 (d) 5 : 9
41. $(256)^{0.16}\times(256)^{0.09}=?$
(a) 4 (b) 8 (c) 16 (d) 64
42. দু’টি সংখ্যার গ.সা.গু ও ল.সা.গু যথাক্রমে 6 ও 36। দু’টি সংখ্যার মধ্যে একটি সংখ্যা 12 হলে অন্য সংখ্যাটি নির্ণয় করুন:
(a) 18 (b) 16 (c) 14 (d) 12
43. বার্ষিক 5% হারে সরলসুদে 4000 টাকার 4 বছরের সুদ কত টাকা?
(a) 800 (b) 700 (c) 600 (d) 500
44. 0.65 × 0.65 + 0.35 × 0.35 + 0.70 × 0.65 = ?
(a) 1.00 (b) 2 (c) 2.5 (d) 3
45. যদি 18 : x = x : 8 হয় x = ?
(a) 14 (b) 13 (c) 11 (d) কোনওটিই নয়
46. সরকারি কর্মচারীদের Dearness Allowance কীভাবে নির্ণয় করা হয়?
(a) পাইকারি মূল্যসূচক (b) দেশের মুদ্রাস্ফীতি ও জীবনযাত্রার খরচের বৃদ্ধি (c) কৃষি শ্রমিকদের মূল্যসূচক (d) কোনওটিই নয়

*এরপর দশের পাতায়*

Skill Bangla

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## ভারতীয় রেলে ১১১২৭ অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট

### নিয়োগের সি বি টি-১ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*নয়ের পাতার পর*

47. নীচের কোনটি 'ভিত্তিশিল্প' নামে পরিচিত?
(a) পেট্রোরসায়ন (b) কাগজ (c) কার্পাস বস্ত্রবয়ন (d) লৌহ ইস্পাত

48. কোন বিভাগের সঙ্গে 'Bull and Bear' যুক্ত?
(a) বৈদেশিক বাণিজ্য (b) স্টক এক্সচেঞ্জ মার্কেট (c) দেশীয় ব্যাঙ্কিং (d) আন্তর্জাতিক বাণিজ্য ব্যাঙ্কিং

49. ভারতের দারিদ্র্য সীমারেখা কীভাবে নির্ধারণ করা হয়?
(a) মানুষের জীবনযাত্রার মান-এর দ্বারা (b) বেশিরভাগ মানুষের আয় পরিমাপের দ্বারা (c) মানুষের ক্যালরি গ্রহণের পরিমাপের দ্বারা (d) কোনওটিই নয়

50. 'The Road Ahead' বইটি কার লেখা?
(a) মহাত্মা গান্ধী (b) চার্লস ডিকেন্স (c) বিল গেটস (d) লিওটল স্টয়

51. 'সারকারিয়া কমিশন' কবে গঠিত হয়েছিল?
(a) 1981 (b) 1982 (c) 1983 (d) 1984

52. 'ডেকানিকোন' কোন রাজ্যের লোকনৃত্য?
(a) ওড়িশা (b) গোয়া (c) মিজোরাম (d) মণিপুর

53. কেন্দ্রীয় Food Technological গবেষণাকেন্দ্রটি কোথায় অবস্থিত?
(a) মহীশূর (b) কলকাতা (c) মুম্বাই (d) কানপুর

54. 'বৃন্দাবন উদ্যান' কোথায় অবস্থিত?
(a) শ্রীনগর (b) মহীশূর (c) কাশ্মীর (d) মথুরা

55. 'সিটি অফ লেকস' নামে কোন শহর বিখ্যাত?
(a) দিল্লি (b) কলকাতা (c) উদয়পুর (d) মুম্বাই

56. ওলিয়ামের সংকেত লেখ:
(a) $H_2SO_4$ (b) $H_2S_2O_7$ (c) $H_4SO_2$ (d) $H_2SO_3$

57. যে জলে কোনও ক্যাটায়ন বা অ্যানায়ন থাকে না তাকে কী বলে?
(a) মৃদু জল (b) খরজল (c) আয়নমুক্ত জল (d) কোনওটিই নয়

58. $H_2S$-এর জলীয় দ্রবণের সংস্পর্শে লিটমাসের বর্ণের কী পরিবর্তন হয়?
(a) সাদা (b) গোলাপি (c) নীল লিটমাস লাল হয় (d) হলুদ বর্ণের সালফার

59. চুনাপাথরের সাংকেতিক চিহ্ন হল:
(a) $CaCO_3$ (b) $ZnCO_3$ (c) $MgCO_3$ (d) কোনওটিই নয়

60. শূন্যস্থানে আলোর বেগ:
(a) $3 \times 10^8$ $cms^{-1}$ (b) $3 \times 10^8$ $ms^{-1}$ (c) $3 \times 10^{10}$ ms (d) $3 \times 10^{10}$ $kms^{-1}$

61. লাফিং গ্যাস কী?
(a) নাইট্রাস অক্সাইড (b) ফেরিক অক্সাইড (c) কার্বন ডাই-অক্সাইড (d) ফেরোসোফেরিক অক্সাইড

62. কোষ বিষয়ক চর্চাকে কী বলা হয়?
(a) ইকনমিক্স (b) হাইড্রোলজি (c) সাইটোলজি (d) অরিনিথোলজি

63. 'ভিনিগার' কার রাসায়নিক নাম?
(a) ফরমিক অ্যাসিড (b) অ্যাসিটিক অ্যাসিড (c) নাইট্রিক অ্যাসিড (d) সাইট্রিক অ্যাসিড

64. আয়োডিন যুক্ত হরমোন কোনটি?
(a) গ্লুকাগন (b) থাইরক্সিন (c) ইনসুলিন (d) অ্যাড্রিনালিন

65. কাঁকড়াবিছের শ্বাসযন্ত্রের নাম কী?
(a) বুকলাঙ (b) ট্রাকিয়া (c) গিল (d) ফুসফুস

66. তরলের আপেক্ষিক ঘনত্ব মাপার যন্ত্রকে কী বলে?
(a) হাইগ্রোস্কোপ (b) হাইড্রোমিটার (c) হাইড্রোপনিক্স (d) অর্থোপেডিক্স

67. লজ্জাবতী উদ্ভিদের যে চলন দেখা যায় তার নাম কী?
(a) ফটোন্যাস্টিক (b) সিসমোন্যাস্টিক (c) নিকটিন্যাস্টিক (d) জিওন্যাস্টিক

68. কোন অ্যাসিডটি ফটোগ্রাফিতে ব্যবহৃত হয়?
(a) অক্সালিক অ্যাসিড (b) ফর্মিক অ্যাসিড (c) অ্যাসেটিক অ্যাসিড (d) সাইট্রিক অ্যাসিড

69. কোনটি তাপের শ্রেষ্ঠ সংবাহক?
(a) পারদ (b) রুপো (c) বেনজিন (d) চামড়া

70. ফেরাস সালফেট কী নামে পরিচিত?
(a) গ্রিন ভিট্রিয়ল (b) ব্লু ভিট্রিয়ল (c) ইয়োলো ভিট্রিয়ল (d) হোয়াইট ভিট্রিয়ল

71. প্রেশার কুকারের মূলনীতি কোনটি?
(a) চাপ বৃদ্ধিতে স্ফুটনাঙ্ক বৃদ্ধি (b) চাপ হ্রাসে স্ফুটনাঙ্ক হ্রাস (c) চাপ হ্রাসে স্ফুটনাঙ্ক বৃদ্ধি (d) চাপ বৃদ্ধিতে স্ফুটনাঙ্ক হ্রাস

72. গ্যাসের চাপ মাপা হয় কোন যন্ত্রের দ্বারা?
(a) থার্মোমিটার (b) ব্যারোমিটার (c) ম্যানোমিটার (d) সেন্টিমিটার

73. প্রমাণ চাপে বলতে বোঝায় পারদ স্তম্ভের:
(a) 7.6 সেমি (b) 76 সেমি (c) 760 সেমি (d) কোনওটিই নয়

74. প্রমাণ উষ্ণতা ধরা হয়:
(a) $-273^\circ$ C (b) $0^\circ$ C (c) $100^\circ$ C (d) $273^\circ$ C

75. বয়েলের সূত্র অনুযায়ী নির্দিষ্ট উষ্ণতায় চাপ (p) ও আয়তনের (v) মধ্যে সম্পর্ক হল:
(a) $v \propto p$ (b) $v = p$ (c) $v \propto \frac{1}{p}$ (d) $v \propto p^2$

**উত্তর**

1(b), 2(d), 3(a), 4(c), 5(c), 6(c), 7(c), 8(d), 9(d), 10(b), 11(d), 12(d), 13(d), 14(a), 15(c), 16(a), 17(a), 18(a), 19(b), 20(c), 21(b), 22(b), 23(c), 24(b), 25(a), 26(a), 27(a), 28(c), 29(b), 30(a), 31(a), 32(a), 33(d), 34(d), 35(c), 36(a), 37(d), 38(b), 39(d), 40(b), 41(a), 42(a), 43(a), 44(a), 45(d), 46(b), 47(d), 48(b), 49(c), 50(c), 51(c), 52(b), 53(a), 54(b), 55(c), 56(b), 57(c), 58(c), 59(a), 60(b), 61(a), 62(c), 63(b), 64(b), 65(a), 66(b), 67(b), 68(c), 69(b), 70(a), 71(a), 72(c), 73(b), 74(b), 75(c).

**সমাধান**

1(b): 7, 8, 9, 7, 6, 5, 3, 4, 2, 8, 9, 7, 2, 5, 4, 9, 2, 9, 7, 6, 4, 7.

2(d): 8 6, 5 প্রত্যেকটি দু'বার করে আছে।

3(a): 7, 7– 5 বার/2–3 বার/3–1 বার।

6(c): 1  3  5  8  9  13  13  18  17  23  21
(+5: 3 → 8 → 13 → 18 → 23; +4: 1 → 5 → 9 → 13 → 17 → 21)

7(c): $425 = 22 \Rightarrow 4 \times 5 + 2 = 22$, $648 = 52 \Rightarrow 6 \times 8 + 4 = 52$
$741 = 11 \Rightarrow 7 \times 1 + 4 = 11$, $538 = 43 \Rightarrow 5 \times 8 + 3 = 43$.

8(d): $5^3 - 5^2 = 125 - 25 = 100$.

9(d): N I **R** O I D A N E T
(← 8ম)

10(b): মুক্তা ব্যতীত বাকি সবক'টিই কার্বন থেকে পাওয়া যায়।

11(d): 23, 29, 37 মৌলিক সংখ্যা, সুতরাং, 41, 47, 53 মৌলিক সংখ্যা।

12(d):
T O D A Y — ↓+1 ↓+2 ↓+3 ↓+4 ↓+5 — U Q G E D
A B O V E — ↓+1 ↓+2 ↓+3 ↓+4 ↓+5 — B D R Z J


13(d): 430 ব্যাখ্যা: + 90 + 100 + 110 + 120 করে পরপর যোগ হয়েছে।

14(a): বর্ণমালার পিছন দিক থেকে একটা অক্ষর বাদ দিয়ে পরবর্তী অক্ষর নিয়ে সিরিজটি তৈরি হয়েছে।

15(c): এক্ষেত্রে R অক্ষরটি PHOTOSYNTHETIC শব্দে অনুপস্থিত।

16(a): CAFE-এর প্রথম তিনটি অক্ষর উল্টিয়ে FACE কথাটি পাওয়া যায়।

17(a): TAP = T + A + P = 20 + 1 + 16 = 37.

18(a):



19(b): বর্ণমালার প্রতিটি বর্ণের অবস্থানের সঙ্গে 2 গুণ করা হয়েছে
তাই $B = 2 \times 2 = 4$, $E = 2 \times 5 = 10$, $T = 2 \times 20 = 40$
$\therefore$ BET = 4 + 10 + 40 = 54.

20(c): (3, 18, 36), $3 \times 6 = 18$, $18 \times 2 = 36$
একইভাবে, $4 \times 6 = 24$, $24 \times 2 = 48$ অর্থাৎ (4, 24, 48).

21(b): P E R I O D — ↓+3 ↓–3 ↓+3 ↓–3 ↓+3 ↓–3 — S B U F R A

22(b): তিনটিই প্রাকৃতিক বিপর্যয়।

23(c): তিনটিই জ্বালানি তেল।

24(b): আল্পস পর্বতমালা, আফ্রিকা মহাদেশ ও বঙ্গোপসাগর তিনটিই আলাদা।

25(a): বিদ্যালয় ও কলেজ উভয় জায়গাতেই শিক্ষা দেওয়া হয়।

26(a): 30% of P = 40% of Q বা, $\frac{Q}{P} = \frac{30}{40}$ বা, $Q = \frac{3P}{4}$ = 75% of P.

27(a): 165-এর 45% = x-এর 55%
বা, $\frac{x}{165} = \frac{45}{55}$ বা, $x = \frac{165 \times 45}{55} = 135$.

28(c): $3 \times (16)^{3/4} = 3 \times (2^4)^{3/4} = 3 \times 2^3 = 24$.

29(b): $\frac{5x-3}{2x} = \frac{8}{9} \Rightarrow 9(5x - 3) = 16x$
$\Rightarrow 45x - 27 = 16x \Rightarrow 29x = 27 \Rightarrow x = \frac{27}{29}$.

30(a): $\frac{9.5 \times 0.085}{0.0017 \times 0.19} = \frac{95 \times 85 \times 100}{17 \times 19} = 2500$.

31(a): 110 ঘনসেমি বরফের আয়তন কমে 10 ঘনসেমি
100 ঘনসেমি বরফের আয়তন কমে = $\frac{10}{110} \times 100 = \frac{100}{11} = 9\frac{1}{11}$ ঘনসেমি।

32(a): $\sqrt{81} = 9$.

33(d): ধরা যাক, সংখ্যা দু'টি 2x ও 3x
ওদের ল.সা.গু = 6x $\therefore$ 6x = 54 বা, x = 9
যোগফল = $(2 + 3) \times 9 = 45$.

34(d): $x - 5 = 4 \Rightarrow x = 5 + 4 = 9$.

এরপর আগামী সংখ্যায়

*প্রস্তুত করেছেন: সাগর রায়*

## ভারতীয় রেলে ১১১২৭ অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট

### নিয়োগের সি বি টি-১ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*গত সংখ্যার পর*

14(c): সংখ্যা শ্রেণীটি সাজানো আছে এইরূপে:
$5 \xrightarrow{+4} 9 \xrightarrow{+8} 17 \xrightarrow{+16} 33 \xrightarrow{+32} 65$.

15(c): ba c /ba c / b ac/b a c/bac.

16(b): acc b /bc c a/ a ccb/ b cca.

17(c): বাঁদিকের শীর্ষ থেকে ঘড়ির কাঁটার অভিমুখে সংখ্যাগুলিকে যোগ করলে পাই, 2 + 4 + 6 = 12/5 + 3 + 4 = 12/7 + 2 + 3 = 12.

18(b): $3 \times 5 \times 2 = 30/7 \times 2 \times 3 = 42/8 \times 2 \times 3 = 48$.

19(b):
P A I N T — ↓ ↓ ↓ ↓ ↓ — 7 4 1 2 8
ও
E X C E L — ↓ ↓ ↓ ↓ ↓ — 9 3 5 9 6
A C C E P T — ↓ ↓ ↓ ↓ ↓ ↓ — 4 5 5 9 7 8

20(b): বাড়িগুলো নিম্নোক্ত উপায়ে সজ্জিত আছে
DBACO $\therefore$ A মাঝখানে আছে।

21(b): মূল শব্দটিতে A অনুপস্থিত।

22(b): $8 \times 6 + 3 - 4 \div 2 = 8 \times 6 + 3 - 2 = 48 + 3 - 2 = 51 - 2 = 49$.

24(b): সংখ্যাশ্রেণীটি সাজানো আছে
$20 \xrightarrow{+12} 32 \xrightarrow{+13} 45 \xrightarrow{+14} 59 \xrightarrow{+15} 74 \xrightarrow{+16} 90$.

25(c): পরপর দু'টি সংখ্যার গুণফলরূপে শ্রেণীটি সজ্জিত আছে:
$3 \times 2$ 6, $5 \times 4 = 20$, $7 \times 6 = 42$, $9 \times 8 = 72$.

56(a): x : y = 3 : 4
$(7x + 3y) : (7x - 3y) = (7 \times 3 + 3 \times 4)\,(7 \times 3 - 3 \times 4)$
$= (21 + 12) : (21 - 12) = 33 : 9 = 11 : 3$.

57(d): 64 = A, 36 = B
$A^2 - B^2 = (A + B)(A - B) = 100 \times 28 = 2800$
$20 \times x = 2800 \Rightarrow x = \frac{2800}{20} = 140$.

58(a): $a + \frac{1}{a} = \sqrt{3} \Rightarrow \left(a + \frac{1}{a}\right)^3 = a^3 + \frac{1}{a^3} + 3\left(a + \frac{1}{a}\right)$
$= a^3 + \frac{1}{a^3} = 3\sqrt{3} - 3\sqrt{3} = 0$

59(a): গড় গতিবেগ $= \frac{2xy}{x+y} = \frac{2 \times 60 \times 40}{60 + 40}$ কিমি/ঘণ্টা = 48 কিমি/ঘণ্টা।

60(c): $\sqrt{40 + \sqrt{9 \times 9}} = \sqrt{40 + 9} = \sqrt{49} = 7$.

61(d): $x - y = 1$ $(x - y)^3 = 1$
$\Rightarrow x^3 - y^3 - 3xy(x - y) = 1 \Rightarrow x^3 - y^3 - 3xy = 1$
এখন, $x^3 - y^3 - 3(xy - 2) = x^3 - y^3 - 3xy + 6 = 1 + 6 = 7$.

62(c): $\frac{5.32(56 + 44)}{(7.66 + 2.34)(7.66 + 2.34)} = \frac{5.32 \times 100}{5.32 \times 10} = 10$.

63(a): $(4^3)^{-\frac{2}{3}} \times \left(\frac{1}{4}\right)^{-2} = 4^{-2} \times \frac{1}{4^{-2}} = 1$.

64(a): ধরা যাক, শ্যামলের বিবাহের সময় তার স্ত্রীর বয়স = x বছর
শ্যামলের বয়স $= \frac{3x}{2}$ বছর
$\therefore \frac{3x}{2} - x = 47 - 38 \Rightarrow \frac{x}{2} = 9 \Rightarrow x = 18$
বিবাহের সময় কমলের বয়স $= \frac{3}{2} \times 18 = 27$ বছর
$\therefore$ তাদের বিবাহ হয়েছিল = (47 – 27) = 20 বছর আগে।

65(a): ধরা যাক, x ও y এর মাসিক বেতন হল 2x টাকা ও 3x টাকা
$\frac{2x + 300}{3x + 300} = \frac{13}{19} \Rightarrow 39x + 3900 = 38x + 5700 \Rightarrow x = 1800$
$\therefore$ A-এর মাসিক বেতন = $2 \times 1800 = 3600$ টাকা।

66(a): ধরা যাক, অন্য সংখ্যাটি = x
সূত্রানুযায়ী, $13 \times x = 65 \times 4 \Rightarrow x = \frac{65 \times 4}{13} = 20$.

67(c): পাঁচ ব্যক্তির বর্তমান বয়সের যোগফল = 148 বছর
10 বছর পরে তাদের বয়সের যোগফল হবে $(148 + 5 \times 10)$ বছর = 198 বছর।

68(a): ধরা যাক, দু'টি সংখ্যা যথাক্রমে a ও b
a + b = 25 এবং a – b = 5
$\therefore$ 2a = 30, a = 15, b = 10
x : y = 15 : 10 = 3 : 2.

69(c): ধরা যাক, সংখ্যাটি = x
$x + \frac{1}{4} + 80 = 100 \Rightarrow \frac{x}{4} = 100 - 80 \Rightarrow \frac{x}{4} = 20$
$\Rightarrow x = 4 \times 20 = 80$.

70(b): $P \times \frac{30}{100} = Q \times \frac{40}{100} \Rightarrow Q = P \times \frac{30}{100} \times \frac{100}{40}$
$= P \times \frac{30 \times 100}{40} \times \frac{1}{100}$ $\therefore P \times 75 \times \frac{1}{100} = P \times 75\%$.

71(a): $x \times x \div \frac{1}{x} = \frac{216}{27} \Rightarrow x^2 \times x = \frac{6^3}{3^3} \Rightarrow x^3 = \left(\frac{6}{3}\right)^3 \Rightarrow x = \frac{6}{3}$.

72(c): 110 কমে 10
100 কমে $\frac{10}{110} \times 100 = \frac{100}{11} = 9\frac{1}{11}\%$

73(d): $1 - \left(\frac{1}{3} + \frac{1}{2}\right) = 20$ মিটার $\Rightarrow 1 - \frac{5}{6} = 20$ মিটার $\Rightarrow \frac{1}{6} = 20$ মিটার
1 অংশ = 120 মিটার $\therefore$ খুঁটিটি 120 মিটার লম্বা।

74(a): ধরা যাক, সংখ্যাটি x
$\therefore x^4 = 1296$ বা, $x = \sqrt[4]{1296} = 6$.

75(c): $2^{10} \times 3^{10} \times 7^{17} \times 11^{27}$
$\therefore$ মৌলিক উৎপাদকের সংখ্যা = (10 + 10 + 17 + 27) = 64.

*প্রস্তুত করেছেন: সাগর রায়*

Skill Bangla

# বিমা সংস্থায় ২২৫ অফিসার

*প্রথম পাতার পর*

২০০টি (সাধারণ ৬৮, তফসিলি জাতি ৩০, তফসিলি উপজাতি ১৮, ওবিসি ৬২, আর্থিক ভাবে অনগ্রসর ২২)। এর মধ্যে দৃষ্টি ও শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য ২টি করে, অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য ৪টি এবং বৌদ্ধিক প্রতিবন্ধীদের জন্য ৩টি শূন্যপদ সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা**: মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক বা সমতুল। কম্পিউটার-জ্ঞান থাকা বাধ্যতামূলক।

**হিন্দি অফিসার**: ২৫টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ১, ওবিসি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য ১টি শূন্যপদ সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা**: হিন্দিতে স্নাতকোত্তর ডিগ্রি, এ ক্ষেত্রে ইংরেজি ভাষা অন্যতম বা ঐচ্ছিক বিষয় হিসেবে পড়ে থাকতে হবে বা ডিগ্রি পরীক্ষার মাধ্যম হতে হবে। অথবা ইংরেজিতে স্নাতকোত্তর ডিগ্রি, এ ক্ষেত্রে হিন্দি ভাষা অন্যতম বা ঐচ্ছিক বিষয় হিসেবে পড়ে থাকতে হবে বা ডিগ্রি পরীক্ষার মাধ্যম হতে হবে। অথবা হিন্দি বা ইংরেজি ছাড়া অন্য কোনও বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি। সেই সঙ্গে পঠনপাঠনের মাধ্যম হতে হবে হিন্দি এবং ইংরেজি ভাষা অন্যতম বা ঐচ্ছিক বিষয় হিসেবে পড়ে থাকতে হবে বা ডিগ্রি পরীক্ষার মাধ্যম হতে হবে, অথবা, পঠনপাঠনের মাধ্যম হতে হবে ইংরেজি এবং হিন্দি ভাষা অন্যতম বা ঐচ্ছিক বিষয় হিসেবে পড়ে থাকতে হবে বা ডিগ্রি পরীক্ষার মাধ্যম হতে হবে। সব ক্ষেত্রেই প্রার্থীকে মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

**বয়স**: ৩০-৬-২০২৬ তারিখে ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন। বিধবা, ডিভোর্সি ও আইনত বিচ্ছিন্ন মহিলারা ফের বিবাহ না করে থাকলে ৯ বছরের ছাড় পাবেন।

**বেতনক্রম**: ৮২,৪৮৫-১,৫৬,৭৪৫ টাকা।

প্রার্থী বাছাই করা হবে তিন পর্যায়ের অনলাইন পরীক্ষা (প্রিলিমিনারি, মেন ও ডেসক্রিপ্টিভ) ও ইন্টারভিউয়ের মাধ্যমে। প্রিলিমিনারি পরীক্ষা ২২ অক্টোবর, মেন ও ডেসক্রিপ্টিভ পরীক্ষা ৩০ নভেম্বর। প্রিলিমিনারি পরীক্ষায় থাকবে ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৩০ নম্বর), রিজনিং (৩৫ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৩৫ নম্বর)। অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে। সময় ১ ঘণ্টা।

জেনারেলিস্ট পদের ক্ষেত্রে মেন পরীক্ষায় থাকবে ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৫০ নম্বর), রিজনিং (৬০ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৬০ নম্বর), আর্থিক ক্ষেত্রে বিশেষ গুরুত্ব-সহ জেনারেল অ্যাওয়্যারনেস (৬০ নম্বর), কম্পিউটার নলেজ (২০ নম্বর)। সময় আড়াই ঘণ্টা। ডেসস্ক্রিপ্টিভ টেস্টে থাকবে লেটার রাইটিং (১০ নম্বর) ও এসে রাইটিং (২০ নম্বর)। সময় আধ ঘণ্টা।

হিন্দি অফিসার পদের ক্ষেত্রে মেন পরীক্ষায় থাকবে ইংলিশ ল্যাঙ্গুয়েজ (২৫ নম্বর), রিজনিং (২৫ নম্বর), সংশ্লিষ্ট বিষয় (১০০ নম্বর), জেনারেল অ্যাওয়্যারনেস (২৫ নম্বর), কম্পিউটার নলেজ (২৫ নম্বর)। সময় ২ ঘণ্টা। ডেসস্ক্রিপ্টিভ টেস্টে থাকবে ইংরিজিতে এসে রাইটিং (১০ নম্বর), হিন্দিতে এসে রাইটিং (১০ নম্বর), হিন্দিতে লেটার রাইটিং (১০ নম্বর), ইংরেজি থেকে হিন্দি অনুবাদ (১০ নম্বর), হিন্দি থেকে ইংরেজিতে অনুবাদ (১০ নম্বর)। সময় ১ ঘণ্টা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.uiic.co.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২৮ সেপ্টেম্বর। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (২০০×২৩০ পিক্সেলে ২০-৫০ কেবি সাইজের মধ্যে), সই (১৪০×৬০ পিক্সেলে ১০-২০ কেবি সাইজের মধ্যে), বাঁ-হাতের বুড়ো আঙুলের ছাপ (২৪০×২৪০ পিক্সেলে ২০-৫০ কেবি সাইজের মধ্যে) ও হাতে লেখা এই ডিক্লারেশন— "I, _______ (প্রার্থীর নাম), hereby declare that all the information submitted by me in the application form is correct, true and valid. I will present the supporting documents as and when required." (৮০০×৪০০ পিক্সেলে ৫০-১০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। অনলাইন দরখাস্ত যথাযথ ভাবে সাবমিট করার পর রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে। এর পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ২৫০ টাকা)। জিএসটি অতিরিক্ত। অনলাইন ব্যবস্থায় ডেবিট কার্ড (রুপে/ভিসা/মাস্টার কার্ড/মায়েস্ট্রো) বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইমিডিয়েট পেমেন্ট সার্ভিস (আইএমপিএস) বা ক্যাশ কার্ড বা মোবাইল ওয়ালেটের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড ই-রিসিটের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.uiic.co.in

# পিএসসি-র চার চাকরিতে ওবিসি সংরক্ষণ: অনলাইন তথ্য সংশোধন করা যাচ্ছে

*প্রথম পাতার পর*

এডিট উইন্ডো খোলা থাকবে ১৪ সেপ্টেম্বর পর্যন্ত।

২) ওয়েস্ট বেঙ্গল জুডিশিয়াল সার্ভিস এক্সামিনেশন, ২০২৩-এর এডিট উইন্ডো খোলা থাকবে ২০ সেপ্টেম্বর থেকে ২৩ সেপ্টেম্বর।

৩) ওয়েস্ট বেঙ্গল জুডিশিয়াল সার্ভিস এক্সামিনেশন, ২০২৪-এর এডিট উইন্ডো খুলবে ২৮ সেপ্টেম্বর, এডিট করা যাবে ১ অক্টোবর পর্যন্ত।

৪) মিসলেনিয়াস সার্ভিসেস রিক্রুটমেন্ট এক্সামিনেশন, ২০২৪-এর এডিট উইন্ডো খোলা থাকবে ৫ অক্টোবর থেকে ১১ অক্টোবর।

কমিশনের তরফে জানানো হয়েছে, ওবিসি ক্যাটেগরির আওতায় সংরক্ষণের সুবিধা পাওয়ার জন্য এডিট উইন্ডোতে প্রয়োজনীয় তথ্য আপলোড করতে হবে। প্রার্থী পিএসসি-র ওয়েবসাইটে লগ-ইন করে এডিট অপশনে ঢুকবেন। তথ্য আপলোডের জন্য ড্রপ ডাউন লিস্ট থেকে সাব-ক্যাটেগরি বেছে নিতে হবে। সার্টিফিকেটের নম্বর, সার্টিফিকেট ইস্যুর তারিখ এবং সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের সম্পর্কে তথ্য উল্লেখ করতে হবে।

এডিট উইন্ডো-সম্পর্কিত পিএসসি-র বিজ্ঞপ্তিটি দেখতে পাবেন কমিশনের ওয়েবসাইটে এই লিঙ্কের মাধ্যমে: https://psc.wb.gov.in/notification_announcement.jsp

গুগলে 'Kolkata Gazette Notification No. 945-BCW/MR-23/2026, dated the 18th May, 2026' টাইপ করে নতুন ওবিসি-রাজ্য তালিকাটি দেখতে পারেন।

# কেন্দ্রীয় সংস্থায় ৩২৬ অ্যাপ্রেন্টিস

*প্রথম পাতার পর*

থেকে ২ বছর। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড পাওয়া যাবে। প্রশিক্ষণ হবে মহারাষ্ট্রের ট্রম্বে ও থলে।

**আসনসংখ্যার বিবরণ: গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস**: অ্যাকাউন্টস এক্সিকিউটিভ: ৫০টি। শিক্ষাগত যোগ্যতা: বি কম-সহ বিবিএ। অথবা ইকনমিক্স নিয়ে পড়ে স্নাতক। এর পাশাপাশি কম্পিউটার চালনা ও ইংরেজি ভাষা জানা থাকতে হবে। প্রশিক্ষণের মেয়াদ ১ বছর।

সেক্রেটারিয়াল অ্যাসিস্ট্যান্ট: ৬০টি। রিক্রুটমেন্ট এক্সিকিউটিভ (হিউম্যান রিসোর্স): ৩৫টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক। কম্পিউটার ও ইংরেজি ভাষা জানা থাকতে হবে। প্রশিক্ষণের মেয়াদ ১ বছর।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস**: কেমিক্যাল ২০টি। সিভিল ১৫টি। কম্পিউটার ১০টি। ইলেক্ট্রিক্যাল ২০টি। ইনস্ট্রুমেন্টেশন ২০টি। মেকানিক্যাল ২০টি। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা। প্রশিক্ষণের মেয়াদ ১ বছর।

**ট্রেড অ্যাপ্রেন্টিস**: অ্যাটেন্ড্যান্ট অপারেটর (কেমিক্যাল প্লান্ট): ৫০টি। শিক্ষাগত যোগ্যতা: কেমিস্ট্রি নিয়ে বি এসসি পাশ। স্নাতকে অন্যতম বিষয় হিসেবে ফিজিক্স এবং ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। প্রশিক্ষণের মেয়াদ ১ বছর।

ইনস্ট্রুমেন্ট মেকানিক (কেমিক্যাল প্লান্ট): ৪টি। শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স নিয়ে বি এসসি পাশ। স্নাতকে অন্যতম বিষয় হিসেবে কেমিস্ট্রি এবং ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। প্রশিক্ষণের মেয়াদ ১ বছর।

ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট (কেমিক্যাল প্লান্ট): ৬টি। শিক্ষাগত যোগ্যতা: কেমিস্ট্রি নিয়ে বি এসসি পাশ। স্নাতকে অন্যতম বিষয় হিসেবে ফিজিক্স এবং ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। প্রশিক্ষণের মেয়াদ ১ বছর।

বয়লার অ্যাটেন্ড্যান্ট: ২টি। ইলেক্ট্রিশিয়ান: ৬টি। মেডিক্যাল ল্যাবরেটরি টেকনিশিয়ান (প্যাথোলজি): ২টি। শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক পাশ। প্রশিক্ষণের মেয়াদ মেডিক্যাল ল্যাবরেটরি টেকনিশিয়ানের ক্ষেত্রে ১৫ মাস, বাকি দুই ট্রেডের ক্ষেত্রে ২ বছর।

হর্টিকালচার অ্যাসিস্ট্যান্ট: ৬টি। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় উচ্চ মাধ্যমিক। প্রশিক্ষণের মেয়াদ ২ বছর।

সব ক্ষেত্রেই প্রার্থীকে মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

তফসিলি, ওবিসি, দৈহিক প্রতিবন্ধী এবং আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের জন্য নিয়মানুসারে আসন সংরক্ষিত থাকবে।

**বয়স**: সব ক্ষেত্রেই ১-৯-২০২৬ তারিখে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

**স্টাইপেন্ড**: গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে মাসে ১৭,৩০০ টাকা, টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে মাসে ১৫,৯০০ টাকা। অ্যাটেন্ড্যান্ট অপারেটর, ইনস্ট্রুমেন্ট মেকানিক ও ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্টের ক্ষেত্রে মাসে ১৭,৩০০ টাকা। বয়লার অ্যাটেন্ড্যান্ট, ইলেক্ট্রিশিয়ান, মেডিক্যাল ল্যাবরেটরি টেকনিশিয়ান ও হর্টিকালচার অ্যাসিস্ট্যান্টের ক্ষেত্রে মাসে ১৪,৬০০ টাকা।

এর আগে কোথাও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকলে অথবা ১ বছর বা তার বেশি সময়ের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করবেন না। ১-৭-২০২৩-এর আগে যোগ্যতামান নির্ণায়ক পরীক্ষায় পাশ করে থাকলে আবেদন করবেন না।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে।

প্রথমে অ্যাপ্রেন্টিস হিসেবে রেজিস্ট্রেশন করতে হবে ট্রেড অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে এই ওয়েবসাইট: https://apprenticeshipindia.gov.in এবং গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস ও টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://nats.education.gov.in

রেজিস্ট্রেশনের পর অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rcfltd.com আবেদনের সময় প্রার্থীর জেপিজি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা রঙিন পাসপোর্ট মাপের ফটো (৭৫ কেবি সাইজের মধ্যে) এবং সই (২৫ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

আবেদনের শেষ তারিখ ২০ সেপ্টেম্বর।

অনলাইন আবেদনপত্র সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন সংস্থার এই ওয়েবসাইট: www.rcfltd.com

# রাষ্ট্রায়ত্ত সংস্থায় ১১০

*প্রথম পাতার পর*

সেই সঙ্গে সিএ বা আইসিডব্লুএ ইন্টারমিডিয়েট পাশ। স্যাপ-এফআইসিও-সহ কম্পিউটার-জ্ঞান থাকলে অগ্রাধিকার। পাশাপাশি, সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। **বেতনক্রম**: ২২,৯০০-৫৫,৯০০ টাকা।

**টেকনিশিয়ান (সার্ভে)**: ১২টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা**: সার্ভেতে আইটিআই বা ডিপ্লোমা। সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। **বেতনক্রম**: ২০,২০০-৪৯,৩০০ টাকা।

**টেকনিশিয়ান (স্যাম্পলিং)**: ৭টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, ওবিসি ২)। এর মধ্যে ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা**: বি এসসি। সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। **বেতনক্রম**: ২০,২০০-৪৯,৩০০ টাকা।

**অ্যাসিস্ট্যান্ট (মেটেরিয়ালস)**: ১৬টি (সাধারণ ৪, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ৩, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ৬টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা**: ম্যাথমেটিক্স-সহ স্নাতক। অথবা বি কম। স্যাপ-এমএম-সহ কম্পিউটার-জ্ঞান থাকলে অগ্রাধিকার। **বেতনক্রম**: ২০,২০০-৪৯,৩০০ টাকা।

**অ্যাসিস্ট্যান্ট (অ্যাকাউন্টস)**: ১০টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ৪টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা**: বি কম। স্যাপ-এফআইসিও-সহ কম্পিউটার-জ্ঞান থাকলে অগ্রাধিকার। **বেতনক্রম**: ২০,২০০-৪৯,৩০০ টাকা।

**স্টেনোগ্রাফার (ইংলিশ)**: ৪টি (তফসিলি উপজাতি ১, ওবিসি ৩)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা**: স্নাতক। ইংরেজি শর্টহ্যান্ডে মিনিটে ৮০টি শব্দের গতি থাকতে হবে। কম্পিউটার-জ্ঞান থাকলে অগ্রাধিকার। **বেতনক্রম**: ২০,২০০-৪৯,৩০০ টাকা।

**ইলেক্ট্রিশিয়ান**: ৭টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা**: ইলেক্ট্রিক্যালে আইটিআই বা ডিপ্লোমা। সেই সঙ্গে বৈধ ওয়্যারম্যান সার্টিফিকেট থাকতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। **বেতনক্রম**: ২০,২০০-৪৯,৩০০ টাকা।

**টেকনিশিয়ান (ড্রিলিং)**: ১২টি (তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ৪, ওবিসি ৪)। সব ক'টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা**: আর্থ মুভিং মেশিনারি বা ডিজেল মেকানিক বা মোটর মেকানিক বা ফিটার ট্রেডে আইটিআই অথবা ড্রিলিং বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। সেই সঙ্গে বৈধ হেভি মোটর ভেহিক্যল ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। পাশাপাশি, সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। **বেতনক্রম**: ২০,২০০-৪৯,৩০০ টাকা।

**মেকানিক-কাম-অপারেটর (ড্রিলিং)**: ৩০টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৩, ওবিসি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ৭)। এর মধ্যে ৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা**: আর্থ মুভিং মেশিনারি বা ডিজেল মেকানিক বা মোটর মেকানিক বা ফিটার ট্রেডে আইটিআই অথবা ড্রিলিং বা অটোমোবাইল বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। পাশাপাশি, সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। **বেতনক্রম**: ২০,২০০-৪৯,৩০০ টাকা।

**জুনিয়র ড্রাইভার**: ৬টি (সাধারণ ৩, তফসিলি উপজাতি ১, ওবিসি ২)। এর মধ্যে ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা**: মাধ্যমিক। পাশাপাশি, লাইট ও হেভি মোটর ভেহিক্যল ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। **বেতনক্রম**: ১৯,৬০০-৪৭,৯০০ টাকা।

সব ক্ষেত্রেই প্রার্থীকে মোট অন্তত ৪৫ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

**বয়স**: ১-৯-২০২৬ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রাথমিক ভাবে শিক্ষা ক্ষেত্রে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের লিখিত পরীক্ষা, নথিপত্র যাচাই এবং স্কিল টেস্ট বা ট্রেড টেস্টের মাধ্যমে নির্বাচিত করা হবে। পরীক্ষাকেন্দ্র নাগপুর।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mecl.co.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে।

অনলাইন দরখাস্ত করা যাবে ১২ সেপ্টেম্বর থেকে ১১ অক্টোবর পর্যন্ত। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো ও সই-সহ প্রয়োজনীয় যাবতীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল স্ক্যান করে আপলোড করতে হবে।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মী প্রার্থীদের ফি দিতে হবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।


স্বনির্ভরতার সন্ধান

# স্প্রিং তৈরির ব্যবসায় ভালো উপার্জন

**জাহাজ থেকে ডটপেন, সোফা থেকে ঘাড় নাড়া পুতুল— এই সব কিছু তৈরিতেই অবশ্য প্রয়োজনীয় উপাদান স্প্রিং। বাড়িতে মেশিনে স্প্রিং তৈরি করে ছোট মাত্রায় ব্যবসা শুরু করতে পারেন। ভালো লাভ।**

**নিজস্ব প্রতিনিধি:** সোফা, আসবাব, পুতুল, পেন থেকে শুরু করে বিভিন্ন ধরনের মেশিন তৈরি করতে স্প্রিংয়ের প্রয়োজন। তামা, লোহা, স্টিল— নানা উপাদানের ও নানা আকারের স্প্রিংয়ের চাহিদা সব সময়ই রয়েছে।

জাহাজ তৈরিতে যেমন স্প্রিং লাগে, তেমনই ডটপেনও কাজ করতে পারে না স্প্রিং না থাকলে। তাই নিঃসন্দেহে এই ব্যবসা লাভজনক। স্প্রিং তৈরির ব্যবসা বড় আকারে কারখানা স্থাপন করে করা যায়, আবার ছোট আকারে বাড়িতে বসেও করা যায়। বেকার তরুণ-তরুণীদের এই ব্যবসা উপার্জনের দিশা দেখাবে।



প্রথমে ছোট আকারে স্প্রিং তৈরির ব্যবসা শুরু করতে পারেন। এর জন্য প্রয়োজন স্প্রিং তৈরির মেশিন।

## স্প্রিং তৈরি

স্প্রিং তৈরির উপাদান তামা, লোহা বা স্টিলের তার। এর মধ্যে যে-কোনও একটি উপাদান দিয়ে বা একাধিক উপাদান দিয়েও একই মেশিনে স্প্রিং তৈরি করা যায়। হোলসেলে তার কিনলে দাম অনেকটাই কম পড়ে। কলকাতায় হোলসেলে তার পাওয়া যায় বড়বাজার অঞ্চলে। তামা ও স্টিলের তারের চেয়ে লোহার তারের দাম অনেকটাই কম। মেশিনের রোলারে তার জড়িয়ে মেশিন চালু করলে নির্দিষ্ট পদ্ধতিতে সরু-মোটা বিভিন্ন আকৃতির স্প্রিং তৈরি হয়ে যায়। তারপর নির্দিষ্ট মাপ অনুযায়ী সেই স্প্রিং কাটিং করে নিতে হবে।

অটোমেটিক স্প্রিং তৈরির মেশিন ঘণ্টায় ৩০ কেজি পর্যন্ত স্প্রিং তৈরি করতে পারে। স্প্রিং তৈরির মেশিনের জন্য ২ হর্স পাওয়ারের মেশিন লাগে। বিদ্যুৎ লাগবে ২২০ থেকে ৪৪০ ভোল্ট।

মেশিন পাওয়া যাবে ভারত মেশিন টুলস ইন্ডাস্ট্রিতে। এদের অটোমেটিক মেশিনের দাম পড়বে ১,৫০,০০০ টাকা। আগে সেমি অটোমেটিক বা হস্তচালিত মেশিন পাওয়া গেলেও এখন সেগুলির চাহিদা কম।

**মেশিন কোথায় পাবেন:** ভারত মেশিন টুলস ইন্ডাস্ট্রি, ৬১, গণেশচন্দ্র অ্যাভিনিউ, কলকাতা-৭০০ ০১৩, ফোন- (০৩৩)২২৩৬-৮০১৫, ৯৪৩২৪-২২০৮৬।

# হাতের কাজের ব্যবসাটাকে বড় আকারে করব, এই আমার স্বপ্ন

**পশ্চিম মেদিনীপুরের জঙ্গলে ঘেরা ছোট্ট টাউন চকতারিণীর এক তরুণী, হস্তশিল্প সামগ্রী তৈরি করে নিজস্ব পরিচিতি গড়ে তুলেছেন কলকাতা শহরেও। তাঁর যে-কোনও সৃষ্টিতেই থাকে লাল মাটির আঘ্রাণ। ব্যবহার করেন মাটি, গাছপালা ও ফুল থেকে তৈরি প্রাকৃতিক রং। সরকারি ভাবে স্বীকৃত আর্টিজান নীলাঞ্জনা দে 'কর্মক্ষেত্র'কে জানালেন তাঁর উদ্যোগের কথা।**



কলকাতা থেকে শালবনী অন্তত ১৫০ কিলোমিটার দূরে। সদ্য ফিজিক্যাল এডুকেশনের ব্যাচেলর্স ডিগ্রির পড়াশোনা সম্পূর্ণ করেছি। পড়াশোনার পাশাপাশি ছোটবেলা থেকেই হস্তশিল্পের প্রতি ছিল দুর্নিবার এক টান। খাতায় আঁকাআঁকি দিয়ে শুরু। রং ও প্যাটার্ন নিয়ে কাজ শুরু স্কুলে পড়ার সময় থেকে। ক্রমশ বিভিন্ন ঘরোয়া সামগ্রী হয়ে উঠল কাজের মাধ্যম। কাচ, কাঠ, পোশাক, হাতপাখা, কুলো, মাটির সরা, চায়ের কেটলি, বোতল, মাটির ঘট ও জালা, বাস্কেট, স্লেট— যে-কোনও জিনিসের উপরই তেল রং ও জল রং ব্যবহার করে ছবি ও নকশা ফুটিয়ে তোলার কাজ করতে করতে হাত পাকিয়েছি। রাজ্য স্তরে আর্টিজানের স্বীকৃতি পেয়েছি।

আমাদের এখানে শাল গাছের জঙ্গল রয়েছে। গ্রীষ্মের শুরুতে জঙ্গলে প্রচুর ফুল ফোটে। ফুলের রং মূলত সাদা আর হলুদ মেশানো। আরও কিছু দিন পরে শালের বড় বড় সবুজ পাতা লাল রং ধারণ করে। শালবনীর বিভিন্ন এলাকায় জঙ্গল-প্রান্তের আদিবাসী গ্রামগুলিতে, জ্যৈষ্ঠ মাসে মাটির ঘরের দেওয়ালে আলপনা আঁকেন মূলত মহিলারা। তাঁরা প্রথাগত অঙ্কন শেখেননি। খেয়াল করলে দেখা যাবে, আদিবাসী মহিলাদের হাতে ফুটে ওঠা আলপনার মূল থিম প্রকৃতি। রং কেনার ক্ষমতা নেই ওঁদের। লাল মাটি, গাছের পাতার নির্যাস থেকে তাঁরা নিজেরাই রং তৈরি করেন। রং ঘন করার জন্য গাছের আঠা ব্যবহার করা হয়।

জঙ্গলের ওই রূপবদল, আদিবাসী মানুষদের অঙ্কনরীতি আমার কাজে গভীর প্রভাব ফেলেছে। প্রাকৃতিক রং তৈরির লক্ষ্যে পরীক্ষানিরীক্ষা শুরু করেছি। বিশেষ করে পোশাকে ব্যবহারের জন্য। সিল্ক, তসর, সুতি, পাট, কলাগাছের তন্তু নিয়ে কাজ করছি।

মেলা এবং প্রদর্শনীতে অংশ নিই, তবে শালবনীর চকতারিণী থেকে ঘন ঘন কলকাতায় যেতে পারি না। কলকাতায় আমার ক্রেতারা রয়েছেন। মাটি, কাচের তৈরি সামগ্রী ক্যুরিয়ারে পাঠাই। তবে ভেঙে যাওয়ার আশঙ্কা তো থাকেই। জিনিসের দামও বাড়ে। এ জন্যই সম্প্রতি পোশাক নিয়ে কাজ শুরু করেছি। ক্রেতারা আমার পণ্য থেকে মাটির আঘ্রাণটিই পেতে চান। একটা ব্যাপারে এখন আমি প্রত্যয়ী, হাতের কাজের ব্যবসাটাই আমি করব ও আরও বড় আকারে করব।

হস্তশিল্প সংক্রান্ত কোনও তথ্যের বিষয়ে আগ্রহীরা প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ৯৩৩৩৩-৫৭৭৩৬ (সকাল ১০টা থেকে বেলা ১২টার মধ্যে)।

# গ্রুপ 'ডি' নিয়োগে ফের উদ্যোগী রেল

### শূন্যপদ অন্তত ৩০ হাজার

**নিজস্ব প্রতিনিধি:** সেন্ট্রালাইজড এমপ্লয়মেন্ট নোটিস নম্বর: ০৯/২০২৫ অনুসারে রেলে গ্রুপ 'ডি' (লেভেল-ওয়ান) নিয়োগের প্রক্রিয়া চলছে। চলতি নিয়োগাভিযানের মধ্যেই রেল বোর্ড গ্রুপ 'ডি' পদে পরবর্তী নিয়োগের জন্য শূন্যপদ যাচাইয়ের কাজ শুরু করেছে। এ ব্যাপারে ৪ অগস্ট একটি চিঠি (নম্বর: E (MPP)/2026/20/08 dated 04. 08. 2026) রেলের জোনাল অফিসগুলিতে পাঠিয়েছে রেল বোর্ড।

রেল বোর্ডের এই চিঠির প্রেক্ষিতে ৫ অগস্ট, পশ্চিম রেলের মুম্বইয়ের সদর দপ্তর একটি নির্দেশিকায় (E (R&T)890/4/Indent/HRMS/OIRMS-2026 (Comp. No.708091)) রেলের বিভিন্ন ডিভিশন ও ইউনিটগুলিকে লেভেল-ওয়ান তথা গ্রুপ-'ডি'র ১২টি বিভাগে অ্যাসিস্ট্যান্ট এবং পয়েন্টসম্যান-বি ও ট্র্যাক মেইন্টেনার-ফোরের শূন্যপদ জরুরি ভিত্তিতে নির্ধারণ করতে বলেছে।

২০২৬-২৭-এর পর্যায়ক্রমিক গ্রুপ 'ডি' নিয়োগের ক্ষেত্রে শূন্যপদের সম্ভাব্য সংখ্যা ৩০ হাজার ছাড়িয়ে যেতে পারে বলে ওয়াকিবহাল মহল মনে করছে।

প্রসঙ্গত, সেন্ট্রালাইজড এমপ্লয়মেন্ট নোটিস নম্বর: ০৯/২০২৫ অনুসারে গ্রুপ 'ডি'র অন্তত ২২,১৯৫টি শূন্যপদ পূরণ করা হবে বলে আগেই ঘোষণা করেছে রেল। এর জন্য আবেদন করেছেন ৫২ লক্ষের বেশি প্রার্থী। নিয়োগের কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা হয়েছে এ বছরের অগস্টে।






WE ARE HIRING!

Ganesh

**Ganesh Consumer Products Limited** is looking for young dynamic professionals for the following posts:

**1. Promoters / Merchandisers** (Modern Trade)
**Exp:** 2 years
**Key Responsibilities:** Product sampling, customer engagement and stock management.
**No of Positions:** 10 | **CTC:** upto ₹ 2.5 LPA

**2. Promoters / Merchandisers** (General Trade)
**Exp:** 0 - 2 years (Freshers can also apply)
**Primary Role:** Product sampling, customer engagement and stock management.
**No of Positions:** 50 | **CTC:** Upto ₹ 2.5 LPA

• Fixed monthly salary • Travel & daily allowances
• Variable performance-based incentives

Interested candidates (male & female) may sent their CV to: **WhatsApp:** 9123031691
**Email:** hr@ganeshconsumer.com

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। **প্রধান সম্পাদক:** অমরেন্দ্র চক্রবর্তী **সম্পাদক:** মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in